# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ১ | বাংলাদেশ শ্রম আইনে কয়টি ধারা এবং অধ্যায় ? | অধ্যায় ২১ টি , ধারা ৩৫৪ টা ( এগুলোর মধ্যে কিছু ধারা বিলুপ্ত বা সংশোধিত) | | | |
| ২ | বাংলাদেশ শ্রম আইনে কয়টি বিধিএবং অধ্যায় ? | অধ্যায় ১৯ টি , বিধি ৩৬৭ টা (এগুলোর মধ্যে কিছু বিধি বিলুপ্ত বা সংশোধিত) | | | |
| ৩ | বাংলাদেশ শ্রম আইনে কয়টি তফসীল ? | তফসিল ০২ টি ; ( ০১ টি শ্রম আইন , ০১ টি শ্রম বিধি)<br>শ্রম আইন - তফসীল: অধ্যায় ৫টা<br>শ্রম বিধি - তফসীল: অধ্যায় ৭টা | | | |
| ৪ | বাংলাদেশ শ্রম আইনে কয়টি ফরম রয়েছে? | ৮১ টি | | | |
| ৫ | উৎসব ভাতা কি? | কোনো কারখানা বা প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদেরকে তাহাদের স্ব স্ব ধর্মীয় উৎসবের প্রাক্কালে প্রদেয় বিধি দ্বারা নির্ধারিত উৎসব ভাতা।] [২০১৮ সনের ৫৮নং আইন দ্বারা সন্নিবেশিত হয়েছে] | ২ (২ক) | | |
| ৬ | কত জন শ্রমিক কাজ করলে একটি প্রতিষ্টানকে কারখানা বলে? | বছরে ৫ জন | ২(৭) | | |
| ৭ | কিশোর শ্রমিকের বয়স কত বছর পর্যন্ত? | ১৪ বছরের উর্দ্ধে - ১৮ এর নিচে | ২(৮) | | |
| ৮ | শিশু শ্রমিকের বয়স কত বছর পর্যন্ত? | ১-১৪ বছর | ২(৬৩) | | |
| ৯ | নিয়োগপত্র এবং আইডি কার্ড দেওয়া কি বাধ্যতামূলক? | নিয়োগপত্র প্রদান না করে কোন শ্রমিক নিয়োগ দেয়া যাবে না এবং প্রত্যেককে ছবিসহ পরিচয়পত্র দিতে হবে। | ৫ | ১৯ | |
| ১০ | সার্ভিস বই কার হেফাজতে থাকবে ? | প্রত্যেক সার্ভিস বই মালিকের হেফাজতে থাকবে। | ৬(২) | | |
| ১১ | খোরাকী ভাতা কি ? | মূল মজুরী, মহার্ঘ ভাতা এবং এডহক বা অন্তবর্তী মজুরী, যদি থাকে, এর অর্ধেক | ৯ | | |
| ১২ | গ্রাচুইটি কি ? | কোন শ্রমিকের প্রতি পূর্ণ বৎসর চাকুরী অথবা ছয় মাসের অতিরিক্ত সময়ের চাকুরীর জন্য তাহার সর্বশেষ প্রাপ্ত মজুরী হারে ন্যূনতম ৩০ দিনের মজুরী অথবা ১০ বৎসরের অধিককাল চাকুরীর ক্ষেত্রে তাহার সর্বশেষ প্রাপ্ত মজুরী হারে ৪৫ দিনের মজুরী যাহা উক্ত শ্রমিককে তাহার চাকুরীর অবসানে প্রদেয়। | ১০ | | |
| ১৩ | কত দিন কাজ করলে ১ বছর এবং ৬ মাস গননা করা হয়? | কোন শ্রমিক কোন প্রতিষ্ঠানে পূর্ববর্তী বার পুঞ্জিকা মাসে বাস্তবে অন্তত ঃ ২৪০ দিন বা ১২০ দিন কাজ করে থাকেন , তাহলে তিনি যথাক্রমে ০১ বৎসর বা ০৬ মাস প্রতিষ্ঠানে অবিচ্ছিন্নভাবে কাজ করেছেন বলে গনা হবে। তবে সে ক্ষেত্রে কোন শ্রমিকের বাস্তবে কাজ করার দিন গননার ক্ষেত্রে নি„লিখিত দিনগুলিও গণনায় আনা হবে, যথাঃ-<br>১. তার লে- অফের দিন গুলো ।<br>২.অসুস্থতা বা দূর্ঘটনার কারনে মজুরীসহ বা বিনা মজুরীতে ছুটির দিনগুলো।<br>৩.বৈধ ধর্মঘট বা অবৈধ লক-আউটের কারনে কর্মহীন দিনগুলো ।<br>৪. মহিলা শ্রমিকগনের ক্ষেত্রে অনধিক ১৬ সপ্তাহ পর্যন্ত প্রসুতি ছুটি। | ১৪ | | |
| ১৪ | দিন কি? | ”দিন” অর্থ ভোর ছয় ঘটিকা হইতে শুরু করিয়া কোন চব্বিশ ঘণ্টা সময় | ১৯ | | |
| ১৫ | একজন শ্রমিককে কত টাকা জরিমানা করা যাবে ? | কোন মজুরী মেয়াদে প্রদেয় মজুরীর এক দশমাংশের আধিক পরিমান অংশ কোন শ্রমিকে জরিমানা করা যাবে না । | ২৫(১) | | |
| ১৬ | একজন শ্রমিককে কত টাকা জরিমানা করা যাবে ? | কোন মজুরী মেয়াদে প্রদেয় মজুরীর এক দশমাংশের আধিক পরিমান অংশ কোন শ্রমিকে জরিমানা করা যাবে না । | ২৫(১) | | |
| ১৭ | কার উপরে জরিমানা আরোপ করা যাবেনা? | ১৫ বৎসরের কম বয়স্ক শ্রমিকের উপর জরিমানা করা যাবে না। | ২৫(২) | | |
| ১৮ | কত দিনের মধ্যে জরিমানার টাকা আদায় করতে হবে? | জরিমানা আরোপের ৬০ দিন পর আর জরিমানা আদায় করা যাবে না। | ২৫(৩) | | |
| ১৯ | জরিমানার টাকা কোথায় ব্যায় করা যাবে ? | সকল জরিমানার টাকা মালিক কর্তৃক একটি রেজিষ্টারে লিপিবদ্ধ করা হবে এবং আদায়কৃত জরিমানার টাকা শ্রমিকগনের জকল্যানমূলক কাজে ব্যয় করা যাবে । | ২৫(৫) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

Prepared by
Md. Hasan Mahmud Tuhin
Masters : Mathematics ,PGDHRM, PGD on Compliance
Cell: 01828080026 , Email: hmahmud.information@gmail.com
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ২০ | কত বৎসর বয়স হলে চাকুরী থেকে অবসর নেওয়া যাবে? | ৬০ বৎসর পূর্ণ হলে অবসর দেওয়া যাবে । | ২৮ | | |
| ২১ | শ্রমিককে ডাক্তারের সক্ষমতা প্রদান প্রয়োজন কি না? | ডাক্তার কতৃক সক্ষমতার প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। | ৩৭ | | |
| ২২ | মজুরী কি ? | "মজুরী" অর্থ টাকায় প্রকাশ করা হয় বা যায় এমন সকল পারিশ্রমিক যাহা চাকুরীর শর্তাবলী, প্রকাশ্য বা উহ্য যেভাবেই থাকুক না কেন পালন করা হইলে কোন শ্রমিককে তাহার চাকুরীর জন্য বা কাজ করার জন্য প্রদেয় হয়, এবং উক্তরূপ প্রকৃতির অন্য কোন অতিরিক্ত প্রদেয় পারিশ্রমিকও ইহার অর্ন্তভুক্ত হইবে, তবে নিম্নলিখিত অর্থ ইহার অর্ন্তভুক্ত হইবে না। | ৪৫ | | |
| ২৩ | রেজিস্টার্ড চিকিৎসক কি ? | "রেজিস্টার্ড চিকিৎসক" অর্থ চিকিৎসক হিসাবে মেডিক্যাল এবং ডেন্টাল কাউন্সিল আইন, ১৯৮০ (১৯৮০ সনের ১৬নং আইন) এর অধীন রেজিস্ট্রিকৃত কোন ব্যক্তি। | ৫৪ | | |
| ২৪ | কাজের ধরন ও প্রকৃতির ভিত্তিতে শ্রমিকগণকে কয় শ্রেণীতে বিভক্ত করা হয়েছে ? | **৭ শ্রেনীতে** ; (ক) শিক্ষাধীন (খ) বদলী (গ) সাময়িক (ঘ) অস্থায়ী (ঙ) শিক্ষানবিশ (চ) স্থায়ী ও (ছ) মৌসুমী শ্রমিক | ৪ | | |
| ২৫ | শ্রমিক সার্ভিস বইয়ের একটি কপি সংরক্ষণ করিতে চাইলে কি করিতে হবে? | নিজ খরচে করতে হবে | ৬(৬) | | |
| ২৬ | কাজ বন্ধের মেয়াদ কত কর্ম দিবসের অধিক হইলে সংশ্লিষ্ট শ্রমিকগণকে ধারা ১৬ এর বিধান অনুযায়ী লে-অফ করা হইবে? | তিন কর্ম দিবসের অধিক | ১২(৮) | | |
| ২৭ | "এক বৎসর" , "ছয় মাস" এবং "মজুরী" গণনা | পূর্ববর্তী বার পঞ্জিকা মাসে বাস্তবে অন্ততঃ দুইশত চল্লিশ দিন বা একশত বিশ দিন কাজ করিয়া থাকেন, তাহা হইলে তিনি যথাক্রমে "এক বৎসর" বা "ছয় মাস" প্রতিষ্ঠানে অবিচ্ছিন্নভাবে কাজ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন। | ১৪ | | |
| ২৮ | লে-অফকৃত শ্রমিকগণের ক্ষতিপূরণের অধিকার শর্ত কি ? | যাহার নাম কোন প্রতিষ্ঠানের মাস্টার রোলে অন্তর্ভুক্ত আছে এবং যিনি মালিকের অধীন অন্ততঃ এক বৎসর চাকুরী সম্পূর্ণ করিয়াছেন | ১৬(১) | | |
| ২৯ | সর্ব্বোর্চ কত দিন লে-অফকৃত শ্রমিকগণের ক্ষতিপূরণ পাওয়া যাবে ? | উপ-ধারা (৪) এ যাহা কিছুই থাকুক না কেন, যদি কোন পঞ্জিকা বৎসরে কোন শ্রমিককে অবিচ্ছিন্নভাবে বা বিচ্ছিন্নভাবে পঁয়তাল্লিশ দিনের অধিক সময়ের জন্য লে-অফ করা হয়, এবং উক্ত পঁয়তাল্লিশ দিনের পর লে-অফের সময় যদি আরোও পনের দিন বা তদূর্ধ্ব হয়, তাহা হইলে উক্ত শ্রমিককে, শ্রমিক এবং মালিকের মধ্যে ভিন্নরূপে কোন চুক্তি না থাকিলে, পরবর্তী প্রত্যেক পনের বা তদূর্ধ্ব দিনসমূহের লে-অফের জন্য ক্ষতিপূরণ প্রদান করিতে হইবে। | ১৬(৫) | | |
| ৩০ | লে-অফের পরিবর্তে শ্রমিককে ছাঁটাই করা যাবে কিনা? | লে-অফের পরিবর্তে ধারা ২০(প্রয়োজন অতিরিক্ততার কারণে) এর অধীন ছাঁটাই করা যাবে। | ১৬(৭) | | |
| ৩১ | কোন কোন ক্ষেত্রে লে-অফকৃত শ্রমিকগণ ক্ষতিপূরণ পাইবার অধিকারী হইবেনা ? | **১৮ (১) (ক)** তিনি একই প্রতিষ্ঠানে বা একই মালিকের অধীন একই শহরে বা গ্রামে অথবা আট কিলোমিটার দূরত্বের মধ্যে অবস্থিত ভিন্ন কোন প্রতিষ্ঠানে দক্ষতা বা পূর্ব অভিজ্ঞতার প্রয়োজন নাই-এরূপ কোন বিকল্প পদে একই মজুরীতে কাজ গ্রহণ করিতে অস্বীকার করেন।<br>**১৮ (১) (খ)** তিনি মালিকের নির্দেশ সত্ত্বেও অন্ততঃ দিনে একবার প্রতিষ্ঠানের স্বাভাবিক কর্ম সময়ের মধ্যে কোন নির্দিষ্ট সময়ে কাজের জন্য হাজিরা না দেন। | ১৮ (১) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৩২ | মৃত্যুজনিত ক্ষতিপূরণ কি? | যদি কোন শ্রমিক কোন মালিকের অধীন অবিচ্ছিন্নভাবে অন্ততঃ ০২(দুই) বৎসরের অধিককাল চাকুরীরত থাকা অবস্থায় মৃত্যুবরণ করেন, তাহা হইলে মালিক মৃত শ্রমিকের কোন মনোনীত ব্যক্তি বা মনোনীত ব্যক্তির অবর্তমানে তাহার কোন পোষ্যকে তাহার প্রত্যেক পূর্ণ বৎসর বা উহার ০৬ (ছয়) মাসের অধিক সময় চাকুরীর জন্য ক্ষতিপূরণ হিসাবে ৩০(ত্রিশ) দিনের এবং প্রতিষ্ঠানে কর্মরত অবস্থায় অথবা কর্মকালীন দুর্ঘটনার কারণে পরবর্তীতে মৃত্যুর ক্ষেত্রে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মজুরী অথবা গ্রাচুইটি, যাহা অধিক হইবে, প্রদান করিবেন, এবং এই অর্থ মৃত শ্রমিক চাকুরী হইতে অবসর গ্রহণ করিলে যে অবসর জনিত সুবিধা প্রাপ্ত হইতেন, তাহার অতিরিক্ত হিসাবে প্রদেয় হইবে। | ১৯ | | |
| ৩৩ | কি কারনে চাকুরী থেকে শ্রমিক ছাটাই করা যাবে ? | কোন শ্রমিককে প্রয়োজনে অতিরিক্ততার কারনে কোন প্রতিষ্ঠান হতে ছাটাই করা যাবে । | ২০(১) | | |
| ৩৪ | চাকুরী হতে কোন শ্রমিককে ডিসচার্জ করা যাবে ? | রেজিস্টার ডাক্তার কর্তৃক শারিরিক ,মানসিক অক্ষমতা বা অব্যহত ভগ্ন স্বাস্থের কারনে চাকুরী হইতে ডিসচার্জ করা হইবে । | ২২ | | |
| ৫২ | অসদাচরনের জন্য বরখাস্ত হলে কি ক্ষতিপূরন পাওয়া যাবে? | অসদা রনের জন্য বরখাস্ত হলে তিনি কোন ক্ষতিপূরন পাবে না। | ২৩ (4-L) | | |
| ৩৫ | ধারা ১২ এর উপ-ধারা (৮) অথবা ধারা ১৩ অনুযায়ী প্রতিষ্ঠান বন্ধ করা হইলে সংশ্লিষ্ট পরিদর্শককের কিভাবে অবগত করিতে হইবে? | সংশ্লিষ্ট ক্ষতিগ্রস্থ ও কর্মহীন শ্রমিকের সংখ্যা উল্লেখসহ উক্তরূপ লে-অফ বা বন্ধের নোটিস ও ফরম-১০ অনুযায়ী একটি বিবরণী অনতিবিলম্বে সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট প্রেরণ করিতে হইবে। | | ২৫(১) | ১০ |
| ৩৬ | লে-অফকৃত প্রতিষ্ঠান বা কারখানার লে-অফ বা বন্ধ কত দিনের অধিক কিভাবে শ্রমিকদেরকে ছাঁটাই করা যাইবে ? | ৪৫ দিনের অধিক হইলে ধারা ২০ মোতাবেক সকল পাওনা পরিশোধপূর্বক শ্রমিকদেরকে ছাঁটাই করা যাইবে। তবে শর্ত থাকে যে, কোন প্রতিষ্ঠান বা কারখানা ধারা ১৩ (বেআইনি ধর্মঘট) এর অধীন বন্ধ হইলে কোন শ্রমিক ধারা ২০ (২)(ক) অনুযায়ী নোটিস বা নোটিশের পরিবর্তে মজুরি পাইবে না। | | ২৫(২) | |
| ৩৭ | লে-অফকৃত শ্রমিকদের মাস্টার রোল কিভাবে সংরক্ষণ করিতে হইবে? | ফরম-১০(ক) অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে | | ২৬ | ১০ (ক) |
| ৩৮ | ধারা ২০ এর উপ-ধারা (২) [ কোন শ্রমিক যদি কোন মালিকের অধীনে অবিচ্ছিন্নভাবে অনূযন এক বৎসর চাকুরীতে নিয়োজিত] এর দফা (ক) [ছাঁটাইয়ের কারণ উল্লেখ করিয়া এক মাসের লিখিত নোটিশ দিতে হইবে] মোতাবেক শ্রমিককে প্রদত্ত ছাঁটাইয়ের নোটিশে কি কি তথ্য সমূহের উল্লেখ থাকিতে হইবে? | যথা: (ক) প্রতিষ্ঠানের নাম; (খ) শ্রমিকের নাম, পদবি ও কার্ড নম্বর; (গ) ছাঁটাইয়ের কারণ; (ঘ) ছাঁটাই কার্যকর হইবার তারিখ; (ঙ) মোট চাকরিকাল; (চ) শ্রমিকের প্রাপ্য তা: (১) নোটিস পে (প্রযোজ্য ক্ষেত্রে); (২) গ্রাচুইটি বা ক্ষতিপূরণ; (৩) অভোগকৃত বার্ষিক ছুটির মজুরি; ৪) বকেয়া মজুরি, অন্যান্য ভাতা ও অধিকাল ভাতা (যদি পাওনা থাকে); এবং (ছ) পাওনা পরিশোধের তারিখ। [ধারা ২০(১)-কোন শ্রমিককে প্রয়োজন অতিরিক্ততার কারণে ] | | ২৭ | |
| ৩৯ | চাকরি হইতে ডিসচার্জ ধারা ২২ এ বর্ণিত রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক শ্রমিকের অক্ষমতার প্রত্যয়নপত্র কত ফরম অনুযায়ী হইতে হইবে ? | ফরম-১১ অনুযায়ী হইতে হইবে। প্রত্যায়নে শ্রমিক অথবা মালিক সন্তুষ্ট না হইলে তিনি উহা প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে পুনরায় পরীক্ষা করিবার জন্য সরকারি মেডিকেল কলেজের অন্যূন সহকারী অধ্যাপকের পদমর্যাদাসম্পন্ন কোন বিশেষজ্ঞ চিকিৎসকের নিকট পেশ করিতে পারিবেন এবং উক্ত পুনঃপরীক্ষার খরচ আবেদনকারীকে বহন করিতে হইবে। | | ২৮ | ১১ |
| ৪০ | আকস্মিক প্রাকৃতিক বিপর্যয় বা মানুষের নিয়ন্ত্রণ বহির্ভূত বিপর্যয় বা জরুরি প্রয়োজনে মালিক কর্তৃক পরিদর্শককে কত কর্মদিবসের মধ্যে কত নং ফরম অনুযায়ী যাবতীয় তথ্যাদি অবহিত করিতে হইবে? | পরিদর্শককে (৩) তিন কর্মদিবসের মধ্যে নির্ধারিত ফরম-১০ অনুযায়ী যাবতীয় তথ্যাদি অবহিত করিতে হইবে। উক্ত কারখানা বা প্রতিষ্ঠানে উৎপাদন কার্যক্রম পুনরায় চালু হইবার সম্ভবনা থাকিলে মালিক কারখানা বা প্রতিষ্ঠান লে-অফ ঘোষণা করিতে পারিবেন । | | ৩২ | ১০ |
| ৪১ | কারখানা বা প্রতিষ্ঠানের স্থানান্তরের ক্ষেত্রে কারখানা বা প্রতিষ্ঠানের সীমানা হইতে যোগদান এর শর্ত কি কি ? | (১) ৪০ কিলোমিটার দূরত্বের মধ্যে উহা স্থানান্তর করা হইলে, যদি সংশ্লিষ্ট শ্রমিক স্থানান্তরিত স্থানে যাইতে ইচ্ছুক না হন তবে উক্ত শ্রমিক ধারা ২৭ অনুযায়ী সুবিধা পাইবেন;<br>(২) ৪০ কিলোমিটার অধিক দূরত্বে উহা স্থানান্তর করা হইলে, যদি সংশ্লিষ্ট শ্রমিক স্থানান্তরিত স্থানে যাইতে ইচ্ছুক না হন তবে উক্ত শ্রমিক ধারা ২০ মোতাবেক সুবিধা পাইবেন | | ৩২(১)(২) | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

Prepared by
Md. Hasan Mahmud Tuhin
Masters : Mathematics ,PGDHRM, PGD on Compliance
Cell: 01828080026 , Email: hmahmud.information@gmail.com

Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৪২ | কোন ধারার অধীন অসদাচরণের জন্য বরখাস্ত করা হইলে শ্রমিক কোন ক্ষতিপূরণ পাইবেন না? | ধারা ২৩ এর উপ-ধারা (৪) (খ) ও (ছ) । | ২৩ | | |
| ৪৩ | তদন্ত কমিটির সদস্য সংখ্যা কত হবে এবং কয়দিনে তদন্ত শেষ করতে হবে ? | মালিক বা শ্রমিকের সম-সংখ্যক প্রতিনিধি সমন্বয়ে গঠিত তদন্ত কমিটি গঠন হবে । | ২৪ (১)(ঘ) | | |
| ৪৪ | অসদাচরণ এবং দণ্ড প্রাপ্তির ক্ষেত্রে তদন্ত কমিটি গঠনপূর্বক তদন্ত কার্যক্রম কত দিনের মধ্যে রিপোর্ট পেশ করিতে হবে ? | ৬০ (ষাট) দিনের মধ্যে রিপোর্ট পেশ করিতে হবে। ধিক ৬ জন সদস¨ সমন্বয়ে উক্ত তদন্ত কমিটি গঠিত হইবে। অনধিক ৬ জন সদস¨সমন্বয়ে উক্ত তদন্ত কমিটি গঠিত হইবে। তদন্ত কমিটি উপ-কমিটি গঠন করিতে পারিবে। | | ২৯ | |
| ৪৫ | তদন্ত কমিটির কয়দিনে তদন্ত শেষ করতে হবে ? | অসদাচরণের অভিযোগে অভিযুক্ত কোন শ্রমিককে তদন্ত সাপেক্ষে সাময়িকভাবে বরখাস্ত করা যাইবে, এবং যদি না বিষয়টি আদালতে বিচারাধীন থাকে, এই সাময়িক বরখাস্তের মোট মেয়াদ ৬০(ষাট) দিনের অধিক হইবে না | ২৪(২) | | |
| ৪৬ | সাময়িকভাবে বরখাস্তকালীন শ্রমিক কি প্রাপ্য হইবেন? | যদি তদন্তে কোন শ্রমিককে দোষী পাওয়া যায় এবং তাহাকে ধারা ২৩(১) এর অধীন শাস্তি প্রদান করা হয়, তাহা হইলে তিনি তাহার সাময়িক বরখাস্তকালীন সময়ের জন্য কোন মজুরী পাইবেন না, তবে উক্ত সময়ের জন্য তাহার খোরাকী ভাতা প্রাপ্য থাকিবে। | ২৪(৬) | | |
| ৪৭ | জরিমানা সম্পর্কে বিশেষ বিধান কি? | কোন মজুরী মেয়াদে প্রদেয় মজুরীর এক দশমাংশের অধিক পরিমাণ অর্থ কোন শ্রমিককে জরিমানা করা যাইবে না ।পনের বৎসরের কম বয়স্ক কোন শ্রমিকের উপর জরিমানা আরোপ করা যাইবে না। জরিমানা ষাট দিন অতিক্রান্ত হওয়ার পর আদায় করা যাইবে না। | ২৫(১) | | |
| ৪৮ | জরিমানা কত নং ফরম অনুযায়ী একটি রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে ? | ফরম-১২ অনুযায়ী একটি রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে এবং ব¨য়িত অর্থের ভাউচার বা রসিদ রেজিস্টারের সহিত সংযুক্ত করিয়া রাখিতে হইবে। | | ৩০ | ১২ |
| ৪৯ | বরখাস্ত, ইত্যাদি ব্যতীত অন্যভাবে মালিক কর্তৃক শ্রমিকের চাকুরীর অবসানের শর্ত কি? | মাসিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত শ্রমিকের ক্ষেত্রে ১২০ দিনের | ২৬(১)(ক) | | |
| ৫০ | মালিক কর্তৃক শ্রমিকের চাকুরীর অবসানের ক্ষতিপূরণ কি? | কোন স্থায়ী শ্রমিকের চাকুরীর অবসান করা হয় সেক্ষেত্রে, মালিক শ্রমিককে তাহার প্রত্যেক সম্পূর্ণ বৎসরের চাকুরীর জন্য ক্ষতিপূরণ হিসাবে ত্রিশ দিনের মজুরী, অথবা গ্রাচ্যুইটি, যদি প্রদেয় হয়, যাহা অধিক হইবে, প্রদান করিবেন এবং এই ক্ষতিপূরণ এই আইনের অধীন শ্রমিককে প্রদেয় অন্যান্য সুবিধার অতিরিক্ত হইবে। | ২৬(৪) | | |
| ৫৪ | বিনা নোটিশে টার্মিনেট কিভাবে করা যাবে? | মালিক বিনা নোটিশে কোন শ্রমিকের চাকুরী অবসান করতে চাইলে সে ক্ষেত্রে প্রদেয় নোটিশের পরিবর্তে নোটিশ মেয়াদের জন্য মজুরী প্রদান করে ইহা করতে পারবে। | ২৬(৩,১) | | |
| ৫৫ | শ্রমিক কর্তৃক চাকুরীর অবসানের শর্ত কি ? | স্থায়ী শ্রমিক মালিককে ষাট দিনের লিখিত নোটিশ প্রদান করিয়া তাহার চাকুরী হইতে ইস্তফা দিতে পারিবেন। | ২৭(১) | | |
| ৫৬ | কোন শ্রমিক বিনা নোটিশে অথবা বিনা অনুমতিতে ১০ দিনের অধিক কর্মস্থলে অনুপস্থিত থাকিলে কি পদক্ষেপ নিতে হবে? | শ্রমিককে ১০ দিনের সময় প্রদান করিয়া এই সম্পর্কে ব্যাখ্যা প্রদান করিতে এবং চাকুরীতে পুনরায় যোগদানের জন্য নোটিশ প্রদান করিবেন এবং এইরূপ ক্ষেত্রে উক্ত শ্রমিক নির্ধারিত সময়ের মধ্যে লিখিত ব্যাখ্যা প্রদান বা চাকুরীতে যোগদান না করিলে সংশ্লিষ্ট শ্রমিককে তাহার আত্নপক্ষ সমর্থনের জন্য আরো ৭দিন সময় প্রদান করিবেন। তাহাতেও যদি সংশ্লিষ্ট শ্রমিক চাকুরীতে যোগদান অথবা আত্নপক্ষ সমর্থন না করেন তবে, উক্ত শ্রমিক অনুপস্থিতির দিন হইতে চাকুরি হইতে ইস্তফা দিয়াছেন বলিয়া গণ্য হইবেন। | ২৭(৩)(৩ক) | | |
| ৫৭ | শ্রমিক কর্তৃক শ্রমিকের চাকুরীর অবসানের ক্ষতিপূরণ কি? | **(ক)** যদি তিনি পাঁচ বৎসর বা তদূর্ধ্ব, কিন্তু দশ বৎসরের কম মেয়াদে অবিচ্ছিন্নভাবে মালিকের অধীন চাকুরী করিয়া থাকেন তাহা হইলে, চৌদ্দ দিনের মজুরী;<br>**(খ)** যদি তিনি দশ বৎসর বা তদূর্ধ্ব সময় মালিকের অধীনে অবিচ্ছিন্নভাবে চাকুরী করিয়া থাকেন তাহা হইলে, ত্রিশ দিনের মজুরী। | ২৭(৪) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৫৮ | শ্রমিকের অবসর গ্রহনের বয়সসীমা কত? | কোন শ্রমিকের বয়স ৬০ (ষাট) বৎসর পূর্ণ হইলে তিনি চাকুরী হইতে স্বাভাবিক অবসর গ্রহণ করিবেন।বয়স যাচাইয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট শ্রমিকের সার্ভিস বইয়ে লিপিবদ্ধ জন্ম তারিখ উপযুক্ত প্রমাণ হিসাবে গণ্য হইবে। | ২৮ | | |
| ৫৯ | মালিক কতৃর্ক বাসস্থান হইতে উচ্ছেদের সময়সীমা কত? | চাকুরীর অবসানের ৬০ দিনের মধ্যে মালিক কর্তৃক বরাদ্দকৃত বাসস্থান ছাড়িয়া দিতে হবে। | ৩২ | | |
| ৬০ | লে-অফ, ছাঁটাই, ডিসচার্জ, বরখাস্ত, অপসারণ অথবা অন্য যে কোন কারণে চাকুরীর অবসান হইয়াছে এরুপ কোন বিষয় সম্পর্কে যদি কোন অভিযোগ থাকে তবে কতদিনের মধ্যে চিঠি দিতে হইবে? | ৩০(ত্রিশ) দিনের মধ্যে অভিযোগটি লিখিত আকারে **( ফরম-১৪)** রেজিস্ট্রি ডাকযোগে মালিকের নিকট প্রেরণ করিবেন। | ৩৩(১)(৩) | ৩৩ | ১৪ |
| ৬১ | ধারা ৩৩-এর অধীন শ্রম আদালতের আদেশ অমান্য করার দণ্ড কি? | তিনি তিন মাস পর্যন্ত বিনাশ্রম কারাদণ্ডে, অথবা পাঁচ হাজার টাকা পর্যন্ত অর্থ দণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৮৩ | | |
| ৬২ | ধারা ৩৫-এর অধীন কোন শিশুর পিতা-মাতা বা অভিভাবক ধারা ৩৫-এর বিধান লঙ্ঘন করিয়া কোন শিশু সম্পর্কে চুক্তি সম্পাদন করার দণ্ড কি? | তিনি এক হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৮৫ | | |
| ৬৩ | কোন প্রতিষ্ঠানের মালিক শ্রমিকদের বা বিশেষ শ্রেণির শ্রমিকদের চাকরি নিয়ন্ত্রণের উদ্দেশে¨নিজ¯^ চাকরি বিধি প্রবর্তন করিতে চাহিলে কি করিতে হইবে? | মহাপরিদর্শকের নিকট উক্ত চাকরি বিধির খসড়ার অন্তত ০৫(পাঁচ) কপি করিয়া জমা প্রদান করিবেন। | | ৩(১) | |
| ৬৪ | খসড়া জমা প্রদান করিবার সময় উহার সহিত এতদ্‌সংক্রান্ত তথ¨কত নং ফরম অনুযায়ী সংযোজন করিতে হইবে ? | পরিদর্শকের নিকট ফরম-১ অনুযায়ী সংযোজন করিতে হইবে। | | ৩(১) | ১ |
| ৬৫ | নিযুক্ত শ্রমিকদের সংখ¨া ও ট্রেড ইউনিয়নের (যদি থাকে) প্রয়োজনীয় তথ¨াবলি কত নং ফরম অনুযায়ী সংযোজন করিতে হইবে ? | যা পরিদর্শকের নিকট যথাক্রমে ফরম-২ ও ২(ক) অনুযায়ী সংযোজন করিতে হইবে। | | ৩(২) | ২<br>২(ক) |
| ৬৬ | কোন প্রতিষ্ঠান অনুরূপ গ্রুপে যোগদান করিলে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণ কত দিনের মধ্যে উহা পরিদর্শককে অবহিত করিবেন। | পরবর্তী ০৭(সাত) দিনের মধে¨ পরিদর্শককে অবহিত করিবেন। | | ৩(৫)(গ) | |
| ৬৭ | অনুমোদিত চাকরি বিধির অনূ¨ন একটি কপি কত কর্মদিবসের মধে¨ গ্রুপের অন্তর্ভুক্ত উক্ত প্রতিটি প্রতিষ্ঠানের নিকট প্রেরণ করিতে হইবে। | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব¨ক্তি কর্তৃক অনুমোদনের ০৫(পাঁচ) কর্মদিবসের মধে¨। | | ৩(৭) | |
| ৬৮ | খসড়া চাকরি বিধি প্রাপ্তির কত দিনের মধে¨ মহাপরিদর্শক উহার কপি প্রাপ্তি স্বীকারপত্রসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মালিক এবং ট্রেড ইউনিয়ন (যদি থাকে) এর নিকট প্রেরণ করিবেন ? | প্রাপ্তির ১০ (দশ) দিনের মধে¨ মহাপরিদর্শক উহার কপি প্রাপ্তি স্বীকারপত্রসহ রেজিস্ট্রি ডাকযোগে ফরম-৩ অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মালিক এবং ট্রেড ইউনিয়ন (যদি থাকে) এর নিকট একটি নোটিসও প্রেরণ করিবেন। | | ৪(১) | ৩ |
| ৬৯ | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মালিক এবং ট্রেড ইউনিয়ন কত দিনের মধে¨ নোটিস বোর্ডে টাঙ্গাইয়া দিবেন এবং মহাপরিদর্শক বরাবরে প্রত্যায়ন করিবেন? | ৭ (সাত) দিনের মধ্যে নোটিস বোর্ডে টাঙ্গাইয়া দিবেন এবং উহা প্রকাশের তারিখ উল্লেখসহ নোটিসটি প্রকাশ করা হইয়াছে মর্মে মহাপরিদর্শক বরাবরে প্রত¨য়ন করিবেন। | | ৪(২) | |
| ৭০ | চাকরি বিধির খসড়ার উপর শ্রমিকগণ বা ট্রেড ইউনিয়ন কতৃক কোন আপত্তি থাকলে কত দিনের মধ্যে মহাপরিদর্শকের নিকট যুক্তিসহ পেশ করিবেন? | ১০ (দশ) দিনের মধে¨ তাহাদের প্র¯Íাব বা আপত্তি (যদি থাকে) ফরম-৩(ক) অনুযায়ী মহাপরিদর্শকের নিকট যুক্তিসহ পেশ করিবেন। | | ৪(৩) | ৩(ক) |
| ৭২ | চাকুরী বিধি সংশোধন করিতে চাইলে কি করিতে হইবে? | চাকরি বিধির সংশোধনের ক্ষেত্রে বিধি ৩ ও ৪ এ উল্লিখিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে। | | ৪(১) | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৭১ | যে সকল প্রতিষ্ঠানে নিজস্ব চাকরি বিধি প্রচলিত রহিয়াছে সে সকল প্রতিষ্ঠানের মালিক এই বিধিমালা জারি হইবার কত দিনের মধ্যে ¨উহা আইন এবং এই বিধিমালার সহিত সামঞ্জস¨ সাধন করিয়া প্রস্তুতকৃত খসড়া অনুমোদনের জন¨ মহাপরিদর্শকের নিকট পেশ করিবে? | তিন মাসের মধ্যে | | ৫(১) | |
| ৭৩ | ঠিকাদার সংস্থার মাধ্যমে সরবরাহকৃত কোন শ্রমিকের মজুরি কত হবে? | নির্ধারিত মজুরির কম মজুরি প্রদান করিবে না এবং তাহার মূল মজুরি ধার্যকৃত মজুরির ৫০% এর কম হইবে না | | ১৬(২) | |
| ৭৪ | কারাখানার মালিক কারখানার নকশা অনুমোদনের সময় প্রস্তাবিত জনবল ঘোষণা করিতে হবে কিনা? | হ্যা । কারাখানার মালিক কারখানার নকশা অনুমোদনের সময় প্রস্তাবিত জনবল কাঠামো ঘোষণা করিবে। | | ১৬ (৬) | |
| ৭৫ | কারখানার মালিককে চাকরি বিধিমালার সহিত সাংগঠনিক কাঠামো (অর্গানোগ্রাম) অনুমোদন নিতে হইবে কিনা? | প্রত্যেক মালিক তাহার প্রতিষ্ঠানের জন্য চাকরি বিধিমালার সহিত সাংগঠনিক কাঠামো (অর্গানোগ্রাম) প্রণয়ন করিবে যাহা মহাপরিদর্শক কর্তৃক অনুমোদিত হইতে হইবে এবং উক্ত সাংগঠনিক কাঠামোতে শ্রমিকের শ্রেণি, সংখ্যা ও প্রকৃতির উল্লেখ থাকিবে। | | ১৮(১) | |
| ৭৬ | প্রতিষ্ঠানের কাজের ধরন ও প্রকৃতি অনুসারে কোন কাজ কত দিন হলে উক্ত প্রতিষ্ঠানের মূল কাজ বা স্থায়ী কাজ বলিয়া বিবেচিত হইবে ? | এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে শ্রমিকের শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে প্রতিষ্ঠানের কাজের ধরন ও প্রকৃতি অনুসারে কোন কাজ উক্ত প্রতিষ্ঠানের মূল কাজ বা স্থায়ী কাজ বলিয়া বিবেচিত হইবে যাহা প্রতিষ্ঠানে নিরবচ্ছিন্নভাবে ১৮০ (একশত আশি) দিনের অধিক চলমান থাকে। | | ১৮(২) | |
| ৭৭ | নিয়োগপত্র ও পরিচয়পত্র প্রদান এর শর্ত কি? | (১) কোন মালিক নিয়োগপত্র প্রদান না করিয়া কোন শ্রমিককে নিয়োগ করিতে পারিবেন না।<br>(২) কোন প্রতিষ্ঠানে চাকরিকালীন কোন ব¨ক্তিকে কেবল একবার নিয়োগপত্র প্রদান করিতে পারিবে।<br>(৩) কোন শ্রমিকের নিয়োগপত্র হারাইয়া গেলে বা নষ্ট হইলে শ্রমিকের আবেদনের প্রেক্ষিতে তাহার ব¨ক্তিগত ফাইলে রক্ষিত নিয়োগপত্রের ফটোকপি বা হুবহু নকল সরবরাহ করা যাইবে<br>(৫) ফরম-৬ অনুযায়ী মালিকের খরচে ছবিসহ পরিচয়পত্র প্রদান করিবেন। | | ১৯ (১)(২) (৩) (৫) | ৬ |
| ৭৮ | শ্রমিকের পরিচয়পত্র ও নিয়োগত্র কোন ভাষায় প্রদান করিতে হইবে। | ফরম-৬ অনুযায়ী মালিকের খরচে ছবিসহ পরিচয়পত্র প্রদান করিবেন এবং উক্ত পরিচয়পত্র ও নিয়োগপত্র বাংলায় প্রদান করিতে হইবে:<br>তবে শর্ত থাকে যে, প্রয়োজনে উক্ত পরিচয়পত্র ও নিয়োগপত্র ইংরেজিতে প্রদান করা যাইবে। | | ১৯(৫) | ৬ |
| ৭৯ | শ্রমিক পরিচয়পত্র হারাইয়া ফেলিলে কি করা যাইবে? | ৫০ টাকা ফি পরিশোধ সাপেক্ষে নূতন পরিচয়পত্র প্রদান করা যাইবে। | | ১৯(৬) | |
| ৮০ | নিয়োগপত্র, পরিচয়পত্র ও সার্ভিস বহি প্রদান সম্পর্কিত তথ্য কিভাবে সংরক্ষণ করিতে হইবে ? | রেজিস্টারে ফরম-৬(ক) অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে । | | ১৯(৭) | ৬ (ক) |
| ৮১ | সার্ভিস বইয়ের আকার কেমন হইবে? | সার্ভিস বহি ফরম-৭অনুযায়ী হইবে এবং উহাতে শক্ত মলাটসহ টেকসই কাগজের ১৬ টি মুদ্রিত পৃষ্ঠা থাকিতে হইবে। | | ২০(১) | |
| ৮২ | সার্ভিস বহি ফরম-৭অনুযায় সার্ভিস বহিতে তথ¨সমূহ অন্তর্ভুক্তিকরণের উদ্দেশ¨ উহার মলাট ব¨তীত পৃষ্ঠাসমূহ কত অংশে বিভক্ত থাকিবে? | ০৫ টি অংশে বিভক্ত থাকিবে।যথা:<br>(ক) প্রথম ভাগঃ শ্রমিককে সনাক্ত করিবার মত তথ¨সমূহ (পৃষ্ঠা- ১);<br>(খ) দ্বিতীয় ভাগঃ মালিকের ও চাকরির তথ¨সমূহ (পৃষ্ঠা, ২-৫);<br>(গ) তৃতীয় ভাগঃ সার্ভিস রেকর্ড, মজুরি ও ভাতা সংক্রান্ত তথ্য¨সমূহ (পৃষ্ঠা ৬-৯);<br>(ঘ) চতুর্থ ভাগঃ ভোগক…ত ছুটির বিবরণ (পৃষ্ঠা ১০-১৩);<br>(ঙ) পঞ্চম ভাগঃ শ্রমিকের আচরণের রেকর্ড (পৃষ্ঠা ১৪-১৬)। | | ২০(২) | |
| ৮৩ | স্থায়ীকরনের তারিখ হইতে কত মাসের মধ্যে মালিক সংশ্লিষ্ট শ্রমিকের প্রয়োজনীয় তথ¨সমূহ তাহার সার্ভিস বহিতে লিপিবদ্ধ করিবেন? | ০১ (এক) মাসের মধ্যে | | ২১(১) | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৮৪ | বেতনের স্কেল বা মজুরির হার পরিবর্তন, বদলি, প্রশিক্ষণ গ্রহণ বা কোন বিশেষ দক্ষতা অর্জন,বার্ষিক ছুটি ভোগ করা বা নগদায়ন,চাকরি হইতে ছাঁটাই, ডিসচার্জ, বরখাস্ত, অবসান, পদত্যাগ বা অবসর গ্রহণ,কোন জরিমানা বা দণ্ড আরোপ এবং পুরষ্কার প্রদান বা প্রশংসা জ্ঞাপন ইত্যাদি ক্ষেত্রে কত দিনের মধ্যে সার্ভিস বহিতে লিপিবদ্ধ করতে হবে ? | সংশ্লিষ্ট ঘটনা সংঘটনের ১৫ (পনের) দিনের মধ্যে শ্রমিকের পরবর্তী বা নূতন তথ্য সার্ভিস বহিতে লিপিবদ্ধ করিতে হইবে | | ২১(২) | |
| ৮৫ | কোন শ্রমিক নিয়োগ বা শিক্ষানবিশকাল সমাপ্ত হইবার কত দিনের মধ্যে মালিক শ্রমিকের জন্য আলাদা আলাদা সার্ভিস বহি খুলিবার ব্যাবস্থা করিবেন? | ১৫ দিনের মধ্যে ও উহাতে সংযোজনের জন্য শ্রমিকের ছবি উঠাইবার ব্যায় মালিক বহন করিবেন। | | ২২(১) | |
| ৮৬ | শ্রমিক চাকরিতে যোগদানকালে তাহার পূর্বের চাকরির চাকরির সার্ভিস বহি, যদি থাকে তবে শ্রমিক কি করিবেন? | মালিকের নিকট জমা প্রদান করিবেন এবং মালিক তাহাকে ফরম-৭(ক) অনুযায়ী একটি রসিদ প্রদান করিবেন। | | ২২(২) | |
| ৮৭ | কোন শ্রমিক নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট সার্ভিস বহির মূল্য বাবদ কত টাকা প্রদান করিয়া অবিকল নকল সার্ভিস বহি নিজের হেফাজতে সংরক্ষণ করিতে পারিবেন? | ২০/- (বিশ) টাকা নগদে জমা প্রদান করিতে হবে। মালিক অবিকল নকল সার্ভিস বহি ৭ (সাত) দিনের মধ্যে প্রদান করিবেন। সার্ভিস বহিতে 'অবিকল নকল' কথাটি লেখা থাকিবে। | | ২২(৩)(৪)(৫) | |
| ৮৮ | শ্রমিকের নিকট সংরক্ষিত সার্ভিস বহি হারাইয়া গেলে বা নষ্ট হইয়া গেলে কিভাবে পুনরায় অবিকল নকল সার্ভিস বহি সংগ্রহ করিতে পারিবে? | তৎক্ষণাৎ উহা লিখিতভাবে মালিককে অবহিত করিতে হইবে, এবং সেই ক্ষেত্রে উক্ত শ্রমিক নগদে ৩০/- (ত্রিশ) টাকা কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিয়া পুনরায় অবিকল নকল একটি সার্ভিস বহি সংগ্রহ করিতে পারিবে। | | ২২(৬) | |
| ৮৯ | কোন শ্রমিকের চাকরি অবসানের কত কর্মদিবসের মধ্যে মালিক সার্ভিস বহি ফেরত প্রদান করিবেন? | দুই কর্মদিবসের মধ্যে মালিক সার্ভিস বহি ফেরত প্রদান করিবেন। তবে শর্ত থাকে যে, চূড়ান্ত পাওনা পরিশোধের সময় শ্রমিককে উক্ত সার্ভিস বহি সঙ্গে আনিয়া উহাতে উক্ত পাওনা পরিশোধের তথ্য লিপিবদ্ধ করাইয়া লইতে হইবে। কর্তৃপক্ষ পক্ষ ইচ্ছা করিলে উহার একটি ডুপ্লিকেট কপি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষণ করিতে পারিবেন। সার্ভিস বহি ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করা যাইবে এবং সেই ক্ষেত্রে শ্রমিককে কপি সরবরাহ করিতে হইবে। | | ২২(৭)(৮)(৯) | |
| ৯০ | শ্রমিক রেজিস্টার কিভাবে সংরক্ষণ করিতে হইবে ? | (১) ফরম-৮ অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে<br>(২)রেজিস্টারে সকল বিবরণ বাংলায় অন্তর্ভুক্ত করিতে হইবে এবং খ্রিস্টিয় বর্ষপঞ্জি অনুসারে তারিখ লিখিতে হইবে: তবে শর্ত থাকে যে, প্রতিষ্ঠান ইচ্ছা করিলে বাংলার পাশাপাশি ইংরেজিতেও রেজিস্টার সংরক্ষণ করিতে পারিবে।<br>(৩) যদি কোন প্রতিষ্ঠান ডিজিটাল পদ্ধতিতে নির্ধারিত ফরমে শ্রমিক রেজিস্টার সংরক্ষণ করে তাহা হইলে উহার মুদ্রিত কপি শ্রমিক রেজিস্টার বলিয়া গণ্য হইবে। | | ২৩(১)(২)(৩) | ৮ |
| ৯১ | ছুটির রেজিস্টার কি অনুযায়ী রক্ষিত হইবে ? | ছুটির রেজিস্টার ফরম-৯ অনুযায়ী রক্ষিত হইবে। ডিজিটাল পদ্ধতিতে নির্ধারিত ফরমে ছুটির রেজিস্টার সংরক্ষণ করিলে উহা ছুটির রেজিস্টার বলিয়া গন্য হইবে। | | ২৪(১)(২) | ৯ |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৯২ | শিশু ও কিশোর নিয়োগে শর্ত কি ? | ৩৪।(২) কোন পেশায় বা প্রতিষ্ঠানে কোন কিশোরকে নিয়োগ করা যাইবে না বা কাজ করিতে দেওয়া যাইবে না, যদি না-<br>(ক) বিধি দ্বারা নির্ধারিত ফরমে একজন রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক তাহাকে প্রদত্ত সক্ষমতা প্রত্যয়নপত্র মালিকের হেফাজতে থাকে, এবং<br>(খ) কাজে নিয়োজিত থাকাকালে তিনি উক্ত প্রত্যয়নপত্রের উল্লেখ সম্বলিত একটি টোকেন বহন করেন। | ৩৪(২) (ক) (খ) | | |
| ৯৩ | শ্রমিকের বয়স নিরুপনে কি কি সনদ প্রয়োজন? | জন্ম সনদ, স্কুল সার্টিফিকেট বা রেজিষ্টার্ড ডাক্তার কতৃক বয়সের প্রত্যয়ন পত্র। | ৩৬ | | |
| ৯৪ | শিশু ও কিশোর নিয়োগে দন্ড কি? | কোন ব্যক্তি কোন শিশু বা কিশোরকে চাকুরীতে নিযুক্ত করিলে, অথবা এই আইনের কোন বিধান লঙ্ঘন করিয়া কোন শিশু বা কিশোরকে চাকুরী করিবার অনুমতি দিলে, তিনি পাঁচ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৮৪ | | |
| ৯৫ | শিশু ও কিশোর নিয়োগে সক্ষমতা প্রত্যয়নপত্রের মেয়াদকাল কত? | ৩৭। (২)কোন সক্ষমতা প্রত্যয়নপত্র উহা প্রদানের তারিখ হইতে ১২(বারো) মাস পর্যন্ত বলবৎ থাকিবে।<br>(৩)প্রদেয় ফিস মালিক প্রদান করিবেন, এবং ইহা সংশ্লিষ্ট কিশোর বা তাহার পিতা-মাতা বা অভিভাবকের নিকট হইতে আদায় করা যাইবে না। | ৩৭। (২) (৩) | | |
| ৯৬ | ছাঁটাইয়ের নোটিসের কপি প্রেরণের মাধ্যমে মহাপরিচালককে অবহিত করিতে হইবে কিনা? | মহাপরিচালককে ছাঁটাইয়ের নোটিসের কপি প্রেরণের মাধ্যমে অবহিত করিতে হইবে। ধারা ২৮ক এবং বিধি ৩২ অনুযায়ী প্রতিষ্ঠানের সকল শ্রমিককে ছাঁটাই করা হইলে সকল শ্রমিকের জন্য একটি নোটিস প্রদান করা যাইবে এবং শ্রমিকের তালিকা ফরম-১০ (ক) অনুসারে প্রদান করিতে হইবে। | | বিধি ২৭ (০২) (০৩) | ফরম-১০ (ক) |
| ৯৭ | অসদাচরণ এবং দত্ত প্রাপ্তির ক্ষেত্রে জবাব সন্তোষজনক না হইলে মালিক শাস্তি প্রক্রিয়া কত দিনের মধ্যে সম্পন্ন করিবে? | * ৬০ (ষাট) দিনের মধ্যে রিপোর্ট পেশ করিতে নির্দেশ প্রদান করিবেন ;<br>* ৬০(ষাট) দিন গননার ক্ষেত্রে আনুষ্ঠানিকভাবে অভিযোগ উথাপনের (কারন দর্শানোর) দিন হইতে অভিযোগ নিষ্পত্তির দিন পর্যন্ত বিবেচনা বরিতে হইবে;<br>* অনধিক ৬ জন সদস্য সমন্বয়ে উক্ত তদন্ত কমিটি গঠিত হইবে। | | ২৯(১)(খ)(গ)<br>২৯(২) | |
| ৯৮ | অভিযুক্ত শ্রমিক নির্ধারিত সময়ের মধ্যে তাহার প্রতিনিধি মনোয়ন প্রদান না করিলে প্রতিনিধি মনোয়নের জন্য কি ব্যাবস্থা গ্রহন করিবে? | অভিযুক্ত শ্রমিক নির্ধারিত সময়ের মধ্যে তাহার প্রতিনিধি মনোয়ন প্রদান না করিলে কর্তৃপক্ষ সিবিএ বা অংশগ্রহনকারী কমিটির প্রতিনিধি মনোয়নের জন্য অনুরোধ করিবে। | | ২৯(৭) | |
| ৯৯ | শিশু বা কিশোর হিসাবে বয়স সক্ষমতা প্রত্যায়নের জন্য জন্ম নিবন্ধন সনদ বা স্কুল সার্টিফিকেট না থাকে তবে কি করিতে হইবে? | যেকোন রেজিস্টার্ড চিকিৎসক ফরম-১৫ অনুযায়ী বয়স ও সক্ষমতার প্রত য়নপত্র প্রদান করিবেন এবং উক্তরূপ পরীক্ষার বর্ণনা চিকিৎসক ও মালিককে ফরম-১৫(ক) অনুযায়ী আলাদাভাবে রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে।<br>প্রয়োজনীয় বিবরণাদি প্রত য়নপত্রে এবং উহার মুড়িতে পূরণ করিতে হইবে এবং সংশ্লিষ্ট শ্রমিকের বাম হাতের বৃদ্ধাঙ্গুলীর ছাপ প্রত য়নপত্রের উভয় অংশে গ্রহণ করিতে হইবে। | | ৩৪ | ১৫ |
| ১০০ | কিশোরের কাজের সময় সম্পর্কে নোটিস কত নং ফরম অনুযায়ী পরিদর্শকের নিকট হইতে অনুমোদিত হইতে হইবে? | কাজের সময়ের নোটিস ফরম-১৬ অনুযায়ীপরিদর্শকের নিকট হইতে অনুমোদিত হইতে হইবে। | | ৩৫ | ১৬ |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ১০২ | কোন কোন কাজে কিশোর নিয়োগে বাধা ? | **ধারা ৩৯(২)** সরকার সময় সময়ে গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে ঝুকিপূর্ণ কাজে<br>**ধারা ৩৯(৩)**যন্ত্রপাতি চালু অবস্থায় উহা পরিস্কারের জন্য, উহাতে তেল প্রদানের জন্য বা উহাকে সুবিন্যস্ত করার জন্য বা উক্ত চালু যন্ত্রপাতির ঘুর্ণায়মান অংশগুলির মাঝখানে অথবা স্থির এবং ঘুর্ণায়মান অংশগুলির মাঝখানে।<br>**ধারা ৪০।** বিপজ্জনক যন্ত্রপাতির কাজের [অথবা ঝুঁকিপূর্ণ কাজের] ব্যাপারে সাবধানতা অবলম্বন সম্পর্কে সম্পূর্ণভাবে ওয়াকেবহাল করানো না হয়।<br>**ধারা ৪২।** ভূগর্ভে ও পানির নীচে | ৩৯ | | |
| ১০১ | কিশোরের কর্মঘন্টা কত? | দৈনিক ৫ ঘন্টা, সাপ্তাহিক ৩০ ঘন্টা | ৪১(১) | | |
| ১০৩ | কিশোরের কর্ম-ঘন্টা কত ? | ৪১। (১) কোন কিশোরকে কোন কারখানা বা খনিতে দৈনিক পাঁচ ঘন্টার অধিক এবং সপ্তাহে ত্রিশ ঘন্টার অধিক সময় কাজ করিতে দেওয়া হইবে না।<br>(২) কোন কিশোরকে অন্য কোন প্রতিষ্ঠানে দৈনিক সাত ঘন্টার অধিক এবং সপ্তাহে বিয়াল্লিশ ঘন্টার অধিক সময় কাজ করিতে দেওয়া যাইবে না।<br>(৩) কোন কিশোরকে কোন প্রতিষ্ঠানে সন্ধ্যা ৭-০০ ঘটিকা হইতে সকাল ৭-০০ ঘটিকার মধ্যবর্তী সময়ে কোন কাজ করিতে দেওয়া যাইবে না।<br>(৪) যদি কোন কিশোর অধিকাল কাজ করেন, তাহা হইলে অধিকালসহ তাহার কাজের মোট সময়-(ক) কারখানা বা খনির ক্ষেত্রে, সপ্তাহে ছত্রিশ ঘন্টা; (খ) অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে, সপ্তাহে আটচল্লিশ ঘন্টা; এর অধিক হইবে না।<br>(৫) কোন প্রতিষ্ঠানে কোন কিশোরের কাজের সময় দুইটি পালায় সীমাবদ্ধ রাখিতে হইবে,এবং উহার কোন পালার সময়সীমা সাড়ে সাত ঘন্টার বেশী হইবে না।<br>(৬) কোন কিশোরকে কেবলমাত্র একটি রীলেতে নিয়োগ করা যাইবে এবং পরিদর্শকের নিকট হইতে লিখিত পূর্ব অনুমোদন ব্যতীত ত্রিশ দিনের মধ্যে ইহা একবারের বেশী পরিবর্তন করা যাইবে না।<br>(৭) এই আইনের অধীন সাপ্তাহিক ছুটি সংক্রানত্ম বিধান কিশোর শ্রমিকের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে এবং এই বিধানের প্রয়োগ কিশোর শ্রমিকের ক্ষেত্রে স্থগিত করা যাইবে না।<br>(৮) একই দিনে কোন কিশোর একাধিক প্রতিষ্ঠানে কাজ করিতে পারিবেন না। | ৪১ | | |
| ১০৪ | কোন ক্ষেত্রে প্রসূতি মহিলা শ্রমিকের কর্মে নিয়োগ নিষেধ ? | সন্তান প্রসবের অব্যবহিত পরবর্তী আট সপ্তাহের মধ্যে কোন কাজ করিতে পারিবেন না | ৪৫ | | |
| ১০৫ | ধারা ৪৫(৩) [কতিপয় ক্ষেত্রে মহিলা শ্রমিকের কর্মে নিয়োগ নিষেধ ] এর শর্তাংশ অনুযায়ী সন্তান-সম্ভবা শ্রমিক কর্তৃক প্রদত্ত সক্ষমতার প্রত্যয়নপত্র কত নং ফরম অনুযায়ী প্রদান করিতে হইবে? | ফরম-১৭ অনুযায়ী প্রদান করিতে হইবে। | | ৩৯(৫) | ১৭ |
| ১০৬ | কোন ক্ষেত্রে প্রসূতি কল্যাণ সুবিধা প্রাপ্তির অধিকার হইবে না? | চাকুরীকাল ছয় মাস না হয় এবং প্রসবের সময় তাহার দুই বা ততোধিক সন্তান জীবিত থাকে | ৪৬ | | |
| ১০৭ | প্রসূতি মহিলা শ্রমিকের ছুটি কখন পাবে ? | সন্তান প্রসবের সম্ভাব্য তারিখের অব্যবহিত পূর্ববর্তী আট সপ্তাহ এবং সনত্মান প্রসবের অব্যবহিত পরবর্তী আট সপ্তাহের জন্য | ৪৬(১) | | |
| ১০৮ | প্রসূতি কল্যাণ সুবিধা পাওয়ার অযোগ্যতা? | দুটি জীবিত সন্তান থাকলে তবে মালিকের পূর্ব অনুমুতি নিয়ে ১৬ সপ্তাহ ছুটি ভোগ করা যাবে। | ৪৬(২) | | |
| ১০৯ | প্রসব পূর্ববর্তী ৮ (আট) সপ্তাহের নির্ধারিত সময়ের পরে কোন মহিলা শ্রমিক সন্তান প্রসব করিলে কিভাবে ছুটির হিসেব করা হইবে? | প্রসব পূর্ববর্তী ৮ (আট) সপ্তাহের নির্ধারিত সময়ের পরে কোন মহিলা শ্রমিক সন্তান প্রসব করিলে উক্ত নির্ধারিত সময়ের পরবর্তী দিনসমূহ এই বিধির অধীন সমন্বয় করিতে হইবে। | | ৩৮ | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ১১০ | প্রসূতি কল্যাণ ছুটিতে যাইবার নির্ধারিত তারিখের পূর্বে কোন মহিলা শ্রমিকের গর্ভপাত ঘটিলে তিনি কিভাবে ছুটি পাইবেন। | প্রসূতি কল্যাণ ছুটিতে যাইবার নির্ধারিত তারিখের পূর্বে কোন মহিলা শ্রমিকের গর্ভপাত ঘটিলে তিনি স্বাস্থ্যগত কারণে পরবর্তী ৪ (চার) সপ্তাহ ছুটি ভোগ করিতে পারিবেন এবং এইক্ষেত্রে উক্ত ছুটির জন্য মজুরি কর্তন করা যাইবে না বা অন্য কোন ছুটির সহিত সমন্বয় করা যাইবে না। | | ৩৮(ক) | |
| ১১১ | কোন অনত্মঃসত্ত্বা মহিলা তিনি মালিককে কিভাবে অবগত করিবেন? | তিনি যে কোন দিন মালিককে লিখিত বা মৌখিকভাবে এই মর্মে নোটিশ **( ফরম-১৮ অনুযায়ী )** দিবেন যে, নোটিশের আট সপ্তাহের মধ্যে তাহার সনত্মান প্রসবের সম্ভাবনা আছে, এবং উক্ত নোটিশে তাহার মৃত্যুর ক্ষেত্রে এই সুবিধা যিনি গ্রহণ করিবেন তাহার নামও উল্লেখ থাকিবে। | ৪৭(১) | ৩৯(১) | ১৮ |
| ১১২ | প্রসূতি মহিলা গর্ভপাতের পূর্বে গর্ভপাতের বিষয়ে মালিককে নোটিশ না করিলে কি করনীয় ? | সন্তান প্রসবের ০৭ দিনের মধ্যে মালিককে নোটিশ করে অবহিত করিবেন এবং **ফরম-১৮(ক)** মোতাবেক প্রদান করিতে হইবে। | ৪৭(২) | ৩৯(১) | ১৮ (ক) |
| ১১৩ | প্রসূতি কল'াণ সুবিধা গ্রহণকারী শ্রমিকগণের তথ্য কত নং ফরম অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে? | ফরম-১৯ অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে । | | ৩৯(৪) | ১৯ |
| ১১৪ | প্রসূতি কল্যাণ সুবিধা কখন পরিশোধ করতে হয়? | (৪) কোন মালিক সংশ্লিষ্ট মহিলার ইচ্ছানুযায়ী নিম্নলিখিত যে কোন পন্থায় প্রসূতি কল্যাণ সুবিধা প্রদান করিবেন, যথাঃ-<br>**(ক)** যে ক্ষেত্রে কোন রেজিস্টার্ড চিকিৎসকের নিকট হইতে এই মর্মে প্রাপ্ত প্রত্যয়নপত্র পেশ করা হয় যে, মহিলা আট সপ্তাহের মধ্যে সনত্মান প্রসবের সম্ভাবনা আছে, সে ক্ষেত্রে প্রত্যয়ন পত্র পেশ করার পরবর্তী তিন কর্ম দিবসের মধ্যে প্রসব পূর্ববর্তী আট সপ্তাহের জন্য প্রদেয় প্রসূতি কল্যাণ সুবিধা প্রদান করিবেন, এবং মহিলার সন্তান প্রসবের প্রমাণ পেশ করার তারিখ হইতে পরবর্তী তিন কর্ম দিবসের মধ্যে অবশিষ্ট সময়ের জন্য প্রদেয় উক্তরূপ সুবিধা প্রদান করিবেন; অথবা<br>**(খ)** মালিকের নিকট সন্তান প্রসবের প্রমাণ পেশ করার পরবর্তী তিন কর্ম দিবসের মধ্যে সন্তান প্রসবের তারিখসহ উহার পূর্ববর্তী আট সপ্তাহের জন্য প্রদেয় প্রসূতি কল্যাণ সুবিধা প্রদান করিবেন, এবং উক্ত প্রমাণ পেশের পরবর্তী আট সপ্তাহের মধ্যে অবশিষ্ট মেয়াদের সুবিধা প্রদান করিবেন; | ৪৭(৪) | | |
| ১১৫ | ধারা ৪৭(৪) মোতাবেক প্রসব পরবর্তী প্রসূতি কল্যান সুবিধা প্রদানের ক্ষেত্রে কোন প্রসূতি স্ব-শরীরে উপস্থিত হতে না পারলে কি করনীয়? | প্রসূতি কল্যান সুবিধ গ্রহণে অপারগ হইলে তাহার নিকট হইতে লিখিতভাবে ক্ষমতাপ্রাপ্ত কোন ব'ক্তিকে উহা প্রদান করিতে হইবে। | | ৩৯(২) | |
| ১১৬ | প্রসূতি কল্যাণ সুবিধার পরিমাণ কিভাবে হিসেব করতে হয় ? | দৈনিক, সাপ্তাহিক বা মাসিক গড় মজুরী গণনার জন্য সংশ্লিষ্ট মহিলা কর্তৃক পূর্ববর্তী তিন মাসে তাহার প্রাপ্ত মোট মজুরীকে উক্ত সময়ে তাহার মোট প্রকৃত কাজের দিনগুলি দ্বারা ভাগ করিতে হইবে। | ৪৮ | | |
| ১১৭ | প্রসূতি কল্যাণ সুবিধা থেকে কোন মহিলাকে বঞ্চিত করিলে হইবে? | পঁচিশ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন । যে কারণে উক্ত অর্থদণ্ড আরোপ করা হইয়াছে সে কারণ হইতে উদ্ভুত ক্ষতির জন্য, ক্ষতিপূরণ হিসাবে প্রদানের আদেশ দিতে পারিবে | ২৮৬ | | |
| ১১৮ | অনুমোদিত অনুপস্থিতির সময়ে মঞ্জুরীরর বিনিময়ে কাজ করার দন্ড কি? | কোন মহিলা, চতুর্থ অধ্যায়ের বিধি মোতাবেক তাহার মালিক কর্তৃক অনুমোদিত অনুপস্থিতিকালে, নগদ অর্থ অথবা জিনিসের বিনিময়ে কোন কাজ করিলে, তিনি এক হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৮৭ | | |
| ১১৯ | প্রসূতি কল সুবিধা গ্রহণকারী শ্রমিকগণের তথ্য সম্বলিত মাসিক রিটার্ন এবং বার্ষিক রিটার্ন পরবর্তী বৎসরের কত দিনের মধ্যে দাখিল করিতে হইবে? | প্রসূতি কল সুবিধা গ্রহণকারী শ্রমিকগণের তথ্য সম্বলিত মাসিক রিটার্ন পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে এবং বার্ষিক রিটার্ন পরবর্তী বৎসরের ১৫ ফেব্রুয়ারির মধ্যে দাখিল করিতে হইবে। | | ৩৯(৬) | |
| ১২০ | প্রসূতিকল্যাণ সুবিধা হিসাব করিবার নিয়ম কি? | প্রসূতিকল্যাণ সুবিধা হিসাব করিবার ক্ষেত্রে শ্রমিকের সর্বশেষ মাসিক প্রাপ্ত মোট মজুরিকে ২৬ দ্বারা ভাগ করিয়া ১ দিনের গড় মজুরি নির্ধারণ করিতে হইবে। | | ৩৯ক | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ১২১ | ফ্যাক্টরি রং বা বার্নিশের নিয়মাবলী কি ? | ৫১। প্রতিষ্ঠানের সকল আভ্যনন্তরীণ দেওয়াল, পার্টিশন, ছাদ, সিড়ি, যাতায়াতপথ-<br>(১) রং বা বার্নিশ করা থাকিলে, প্রত্যেক তিন বৎসরে অনন্ততঃ একবার পুনঃ রং বা বার্নিশ করিতে হইবে,<br>(২) রং অথবা বার্নিশ করা এবং বহির্ভাগ মসৃণ হইলে, প্রতি চৌদ্দ মাসে অনন্ততঃ একবার উহা বিধিদ্বারা নির্ধারিত পন্থায় পরিস্কার করিতে হইবে,<br>(৩) অন্যান্য ক্ষেত্রে, প্রতি চৌদ্দ মাসে অনন্ততঃ একবার চুনকাম বা রং করিতে হইবে, এবং<br>(ঙ) দফা (ঘ) তে উল্লিখিত কার্যাবলী সম্পন্ন করার তারিখ বিধি দ্বারা নির্ধারিত রেজিস্টারে লিপিবদ্ধ করিয়া রাখিতে হইবে। | ৫১ | | |
| ১২২ | একটি কারখানা বিল্ডিংয়ের চুনকাম কত দিন পর পর করতে হবে? | ১৪ মাস | | ৪৩ | |
| ১২৩ | ধারা ৫১(ঘ)-[প্রতিষ্ঠানের সকল আভ্যনন্তরীণ দেওয়াল, পার্টিশন, ছাদ, সিড়ি, যাতায়াতপথ] তে উল্লিখিত কার্যাবলি কত নং ফরম অনুযায়ী রেজিস্টারে লিপিবদ্ধ করিয়া সংরক্ষণ করিতে হইবে? | কার্যাবলি সম্পন্ন করিবার তারিখ ধারা ৫১(ঙ) এর উদ্দেশ¨পূরণকল্পে ফরম-২০ অনুযায়ী রেজিস্টারে লিপিবদ্ধ করিয়া সংরক্ষণ করিতে হইবে। | | ৪৪ | ২০ |
| ১২৪ | কর্মকক্ষে কর্মরত প্রত্যেক শ্রমিকের জন্য কত পরিমাণ জায়গার ব্যবস্থা করিতে হইবে ? | অন্ততঃ ৯.৫ কিউবিক মিটার। ব্যাখ্যাঃ এই উপ-ধারার প্রয়োজনে, কোন ঘরের উচ্চতা মেঝে হইতে ৪.২৫ মিটারের অধিক হইলে ইহা বিবেচনায় আনা হইবে না। | ৫৬ (২) | | |
| ১২৫ | কর্মকক্ষের আলোক ব্যবস্থা মেঝে হইতে কত মিটার উচ্চতায় কমপক্ষে কত লাক্স (Lux) হইতে হইবে? | আলোক ব্যবস্থা মেঝে হইতে ১.০ মিটার উচ্চতায় কমপক্ষে ৩৫০ লাক্স (Lux) হইতে হইবে | | ৪৯(১) | |
| ১২৬ | স্থানভেদে আলোর লাক্স বা মাত্রা কতটুকু থাকা দরকার? | **Office:**<br>Conference, Reception Room = 200-750<br>Clerical work= 700-1500<br>Typing drafting =1000-2000<br>**School:**<br>Auditorium, Indoor Gymnasium= 100-300<br>Class Room= 200-750<br>Laboratory, Library, Drafting Room= 500-1500<br>**Hospital:**<br>Sickroom, Warehouse = 100-200<br>Medical Examination Room= 300-750<br>Operating Room= 750-1500<br>Emergency Treatment= 750-1500<br>**Factory :**<br>Packing Work, Entrance Passage= 150-300<br>Visual work at production line= 300-750<br>Inspection Work= 750-1500<br>Packing Room= 750-1500<br>Electronic parts assembly line= 1500-3000<br>**Hotel:**<br>Public room, Cloakroom= 100-200<br>Reception, Cashier= 220-1000 | | | |
| ১২৭ | ধারা ৫২(২) অনুযায়ী প্রতে¨ক কর্মকক্ষে কয়টি তাপ পরিমাপক যন্ত্র (থার্মোমিটার) সচল অব¯’ায় রাখিতে হইবে? | ০১ টি ব এবং উহা যথাযথ মানসম্পন্ন হইতে হইবে এবং কর্মকক্ষের দেয়ালের দৃশ্যমান স্থানে উহা স্থাপন করিতে হইবে। | | ৪৫ (২) | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ১২৮ | সূতা ও বয়ন কারখানায় তাপমাত্রা ও কৃত্রিম আর্দ্রকরণ রেকর্ড কত নং ফরম অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে? | ধারা ৫২ ও ৫৫ অনুযায়ী তফসিল-১ এ বর্ণিত উপায়ে ফরম-২১ অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে | | ৪৮ | ২১ |
| ১২৯ | কতজন শ্রমিক নিযুক্ত থাকলে প্রতিষ্ঠানে গ্রীষ্মকালে পান করার পানি ঠান্ডা করিয়া সরবরাহ করার ব্যবস্থা করিতে হইবে? | দুইশত পঞ্চাশ জন বা ততোধিক | ৫৮ (৩) | | |
| ১৩০ | মেঝে থেকে সিলিং এর উচ্চতা কত হবে? | মেঝে থেকে সিলিং এর উচ্চতা হবে ৪.২৫ মিটার । | ৫৯ (২) | | |
| ১৩১ | পান করিবার পানি সংরক্ষণের স্থানটি ধৌতাগার, প্রক্ষালন কক্ষ অথবা শৌচাগার হইতে কত দূরত্বে স্থাপন করিতে হইবে। | অনূন্য ৬ মিটার । আধুনিক পানি পরিশোধন প্রক্রিয়ায় পরিশোধিত না থাকিলে প্রতিদিন কমপক্ষে একবার বদলাইতে হইবে; | | ৫০ (২)(৩) | |
| ১৩২ | কত দিন পর পর খাবার পানি পরীক্ষা করতে হবে? | বছরে ১ বার জনস্বাস্থ্য ও প্রকৌশল বিভাগ বা সরকারের অন্য প্রতিষ্টান বা সরকার কতৃক অনুমোদিত প্রতিষ্টান। | | ৫০ (৫) | |
| ১৩৩ | শ্রমিকদের জন্য বছরের কোন সময় ঠান্ডা পানির ব্যবস্থা করতে হবে? | ১লা এপ্রিল-৩০ শে সেপ্টেম্বর | | ৫০ (৬) | |
| ১৩৪ | গরম জায়গায় কাজে নিয়োজিত প্রত্যেক শ্রমিকদের দৈনিক কত লিটার শরবত দিতে হবে? | পর্যাপ্ত খাবার স্যালাইন অথবা গুড় বা চিনির শরবত সরবরাহ করিতে হইবে এবং এই গুড় বা চিনি মিশ্রিত শরবতের পরিমাণ প্রতি শ্রমিকের জন্য দৈনিক ন্যূনতম (২) দুই লিটার হইতে হইবে। | | ৫০ (৭) | |
| ১৩৫ | কত জন মহিলা শ্রমিকের জন্য কতটি টয়লেট প্রয়োজন? | প্রথম ১০০ জন পর্যন্ত প্রতি ২৫ জনের জন্য ১টি এবং পরবর্তী প্রতি ৫০ জনে ১টি | | ৫১ এবং তফসীল-২(১) | |
| ১৩৬ | কত জন পুরুষ শ্রমিকের জন্য কতটি টয়লেট প্রয়োজন? | প্রথম ১০০ জন পর্যন্ত প্রতি ৪০ জনের জন্য ১টি এবং পরবর্তী প্রতি ৬০ জনে ১টি | | ৫১ এবং তফসীল-২(১) | |
| ১৩৭ | কত জন শ্রমিকের জন্য একটি পিকদানি প্রয়োজন? | ১০০ জন। পিকদানি বালু ভর্তি থাকিতে হইবে এবং উহার উপরে ব্লিচিং পাউডার থাকিতে হইবে। প্রতি ৭ দিন অন্তর একবার খালি করিয়া পরিষ্কার ও জীবাণুমুক্ত করিতে হইবে এবং দৈনিক অন্তত একবার উপরের একস্তর বালি অপসারণ করিয়া পরিষ্কার করিতে হইবে। | | ৫২(১) | |
| ১৩৮ | ১টি কক্ষে কত জন লোক কাজ করলে ২টি দরজা লাগবে? | ২০জনের অধিক | | ৫৪ (১) | |
| ১৩৯ | একজন শ্রমিক ফ্লোরের যেখানেই কাজ করুক না কেন সর্বোচ কত মিটারের মধ্য বর্হিগমন পথ থাকতে হবে? | ৫০ মিটার বা ১৬৪ ফিট। এবং উহা প্রস্থে ১.১৫ মিটার এবং উচ্চতায় ২.০০ মিটারের কম হইতে পারিবে না। **৬ তলা পর্যন্ত ৪৫ ইঞ্চি এবং ৭তলার উপরে ৭৮** | | ৫৪ (২) | |
| ১৪০ | সিড়িঁর রেলিং এর প্রস্থ কত হলে উভয় দিকে হ্যান্ড রেইল থাকতে ( বিধি বলবৎ হবার পর) ? | ১.১৫ মিটার বা ৪৫.২৭" | | ৫৪ (৫) | |
| ১৪১ | কোন সিঁড়ি সমতল হইতে কত ডিগ্রি কোণের অধিক কৌণিক দূরত্বে নির্মাণ করা যাইবে না? | ৪৫ ডিগ্রি। ছয় তলা পর্যন্ত উচ্চতা বিশিষ্ট ভবনের কোন সিঁড়ি ১.১৫ মিটারের কম প্রশস্ত হইবে না এবং ষষ্ঠ তলার অধিক উচ্চতাসম্পন্ন ভবনের সিঁড়ি ২.০০ মিটারের কম প্রশস্ত হইবে না | | ৫৪(৬) (৭) | |
| ১৪২ | একটি সিড়ির প্রশস্ত কমপক্ষে কত ইঞ্চি? | বহুতল বিশিষ্ট কারখানা ভবনের ক্ষেত্রে কর্মরত শ্রমিকের নিরাপত্তার বিষয়ে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানের লক্ষ্যে সিঁড়ির প্রশস্ততা কোনক্রমেই ১.১৫ মিটারের কম হইবে না | | ৫৪(৭) | |
| ১৪৩ | একটি বর্হিগমন থেকে আরেকটি বর্হিগমনের দুরুত্ব সর্বোচ কত মিটারের মধ্য থাকতে হবে? | ৫০ মিটার বা ১৬৪ ফিট্ এবং পরস্পরের সন্নিকটে হইবে না এবং কমপক্ষে অর্ধেক সংখ্যক সিঁড়ির শেষ প্রান্ত ভবনের বহির্মুখী হইতে হইবে। | | ৫৪(৮) | |
| ১৪৪ | শ্রমিকদের বর্হিগমন পথ কমপক্ষে কত ইঞ্চি প্রস্থ এবং কত ইঞ্চি উচ্চতা থাকতে হবে? | ৪৫ ইঞ্চি এবং ৭৮ ইঞ্চি | | ৫৪(২) | |
| ১৪৫ | একজন শ্রমিক ফ্লোরের যেখানেই কাজ করুক না কেন সর্বোচ কত মিটারের মধ্য বর্হিগমন পথ থাকতে হবে? | ৫০ মিটার বা ১৬৪ ফিট। ৬ তলা পর্যন্ত ৪৫ ইঞ্চি এবং ৭তলার উপরে ৭৮ | | ৫৪(২) | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ১৪৬ | সিড়ির প্রশস্ততা কত হবে? | বহুতল বিশিষ্ট কারখানা ভবনের ক্ষেত্রে কর্মরত শ্রমিকের নিরাপত্তার বিষয়ে সর্বোচ্চ অগ্রাধিকার প্রদানের লক্ষ্যে বিভিন্ন প্রশস্তা কোনক্রমেই ১.১৫ মিটারের কম হইবে না : আরও শর্ত থাকে যে, পুরাতন অবকাঠামোজনিত কারণে যেখানে সিড়ির প্রশস্ততা বাড়ানোর সুযোগ নেই সেই ক্ষেত্রে সিড়ির প্রশস্ততা ০.৮২ মিটারের কম হইবে না। | | ৫৪(৭) | |
| ১৪৭ | একটি বর্হিগমন থেকে আরেকটি বর্হিগমনের দুরুত্ব সর্বোচ কত মিটারের মধ্য থাকতে হবে? | ৫০ মিটার বা ১৬৪ ফিট | | ৫৪(৮) | |
| ১৪৮ | প্রতিটি ফ্লোরের নূন্যতম কতটি গ্রীলবিহীন জানালা এবং কিভাবে থাকিবে? | প্রতিটি ফ্লোরের নূ্যনতম একটি গ্রীলবিহীন জানালা থাকিবে যা কব্জাসংযুক্ত হইতে হইবে এবং যাহাতে জরুরি প্রয়োজনে খুলিয়া লেডার বা দড়ির মই এর সাহায্যে নীচে নামিয়া আসা যায় এবং নীচ তলায় শক্ত দড়ির জাল সংরক্ষণ করিতে হইবে যাহাতে অগ্নি দুর্ঘটনার সময় জরুরি প্রয়োজনে দড়ি বহিয়া উক্ত জালে অবতরণ করা যায়। | | ৫৪ (১০) | |
| ১৪৯ | প্রতিষ্ঠানের প্রতি তলায় কয়টি পানি ভর্তি ড্রাম এবং ধাতব পদার্থ দ্বারা নির্মিত লাল রংয়ের খালি বালতি ঝুলন্ত অবস্থায় সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করিতে হইবে? | প্রতি ১০০০ বর্গমিটার মেঝে এলাকার জন্য ২০০ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন পানি ভর্তি একটি ড্রাম এবং ১০ লিটার ধারণ ক্ষমতাসম্পন্ন চারটি করিয়া ধাতব পদার্থ দ্বারা নির্মিত লাল রংয়ের খালি বালতি ঝুলন্ত অবস্থায় সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ করিতে হইবে এবং প্রতিটি বালতি বাংলাদেশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুযায়ী যথাযথ মানসম্পন্ন হইতে হইবে। **তবে শর্ত থাকে যে, প্রতিষ্ঠানটি যদি ফায়ার হাইড্রেন অথবা স্প্রিঙ্কলার দ্বারা সুরক্ষিত থাকে তবে উপরি-উক্ত বিধানাবলি প্রযোজ্য হইবে না;** | | ৫৫ (১) | |
| ১৫০ | কত বর্গফুট এরিয়ার জন্য ১টি হোজরিল প্রয়োজন? | প্রতি ৯১৪৬ বর্গফুটের জন্য বা প্রতি ৮৫০ বর্গমিটার স্থানের জন্য ১টি।উহাতে অবারিত পানির সংযোগ থাকিবে এবং প্রতি বৎসর নূ্যনতম একবার পরীক্ষার ব্যবস্থা করিতে হইবে : তবে শর্ত থাকে যে, অগ্নি নির্বাপনের বিকল্প ব্যবস্থা সম্পর্কে নিশ্চিত হইয়া উহা লিখিতভাবে রেকর্ডপূর্বক মহাপরিদর্শক কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই অনুচ্ছেদের বিধান প্রতিপালন শিথিল করিতে পারিবেন। | | ৫৫ (১) (ঘ) | |
| ১৫১ | কত বর্গফুট এরিয়ার জন্য ১টি ফায়ার এক্সটিংগুইসার(এবিসি) প্রয়োজন? | প্রতি ৯৬৮ বর্গফুটের বা উপ-বিধি (১) এ উল্লিখিত নির্ধারিত বালতির অতিরিক্ত প্রতি ৯০ বর্গ বর্গমিটার অধিক আয়তনের জন্য ১টি ড্রাই কেমিক্যাল পাউডার অগ্নিনির্বাপক বা অনুরূপ ধরনের বহনযোগ্য অগ্নি নির্বাপক যন্ত্র রাখিতে হইবে। | | ৫৫ (২) | |
| ১৫২ | এতটি কারখানায় কয়টি পানি ভর্তি ড্রাম ও খালি বালতি রাখতে হবে? | প্রত্যেক কারখানায় প্রতি তলায় ১০০০বর্গফুট মেঝে এলাকার জন্য ২০০ মিটার পানি ভর্তি একটি ড্রাম এবং ১০ লিটার ধারন ক্ষমতা সম্পন্ন ০৪ টা ধাতব পদার্থ দ্বারা নির্মিত লাল রং এর বালতি ঝুলন্ত অবস্থায় রাখতে হবে। | | ৫৫ (১) | |
| ১৫৩ | ফায়ার এক্সটিংগুইসার কতটুকু উপরে রাখিতে হইবে? | প্রযোজ্য ক্ষেত্রে, দেওয়াল (supporting wall) অথবা কাঠের, ধাতব ও প্লাস্টিকের তৈরি কেবিনেটে এমনভাবে স্থাপন করিতে হইবে যেন অগ্নিনির্বাপক যন্ত্রের তলদেশ ভূসমতল (ground leval) হইতে ১০০০ মিলিমিটার উপরে হয়। | | ৫৫ (৭) (ঘ) | |
| ১৫৪ | ইভাকুয়েশন প্লান ফ্লোরের কোথায় স্থাপন করতে হবে? | সহজে দৃশ্যমান স্থানে | | ৫৫ (৮) | |
| ১৫৫ | শতকরা কতজন শ্রমিককে ফায়ার ট্রেনিং দিতে হবে? | ১৮% এবং ৩টি কমিটিতে বিন্যাস করতে হবে( Fire fighting-অগ্নিনির্বাপণ , rescue team-উদ্ধারকারী and First Aid-প্রাথমিক চিকিৎসা) এবং ফরম-২২ অনুযায়ী এতদসম্পকির্ত রেকর্ড সংরক্ষণ করিতে হইবে। | | ৫৫ (১০) | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ১৫৬ | অগ্নিনির্বাপণ, উদ্ধারকারী ও প্রাথমিক চিকিৎসা দলের নির্ধারিত পোশাক কেমন হইবে ? | (ক) অগ্নিনির্বাপণ দল - হলুদ রং এর এপ্রোণ পিছনে লাল রং এ 'আগুন' (Fire) লিখা থাকিবে; (খ) উদ্ধারকারী দল - হলুদ রং এর এপ্রোণ পিছনে লাল রং এ 'উদ্ধার' (Rescue) লিখা থাকিবে ; (গ) প্রাথমিক চিকিৎসা দল - সাদা রং এর এপ্রোণ পিছনে লাল রং এ 'প্রাথমিক চিকিৎসা' (First Aid) লিখা থাকিবে। উল্লিখিত তিনটি দলকে প্রতি ছয় মাস অন্তর পুনঃপ্রশিক্ষণ প্রদান করা। | | ৫৫ (১১) (ক) (খ) (গ), ১২ | |
| ১৫৭ | ফায়ার ফাইটিং টিমকে কত মাস পর পর পুন:প্রশিক্ষন দিতে হবে? | ৬ মাস | | ৫৫ (১২) | |
| ১৫৮ | কতজন শ্রমিকের জন্য একজন ফায়ার অফিসার লাগবে? | ৩০০ জন ( সংশোধনী ২০২২ এর পূর্বে ৫০০ জন ছিল) | | ৫৫ (১২) | |
| ১৫৯ | একটি কারখানায় কতজন শ্রমিক কাজ করলে কত দিন পর পর ফায়ার সার্ভিস কতৃক অগ্নি মহড়া করতে হবে? | ৫০ জন এবং ৬ মাস পর পর | | ৫৫ (১৪) | |
| ১৬০ | অগ্নি নির্বাপনের জন্য জলাধারে কমপক্ষে কত লিটার পানি সংরক্ষন করতে হবে? | ৫০০০ লিঃ এবং উহা সব সময় পানি দ্বারা পূর্ণ থাকিতে হইবে এবং হোজরিলের সহিত সংযুক্ত রাখিতে হইবে। তবে অগ্নি নির্বাপণের লক্ষে পাইপের মাধ্যমে সংযুক্ত করিয়া { পরিকল্পনা ও নক্সা মহাপরিদর্শক বা ক্ষমতাপ্রাপ্ত পরিদর্শকের অনুমোদনক্রমে] যান্ত্রিক গভীর নলকূপ (Deep tubewell) বা বৈদু্যতিক পাম্পযুক্ত জলাধারের ব্যবস্থা করিতে পারিবেন। তবে শর্ত থাকে যে, এই ক্ষেত্রে মহাপরিদর্শক বা ক্ষমতাপ্রাপ্ত পরিদর্শক উপ-বিধি (১৫) প্রতিপালন হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবেন। | | ৫৫ (১৫) (১৬) | |
| ১৬১ | রিজার্ভ ট্যাংক কত মিনিট পর্যন্ত পানির ব্যাকআপ দিতে হবে? | ৭৫ মিনিট | Accord Standard | | |
| ১৬২ | ১টি ফায়ার এক্সটিংগুইসার ফ্লোর থেকে কত ফিট উচ্চতায় স্থাপন করতে হবে? | ১৮.১৪ কেজির বেশী হলে সর্বোচ্চ ৩ ফুট ।<br>১৮.১৪ কেজির কম হলে সর্বোচ্চ ৫ ফুট | Ref: NFPA–10 ,Chapter-6 | | |
| ১৬৩ | কত বর্গফুট এরিয়ার জন্য ১টি স্মোক ডিটেক্টর প্রয়োজন? | ছাদের ভিম ১২ ইঞ্চির কম হলে ৯০০ বর্গফুট এরিয়ায় ১টি, এবং ভিম ১২ ইঞ্চির বেশী হলে যে কোন উপায়ে সম্পূর্ন এরিয়া কাভার করতে হবে। | Ref. NFPA–72 Chapter-5 | | |
| ১৬৪ | ১টি বিল্ডিংয়ের উচ্চতা কত মিটারের বেশী হলে স্প্রীং কিলার প্রয়োজন? | ২৩ মিটার বা ৭৬ ফিট (ফ্লোর পর্যন্ত) | Ref. Accord Fire Standard Sec. Sprinkle system.Page#13 | | |
| ১৬৫ | ১টি ফ্লোরের আয়তন কত বর্গফুটের বেশী হলে স্প্রীং কিলার প্রয়োজন? | ২২০০০ বর্গফুট (২য় তলার বেশী হলে) | Ref. Accord Fire Standard Sec. Sprinkle system. Page#13 | | |
| ১৬৬ | তাপমাত্রা কত ডিগ্রি সেঃ হলে হিট ডিটেক্টর বাজবে এবং স্প্রীং কিলার ফেটে যাবে? | ৫৮ ডিগ্রী সে.গ্রে.- উপরে | Ref. NFPA–72 Chapter-5 | | |
| ১৬৭ | তাপমাত্রা ৫৮ ডিগ্রি সেঃ হওয়ার পর কত সময়ের মধ্য স্প্রীং কিলার ফেটে যাবে? | ৯০ সেকেন্ড | Ref. NFPA–72 Chapter-5 | | |
| ১৬৮ | কত বর্গফুট এরিয়ার জন্য ১টি স্প্রীং কিলার হেড প্রয়োজন? | ১০০ বর্গফুট | Ref. NFPA–13 , # Chapter-8 | | |
| ১৬৯ | ফায়ার এলার্ম এর শব্দ সর্বনি„ এবং সর্বোচ কত ডেসিবল গ্রহনযোগ্য হবে? | ১০৫-১২০ ডেসিবল | Ref. NFPA–72 ,Chapter-7 | | |
| ১৭০ | ফ্যাক্টরীতে ফায়ার সার্ভিসের জন্য বরাদ্দকৃত পয়েন্ট এর পাইপের ডায়ার সাইজ কত ইঞ্চি লাগবে? | ২.৫ ইঞ্চি | Ref. Accord fire standard Sec. Stand Pipe system. **Page#12** | | |
| ১৭১ | Exit Sign এর আলোর পরিমান কত লাক্স থাকতে হবে? | ৫০ লাক্স | Ref. Accord building standard. **#Part. 10** | | |
| ১৭২ | Exit Sign এর ব্যাকআপ কমপক্ষে কত মিনিট থাকতে হবে? | ৯০ মিনিট | Ref. Accord building standard.**# Part. 10** | | |
| ১৭৩ | Emergency light এর আলোর পরিমান কত লাক্স থাকতে হবে? | ক) আইলস মার্ক ২.৫ লাক্স খ) করিডোর, বর্হিগমন পথ এবং সিড়িতে লাক্স | Ref. Accord building standard Part. 10 | | |
| ১৭৪ | Emergency light এর আলোর ব্যাকআপ কমপক্ষে কত মিনিট থাকতে হবে? | ৩০ মিনিট | Ref. Accord building standard Part. 10 | | |
| ১৭৫ | সিড়ির হ্যান্ড রিল কত ইঞ্চি উচ্চতায় হতে হবে? | নতুন বিল্ডিং- ৪২ ইঞ্চি পুরাতন বিল্ডিং ৩০ ইঞ্চি | Ref. Accord building standard Part. 06 | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ১৭৬ | ছাদের রেলিং কত ইঞ্চি উচতা স পন্ন হতে হবে? | ৪২ ইঞ্চি | Ref. Accord building standard Part. 06 | | |
| ১৭৭ | রাইজারের শেষ প্রান্তে সর্ব্বনিম্ম কত থাকতে হবে? | 06 BAR<br>01 BAR = 14.503773800722 | | | |
| ১৭৮ | একটি রাইজারের জন্য কত GPM (Gallon oer minute) এর পাম্প প্রয়োজন ? | **01 Riser need 250 GPM .**<br>In bangladesh have 03 type GPM pump<br>( 500 GPM , 750 GPM, 1250 GPM) | | | |
| ১৭৯ | নিরাপদ বিদু্ৎ ব্যাবস্থা নিশ্চিত করিতে কি করিতে হইবে? | প্রতি ১২ (বারো) মাসে অন্তত একবার অথবা সার্টিফিকেটে প্রদত্ত মেয়াদ শেষ হইবার পূর্বে একজন উপযুক্ত লাইসেন্সপ্রাপ্ত ওয়্যারিং পরিদর্শক বা প্রতিষ্ঠান দ্বারা কারখানা বা প্রতিষ্ঠানের পূর্ণাংগ আর্থিং (earthing) ও ওয়ারিং (wiring)পরীক্ষা করাইয়া ফলাফলসহ প্রত্যয়নপত্র সংরক্ষণ করিতে হইবে। | | ৫৮ (৮) | |
| ১৮০ | বৈদ্যুতিক ওয়্যারিং ও উহা রক্ষণাবেক্ষণের দায়িত্ব কাকে প্রদান করা যাইবে? | সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হইতে সনদপ্রাপ্ত ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যাক্তিকে প্রদান করা যাইবে না। ব্যবহার্য বৈদ্যুতিক যন্ত্রপাতির ধরন, পরিকল্পনা এবং কারখানার যে কোন অংশে যেখানে দহনযোগ্য বা বিস্ফোরক মিশ্রণ ব্যবহৃত হয় বা জমা রাখা হয় সেই অংশের বৈদ্যুতিক তারের লাইন লাগানোর ক্ষেত্রে মহাপরিদর্শককে অবহিত করিতে হইবে। | | ৫৮ (৮) (৯) | |
| ১৮১ | আইলস মার্ক কমপক্ষে কত ইঞ্চি এবং করিডোর কমপক্ষে কত ইঞ্চি (যন্ত্রপাতি স্থাপন এবং চলাচলের রাস্তা) প্রশস্ত হতে হবে? | ৩৯.৩৭ ইঞ্চি এবং ৪৫ ইঞ্চি। যন্ত্রপাতি স্থাপনের ক্ষেত্রে দেওয়াল হইতে যন্ত্রের দূরত্ব কমপক্ষে ১ মিটার হইতে হইবে এবং স্থাপিত যন্ত্র বা যন্ত্রসারির পাশে কমপক্ষে ১ মিটার প্রশস্ত চলাচলের রাস্তা থাকিতে হইবে তবে স্থান সংকুলানের ব্যাবস্থা না থাকিলে দেওয়াল হইতে যন্ত্রপাতির দূরত্ব এবং চলাচলের রাস্তা নূন্যতম ০.৭৫ মিটার রাখা যাইবে। | | ৫৯ | |
| ১৮২ | কতজন শ্রমিকের জন্য অন্তত ১ টা পৃথক আবর্জনা ও পিকদানী বাক্স রাখতে হবে ? | ১০০ জন শ্রমিক | ৬০ | | |
| ১৮৩ | কত জন লোক থাকলে অগ্নিনির্বাপন মহড়ার আয়োজন করিতে হইবে এবং কতবার ? | পঞ্চাশ বা ততধিক শ্রমিক/কর্মচারী সম্বলিত কারখানা ও প্রতিষ্ঠানে প্রতি ০৬ [ছয়] মাসে অন্ততঃ একবার অগ্নিনির্বাপন মহড়ার আয়োজন করিতে হইবে, এবং এই বিষয়ে মালিক কর্তৃক নির্ধারিত পন্থায় [ফরম-২২(ক)] একটি রেকর্ড বুক সংরক্ষণ করিতে হইবে। এবং মহড়া আয়োজনের কমপক্ষে ১৫ দিন পূর্বে সংশ্লিষ্ট পরিদর্শক এবং নিকটস্থ ফায়ার সার্ভিস স্টেশনকে লিখিতভাবে অবহিত করিতে হইবে। | ৬২ (৮) | ৫৫ (১৪) | ২২ (ক) |
| ১৮৪ | ধারা-৬৭ অনুযায়ী নতুন যন্ত্রপাতি আবৃত না করে এরূপ শক্তি চালিত কোন যন্ত্রপাতি কোন প্রতিষ্ঠানে ব্যবহারের জন্য বিক্রি করিলে অথবা ভাড়া দিলে, অথবা কোন বিক্রেতা বা ভাড়াটিয়ার প্রতিনিধি হিসাবে উহা বিক্রি করিবার জন্য অথবা ভাড়া দেওয়ার জন্য সংগ্রহ করিলে কি দন্ড হইবে? | তিন মাস পর্যন্ত কারাদণ্ডে, অথবা এক হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৮৮ | | |
| ১৮৫ | কত মাস পর পর হয়েস্ট এবং লিফ্ট পরীক্ষা করতে হবে? | ৬৯। **(১) (গ)** প্রতি ছয় মাসে অন্ততঃ একবার একজন উপযুক্ত ব্যক্তি দ্বারা সম্পূর্ণভাবে পরীক্ষিত হইতে হইবে, এবং উক্তরূপ প্রত্যেক পরীক্ষা সংক্রান্ত বিধি দ্বারা নির্ধারিত বিষয়াদি লিপিবদ্ধ করিবার জন্য একটি রেজিস্টার থাকিতে হইবে।<br>**(৩)** প্রত্যেক প্রতিষ্ঠানে প্রত্যেক হয়েস্ট এবং লিফটের গায়ে উহার নিরাপদ বহন ক্ষমতা পরিষ্কারভাবে লিখিয়া রাখিতে হইবে এবং এই ধারণ ক্ষমতার অতিরিক্ত কোন বোঝা বহন করা যাইবে না।<br>**(৪)** প্রত্যেক প্রতিষ্ঠানে মানুষ বহনকারী প্রত্যেকটি হয়েস্ট ও লিফটের খাঁচার উভয় পার্শ্বে উঠা-নামা করার জন্য প্রবেশ পথ থাকিবে। প্রত্যেক হয়েস্ট ও লিফটের সর্বোচ্চ ধারণ ক্ষমতা বাংলায় স্পষ্ট অক্ষরে লিখিয়া রাখিতে হইবে। | ৬৯ | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ১৮৬ | ক্রেন, হয়েস্ট, লিফ্‌ট, কপিকল এবং অন্যান্য উত্তোলন যন্ত্রপাতি এর ক্ষেত্রে কি করনীয়? | ধারা ৬৮ ও ৬৯ অনুসরণের ক্ষেত্রে ফরম-৩০ অনুযায়ী ঘোষিত যোগ্য ব্যক্তি দ্বারা পরীক্ষা নিরীক্ষা না করাইয়া বা সব গুলো যন্ত্রাংশ সম্পূর্ণভাবে পরখ না করাইয়া প্রথমবারের মত ব্যবহারে লাগানো যাইবে না এবং অনুরূপ পরীক্ষাকারী ব্যক্তির নিরাপদ বহন ক্ষমতা বা চলন ক্ষমতা উল্লেখপূর্বক অনুরূপ পরীক্ষা-নিরীক্ষার ফলাফলসহ একটি প্রত্যয়নপত্র গ্রহণ করিতে হইবে এবং উহা পরিদর্শনের জন্য সংরক্ষিত রাখিতে হইবে |  | ৬০(১) (ক) |  |
| ১৮৭ | যন্ত্রপাতি পরীক্ষার প্রতিবেদনে বিবরণসমূহ কত নং ফরম অনুযায়ী রক্ষিত রেজিস্টারে লিপিবদ্ধ করিয়া রাখিতে হইবে? | ধারা ৬৮(ক)(৩) ও ৬৯(১)(গ) এর ক্ষেত্রে প্রত্যেক পরীক্ষার প্রতিবেদনের বিবরণসমূহ ফরম-২৪ অনুযায়ী রক্ষিত রেজিস্টারে লিপিবদ্ধ করিয়া রাখিতে হইবে এবং উহা পরিদর্শনের জন্য সংরক্ষিত থাকিতে হইবে |  | ৬০(১) (ঘ) | ২৪ |
| ১৮৮ | প্রেসার প্ল্যান্টের নিরাপত্তা কিভাবে নিশ্চিত করিতে হইবে? | বিধি ৬২ অনুযায়ী নিশ্চিত করিতে হইবে |  | ৬২ |  |
| ১৮৯ | ১জন প্রাপ্ত বয়স্ক পুরুষ কত কেজি বহন করতে পারবে? | সমতল ৫০ কেজি, উচ্চতায় ৪০ কেজি |  | ৬৩(১) (২) |  |
| ১৯০ | ১জন প্রাপ্ত বয়স্ক মহিলা কত কেজি বহন করতে পারবে? | সমতল ৩০ কেজি, উচ্চতায় ২৫ কেজি |  | ৬৩ (১)(২) |  |
| ১৯১ | ব্যাক্তিগত নিরাপত্তা উপকরণ সরবরাহের তথ্য কত নং ফরম অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে? | ফরম-২৩ অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে। |  | ৬৭(৩) | ২৩ |
| ১৯২ | শব্দ সর্বোচ কত ডেসিবল এর বেশী হলে বিপদজনক ধরা হবে? | ৮০ ডেসিবল |  | ৬৮ (১-র) |  |
| ১৯৩ | কোন প্রতিষ্ঠানের কোন কক্ষ, আধার, চৌবাচ্চা, গর্ত, পাইপ, ধূমপথ, অথবা অন্যান্য সীমাবদ্ধ স্থানে, যেখানে বিপজ্জনক ধোঁয়া এই পরিমাণে থাকার সম্ভাবনা আছে এরুপ জায়গায় কত ভোল্টেজের বাতি ব্যবহার করা যাবে? | উল্লিখিত কোন সীমাবদ্ধ স্থানে ২৪ ভোল্টের অধিক ভোল্টেজ যুক্ত কোন বহনযোগ্য বৈদ্যুতিক বাতি উহার অভ্যন্তরে ব্যবহার করার অনুমতি দেওয়া যাইবে না এই ধারার অধীন উপযুক্ত ব্যক্তি বলিতে বিধি ৬৫ (২) এ উল্লেখিত বুঝাইবে সরকার কর্তৃক ফরম-৩০ অনুযায়ী ঘোষিত কোন ব্যাক্তি বা প্রতিষ্ঠানও ইহার অন্তর্ভুক্ত হইবে। | ৭৭ (২) | ৬৫ (২) |  |
| ১৯৪ | বিপদজনক স্থানে নিয়োজিত শ্রমিকদের স্বাস্থ্য পরীক্ষা কত দিন পর পর করতে হবে? | বছরে ১ বার |  | ৬৮ (৫) |  |
| ১৯৫ | মারাত্নক দুর্ঘটনার জন্য কত দিনের মধ্যে নোটিশ প্রদান করতে হবে? | মালিক পরিদর্শককে পরবর্তী ০২(দুই) কর্ম দিবসের মধ্যে তৎসম্পর্কে নোটিশ মারফত অবহিত করিবেন | ৮০(১) |  |  |
| ১৯৬ | কত ঘন্টার অধিক সময় পর্যন্ত কাজে অনুপস্থিত থাকিতে বাধ্য করে, সে ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত রেজিস্টারে ইহা লিপিবদ্ধ করিয়া রাখিতে হইবে? | ৪৮(আটচল্লিশ) ঘন্টার অধিক সময় | ৮০(২) |  |  |
| ১৯৭ | রেজিস্টারে লিখিত বিবরণের একটি কপি মালিক প্রত্যেক বৎসরে কত দিনের মধ্যে প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিতে হবে? | ৩০শে জুন এবং ৩১শে ডিসেম্বর এর পরবর্তী পনর দিনের মধ্যে | ৮০(২) |  |  |
| ১৯৮ | দ্বিতীয় তফসিলে উল্লিখিত ব্যাধি দ্বারা কোন প্রতিষ্ঠানে কোন শ্রমিক আক্রান্ত হলে কি করতে হবে ? | বিধি দ্বারা নির্ধারিত ফরমে ও সময়ের মধ্যে, তৎসম্পর্কে পরিদর্শককে নোটিশ মারফত অবহিত করিবেন এবং ধারা ৮২ (২) অনুযায়ী শ্রম পরিদর্শককে লিখিত রিপোর্ট দিতে হবে। | ৮২(২) |  |  |
| ১৯৯ | ওজন কত কেজি এর বেশী হলে বিপদজনক ধরা হবে? | ৫০ কেজির অতিরিক্ত ওজনসম্পন্ন পণ্যের কোন গাঁট গুদামে উঠানো, সাজানো ও গুদামজাতকরণ |  | ৬৮(১)(ট) |  |
| ২০০ | শব্দ সর্বোচ কত ডেসিবল এর বেশী হলে বিপদজনক ধরা হবে? | ৮০ ডেসিবল |  | ৬৮(১)(র) |  |
| ২০১ | বিপদজনক কাজে নিয়োজিত শ্রমিককে কত ঘন্টা পর পর বিরতি দিতে হবে? | **প্রতি এক ঘন্টা পর পর পনেরো মিনিট** বিশ্রাম বিরতি প্রদান না করিয়া কাজ করিতে দেওয়া যাইবে না বা তাহার দ্বারা কাজ করানো যাইবে না : |  | ৯৯(২) |  |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

Prepared by
Md. Hasan Mahmud Tuhin
Masters : Mathematics ,PGDHRM, PGD on Compliance
Cell: 01828080026 , Email: hmahmud.information@gmail.com
Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ২০২ | কিরুপ দুর্ঘটনাকে ক্ষেত্রানুসারে মারাত্মক (Fatal) বা গুরুতর (Serious) বলিয়া অভিহিত করা হইবে ? | যদি কোন ব্যক্তি দুর্ঘটনায় পতিত হয় যাহার ফলে তাহার মৃত্যু ঘটে অথবা অনুরূপ কোন দুর্ঘটনার কারণে পরবর্তী ২০ দিনের মধ্যে প্রতিষ্ঠানে তাহার কাজে যোগদানের কোন যুক্তিসংগত সম্ভাবনা না থাকে, তবে অনুরূপ দুর্ঘটনাকে ক্ষেত্রানুসারে মারাত্মক (Fatal) বা গুরুতর (Serious) বলিয়া অভিহিত করা হইবে এবং উক্ত ঘটনা সংঘটিত হইবার সঙ্গে সঙ্গে প্রতিষ্ঠান কতৃপক্ষকে টেলিফোন, ফ্যাক্স, ই-মেইল অথবা বিশেষ বার্তাবাহক দ্বারা নিম্নবর্ণিত ব্যক্তি ও প্রতিষ্ঠানকে নোটিস প্রদান করিতে হইবে, যথা:(ক) মহাপরিদর্শক; (খ) সংশ্লিষ্ট জেলা প্রশাসক ; (গ) সংশ্লিষ্ট পরিদর্শক ; (ঘ) নিকটবর্তী ফায়ার সার্ভিস স্টেশন; (ঙ) নিকটবর্তী হাসপাতাল বা স্বাস্থ্য কেন্দ্র; এবং (চ) মৃত্যু ও মারাত্মক দুর্ঘটনার ক্ষেত্রে, প্রতিষ্ঠানটি যে থানা এলাকায় অবস্থিত সে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বা শিল্প পুলিশ। | | ৬৯(১) | |
| ২০৩ | দুর্ঘটনা ঘটিবার কত দিনের মধ্যে শ্রমিক কাজে যোগদানের পর কত নং ফরম অনুযায়ী উক্ত দুর্ঘটনার চূড়ান্ত রিপোর্ট সংশ্লিষ্ট জেলার উপ-মহাপরিদর্শকের নিকট প্রেরণ করিবেন? | ০২ মাসের মধ্যে শ্রমিক কাজে যোগদানের পর ফরম-২৭(ক) অনুযায়ী উক্ত দুর্ঘটনার সর্বশেষ অবস্থা বর্ণনা করিয়া একটি চূড়ান্ত রিপোর্ট সংশ্লিষ্ট জেলার উপ-মহাপরিদর্শকের নিকট প্রেরণ করিবেন। | | ৬৯ (৩) | ২৭ (ক) |
| ২০৪ | সামান্য দুর্ঘটনা কি এবং ঘটিলে কি করিতে হইবে? | কোন দুর্ঘটনায় পতিত হইয়া আহত শ্রমিক ৪৮ ঘন্টার মধ্যে কাজে যোগদান করিতে সক্ষম না হইলে এবং দুর্ঘটনার কারণে অনধিক ২০ দিন পর্যন্ত কাজে অনুপস্থিত থাকিলে উক্তরূপ দুর্ঘটনাকে সামান্য(Minor) দুর্ঘটনা হিসাবে আখ্যায়িত করিয়া প্রতিষ্ঠান কতৃপক্ষ ফরম-২৭ অনুযায়ী দুর্ঘটনা ঘটিবার অনধিক ০২ কর্ম দিবসের মধ্যে বিধি ৬৯ এর উপ-বিধি (১) এর দফা (ক), (খ) ও (গ)-তে উল্লিখিত মহাপরিদর্শকের নিকট সংবাদ প্রেরণ করিতে হইবে। | | ৭০ | |
| ২০৫ | বিপজ্জনক ঘটনা কি এবং ঘটিলে কি করিতে হইবে? | কোন প্রতিষ্ঠানে বিস্ফোরণ, অগ্নিকাণ্ড, গৃহ ধ্বস অথবা মেশিনে গুরুতর দুর্ঘটনা ঘটিলে এবং ইহাতে কেহ ব্যক্তিগতভাবে আহত হউক বা না হউক, প্রতিষ্ঠান কতৃপক্ষ অনুরূপ দুর্ঘটনার সংবাদ তিন কর্মদিবসের মধ্যে ফরম-২৭(খ) অনুযায়ী বিধি ৬৯ এর উপ-বিধি (১) এর দফা (ক), (খ) ও (গ)-তে উল্লিখিত কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে। | | ৭১ | ২৭ (খ) |
| ২০৬ | মারাত্মক দুর্ঘটনার স্থান কিভাবে রাখিত হইবে? | পরিদর্শক স্থানটি পরিদর্শন না করা পর্যন্ত অথবা ঘটনা সংঘটিত হইবার পরবর্তী অন্তত তিন দিন পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে। | | ৭২ | |
| ২০৭ | সংঘটিত প্রতিটি দুর্ঘটনা ও বিপজ্জনক ঘটনার রেকর্ড কিভাবে সংরক্ষণ করিতে হইবে? | সংঘটিত প্রতিটি দুর্ঘটনা ও বিপজ্জনক ঘটনার রেকর্ড ফরম-২৮ অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে | | ৭৩ (১) | |
| ২০৮ | দুর্ঘটনা জনিত নোটিশ শ্রম পরিদর্শক এর বরাবর কত মাস পর পর পাঠাতে হবে? | ৬ মাস শেষ হওয়ার ১৫ দিনের মধ্যে। | | ৭৩ (২) | |
| ২০৯ | শ্রমিক আইনের দ্বিতীয় তফসিলে বর্ণিত কোন ব্যাধিতে আক্রান্ত হইলে মালিক কিভাবে পরিদর্শককে অবহিত করিবেন? | জ্ঞাত হইতে পারার পরবর্তী চব্বিশ ঘন্টার মধ্যে উহা ফরম-২৯ অনুযায়ী নোটিস মারফত পরিদর্শককে অবহিত করিবেন। | | ৭৪(১) | |
| ২১০ | কর্মক্ষেত্রের ঝুঁকি নিরূপণ বছরে কতবার করিতে হইবে? | *মহাপরিদর্শক কর্তৃক ঘোষিত কর্তৃপক্ষের মাধ্যমে **প্রতি বৎসর অন্যূন একবার** কর্মক্ষেত্রের ঝুঁকি নিরূপণ করিবেন এবং সংশ্লিষ্ট মহাপরিদর্শককে অবহিত করিবেন; এলাকার উপ-মহাপরিদর্শককে অবহিত কারিবেন।<br>*নিরূপিত কর্মক্ষেত্রের ঝুঁকি প্রতিকারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন এবং **বৎসর শেষ হইবার ৩০ (ত্রিশ) দিন পূর্বে** সংশ্লিষ্ট এলাকার উপ- মহাপরিদর্শককে অবহিত করিবেন। | | ৭৫ (১) (ক) (খ) | |
| ২১১ | কত জন শ্রমিকের জন্য ০১ টি প্রাথমিক চিকিৎসা বাক্স প্রয়োজন? | প্রতি ১৫০ জনের জন্য | ৮৯ (২) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ২১২ | কত জন শ্রমিকের জন্য ০১ টি মেডিকেল কক্ষ প্রয়োজন? | তিনশ বা ততোধিক শ্রমিক নিয়োজিত থাকেন সে সকল প্রতিষ্ঠানে বিধি দ্বারা নির্ধারিত মাপের ও যন্ত্রপাতি সজ্জিত অথবা অন্যান্য সুবিধা সম্বলিত ডিসপেনসারীসহ একটি রোগী কক্ষ থাকিবে, এবং উক্ত কক্ষটি বিধি দ্বারা নির্ধারিত চিকিৎসক ও নার্সিং স্টাফের দায়িত্বে থাকিবে। | ৮৯ (৫) | | |
| ২১৩ | প্রতিটি প্রাথমিক চিকিৎসা বাক্স ও আলমারি, যন্ত্রপাতি এবং উপকরণসমূহ দায়িত্বপ্রাপ্ত ব`ক্তি কত দিনে পরীক্ষা করিতে হইবে ? | দায়িত্বপ্রাপ্ত ব`ক্তি কর্তৃক প্রতি ৩ (তিন) মাসে অন্তত একবার পরীক্ষা করিতে হইবে এবং কোন সামগ্রীর মেয়াদোত্তীর্ণ তারিখের অন্তত এক মাস পূর্বে উহা পরিবর্তন করিতে হইবে। | | ৭৬ (৫) | |
| ২১৪ | চিকিৎসা কক্ষ এ কতজন চিকিৎসক এবং মেডিক্যাল এসিস্ট্যান্ট থাকিবে? (চিকিৎসা কক্ষ এর নকশা ও জায়গার নকশা মহাপরিদর্শক বা ক্ষমতাপ্রাপ্ত পরিদর্শক কর্তৃক অনুমোদিত হইতে হইবে।) | একজন রেজিস্টার্ড চিকিৎসক , প্রশিক্ষিত কম্পাউন্ডার বা মেডিক্যাল এসিস্ট্যান্ট, নার্স এবং অধস্তন কর্মচারী থাকিবেন : তবে শর্ত থাকে যে, প্রতিষ্ঠানে নিযুক্ত শ্রমিকের সংখ্যা (তিন) হাজারের অধিক হইলে অন্যন দুইজন রেজিস্টার্ড চিকিৎসক ও অল্লাদেরকে সহায়তা করিবার জন্য প্রয়োজনীয় সংখ্যক মেডিক্যাল এসিস্ট্যান্ট এবং নার্স রাখিতে হইবে। **(সংশোধনী -২০২২:)** শ্রমিকগণ তিন শিফটে কাজ করিলে রাতের শিফটে রেজিস্টার্ড চিকিৎসকের পরিবর্তে একজন ডিপ্লোমা সনদধারী মেডিকেল এসিস্ট্যান্ট থাকিবে। | | ৭৭ (১) | |
| ২১৫ | চিকিৎসা কক্ষ এর দেয়ালসমূহ কত মিটার উচ্চতা পর্যন্ত থাকিতে হইবে? | চিকিৎসা কক্ষের মেঝে মসৃণ, অভেদ¨ও মজবুত হইবে এবং দেয়ালসমূহ ১.৫০ মিটার উচ্চতা পর্যন্ত অভেদ¨হইবে এবং কক্ষটি পর্যাপ্ত বায়ু চলাচল সম্পন্ন এবং স্বাভাবিক ও কৃত্রিম উভয়ভাবে আলোকিত থাকিতে হইবে। | | ৭৭(৪) | |
| ২১৬ | কত জন শ্রমিকের জন্য ০১ টি স্থায়ী স্বাস্থ্য কেন্দ্র প্রয়োজন? | পাঁচ হাজার বা ততোধিক শ্রমিক নিযুক্ত থাকেন সেই সকল প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠানসমূহের মালিক বা মালিকগণ বিধি দ্বারা নির্ধারিত পন্থায় একটি স্থায়ী স্বাস্থ্য কেন্দ্র পরিচালনার ব্যবস্থা করিবেন। | ৮৯(৬) | | |
| ২১৭ | কত জন শ্রমিক থাকিলে স্বাস্থ্য কেন্দ্র (Health Centre) থাকিতে হইবে? | পাঁচ হাজার(৫০০০) বা ততোধিক শ্রমিক-কর্মচারী কর্মরত থাকিলে স্বাস্থ্য কেন্দ্র (Health Centre) থাকিতে হইবে। ৫,০০০ হইতে ৭,৫০০ শ্রমিকের জন্য নূন্যতম দুইজন রেজিস্ট্রার্ড চিকিৎসক ; (আ) ৭,৫০১ বা তদূর্ধ্বের জন্য নূন্যতম তিন জন রেজিস্ট্রার্ড চিকিৎসক; এবং প্রতি চিকিৎসকের জন্য নূন্যতম একজন প্রশিক্ষণপ্রাপ্ত নার্স এবং নূন্যতম একজন যোগ`তাসম্পন্ন ড্রেসার থাকিবে । | | ৭৮(১) (ক) | |
| ২১৮ | স্বাস্থ্য কেন্দ্র (Health Centre) এ কয়টি শয্যা রাখিতে হইবে? | কমপক্ষে ৫টি শয্যা রাখিতে হইবে। পাঁচ হাজারের উর্ধ্বে প্রতি হাজার শ্রমিকের জন্য ১ টি হারে শয্যা সংখ্যা বাড়াইতে হইবে এবং প্রতিটি শয্যা জন্য মেঝের আয়তন কমপক্ষে ৩.৭২ বর্গমিটার জায়গা বরাদ্দ করিতে হইবে; তবে জরুরি অবস্থার ক্ষেত্রে মালিক, মহাপরিদর্শককে অবগত করিয়া মেঝের আয়তন শিথিল করিতে পারিবেন। | | ৭৮(১) (খ) (গ) | |
| ২১৯ | কারখানার সহিত কোন হাসপাতাল চুক্তিবদ্ধ থাকা লাগবে কিনা? | হ্যাঁ এবং কারাখানার গে ইটে বা নোটিস বোর্ডে কারখানার সহিত চুক্তিবদ্ধ হাসপাতালের নাম , ঠিকানা ও যোগাযোগ নম্বর উল্লেখ থাকিতে হইবে। | | ৭৮(১) (ঙ) | |
| ২২০ | স্বাস্থ্য কেন্দ্র পরিচালনা সংক্রান্ত বার্ষিক রিটার্ন কত নং ফরম অনুযায়ী প্রেরণ করিতে হইবে? | ফরম-৮১(ঝ) অনুযায়ী এবং বিধি **৩৬২(২)(খ) [১৫ ফেব্রুয়ারির মধে¨ফরম-৮১ অনুযায়ী বার্ষিক বিবরণী।]** এর বিধান অনুযায়ী প্রেরণ করিতে হইবে। | | ৭৮(৭) | ৮১ |
| ২২১ | কোন মহিলা চিকিৎসক তাৎক্ষণিক অবস্থায় পাওয়া না গেলে কি করনীয়? | (১) সেই ক্ষেত্রে কোন মহিলা শ্রমিকের উপস্থিতিতে পুরুষ চিকিৎসক কর্তৃক কোন মহিলা শ্রমিকের স্বাস্থ্য পরীক্ষা করা যাইবে। (২) মহিলা শ্রমিক যদি মহিলা চিকিৎসক দ্বারা স্বাস্থ্য পরীক্ষা করিবার জন¨ফি জমা প্রদান করেন তবে কোন পুরুষ চিকিৎসক দ্বারা তাহার স্বাস্থ্য পরীক্ষার জন্য আদেশ দেওয়া যাইবে না। | | ১৪৫ (১)(২) | |
| ২২২ | কত জন শ্রমিকের জন্য ০১ কল্যান কর্মকর্তা প্রয়োজন? | ৫০০ জন বা ততোধিক শ্রমিকের জন্য | ৮৯(৮) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ২২৩ | কত জন শ্রমিক থাকিলে কল্যান কর্মকর্তা (Welfare Officer) থাকিতে হইবে? | ৫০০ জন বা ততোধিক থাকিলে। তবে শর্ত থাকে যে, শ্রমিকের সংখ্যা যদি দুই হাজারের অধিক হয় তাহা হইলে, প্রতি দুই হাজার এবং অতিরিক্ত ভগ্নাংশের জন্য একজন করিয়া অতিরিক্ত কল্যান কর্মকর্তা নিয়োগ করিতে হইবে। | | ৭৯(১) | |
| ২২৪ | কল্যান কর্মকর্তার (Welfare Officer) যোগ্যতা কি হইবে ? | ক) কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী এবং শ্রম ও শিল্প সম্পর্কিত বিষয়ে অভিজ্ঞ ও বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(খ) শ্রম আইন, শিল্প সম্পর্ক, অনুযোগ-অভিযোগ নিস্পত্তিতে দক্ষতাসম্পন্ন। | | ৭৯(৩)(ক)(খ) | |
| ২২৫ | কল্যান কর্মকর্তা (Welfare Officer) নিযুক্ত বা চাকুরী অবসান ঘটিবার কত দিনের মধ্যে কর্তৃপক্ষকে জানাতে হইবে? | ১৫ দিনের মধ্যে মহাপরিদর্শক এবং মহা পরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করতে হবে। | | ৭৯(৪) | |
| ২২৬ | কত জন শ্রমিকের জন্য সেফটি রেকর্ড বুক সংরক্ষন করতে হবে? | পঁচিশ জনে অধিক শ্রমিক সম্বলিত প্রত্যেক কারখানা/প্রতিষ্ঠানে [বিধি দ্বারা নির্ধারিত] পদ্ধতিতে বাধ্যতামূলক সেইফটি রেকর্ড বুক [সংরক্ষণ ও সেইফটি তথ্য বোর্ড প্রদর্শন] করিতে হইবে। | ৯০ | | |
| ২২৭ | কত জন শ্রমিকের জন্য সেফটি কমিটি গঠন করতে হবে? | পঞ্চাশ বা তদুর্ধ্ব সংখ্যক শ্রমিক নিয়োজিত রহিয়াছেন এমন প্রত্যেক কারখানায় বিধি দ্বারা নির্ধারিত পন্থায় সেইফটি কমিটি গঠন এবং উহাকে কার্যকর করিতে হইবে। | ৯০(ক) | | |
| ২২৮ | কত দিনের মধ্যে সেইফটি কমিটি গঠন করিতে হইবে? | উৎপাদন চালু হইবার ৯ (নয়) মাসের মধ্যে | | ৮১(১) | |
| ২২৯ | সেইফটি কমিটিতে মোট সদস্য সংখ্যা কত হইবে? | সদস্য সংখ্যা ৬ (ছয়) এর কম এবং ১২ (বার) এর অধিক হইবে না এবং উহাতে মালিক ও শ্রমিক পক্ষের সমসংখ`ক প্রতিনিধি থাকিবে।<br>৫০ (পঞ্চাশ) হইতে ৫০০ (পাঁচশত) জন = ৬ (ছয়)<br>৫০১ (পাঁচশত এক) হইতে ১০০০ (এক হাজার) জন =৮ (আট)<br>১০০১ (এক হাজার এক) হইতে ৩০০০ (তিন হাজার) জন = ১০ (দশ) ৩০০১ (তিন হাজার এক) হইতে তদুর্ধ্ব শ্রমিক = ১২ (বার) জন | | ৮১(২)(৭) | |
| ২৩০ | সেইফটি কমিটিতে কোন কোন পদের লোক থাকিবেন? | (৩) কমিটিতে একজন সভাপতি, একজন সহ-সভাপতি, একজন সদস্য সচিব ও সদস্য`গণ থাকিবেন।<br>(৪) প্রথম সভায় সদস্য`গণ সর্বসম্মত সিদ্ধান্তক্রমে একজন সদস¨-সচিব নির্বাচন করিবেন:<br>তবে শর্ত থাকে যে, কারখানায় বা শিল্প-প্রতিষ্ঠানে ট্রেনিংপ্রাপ্ত সেইফটি কর্মকর্তা থাকিলে তিনি সেইফটি কমিটির মালিকপক্ষের সদস্য হিসাবে থাকিবেন এবং তিনিই কমিটির সদস্য-সচিব হিসাবে দায়িত্বপালন করিবে<br>(৫) কমিটি উহার সদস্যগণের মধ্য হইতে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা সংক্রান্ত বিশেষ কোন ক্ষেত্রের এবং বিভিন্ন শাখা বা বিভাগের দায়িত্ব প্রদান করিতে পারিবে।<br>(১৩) কোন প্রতিষ্ঠানে কমপক্ষে এক-তৃতীয়াংশ মহিলা শ্রমিক থাকিলে শ্রমিক প্রতিনিধি মনোনয়নে কমপক্ষে এক-তৃতীয়াংশ মহিলা প্রতিনিধি মনোনীত করিতে হইবে। | | ৮১(৩)(৪)(৫)(১৩) | |
| ২৩১ | সেইফটি কমিটি গঠন এর কত দিনের মধ্যে প্রথম সভা আহবান করিতে হইবে? | শ্রমিক প্রতিনিধি মনোনীত হইবার ৭ (সাত) দিনের মধ্যে মালিক তাহার প্রতিনিধিদের মনোনয়ন প্রদান করিবেন এবং এইরূপ মনোনয়ন প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে সভাপতি সেইফটি কমিটির সহ-সভাপতি ও অন্যান্য সদস্যদের সহিত আলোচনাক্রমে সেইফটি কমিটির প্রথম সভা আহবান করিবেন। | | ৮১(১১) | |
| ২৩২ | সেইফটি কমিটি এর প্রথম সভা অনুষ্ঠানের কত দিনের মধ্যে পরিদর্শককে লিখিতভাবে অবহিত করিতে হইবে ? | ১০ (দশ) দিন | | ৮১(১২) | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ২৩৩ | সেইফটি কমিটির শূন্য পদ পূরণ করার শর্ত কি ? | সেইফটি কমিটির কমপক্ষে দুই-তৃতীয়াংশ সদস্যের সমর্থনক্রমে উক্ত শূন্য পদ পূরণ করা যাইবে। তবে শর্ত থাকে যে, শ্রমিক প্রতিনিধি শ্রমিকগণের মধ¨ হইতে এবং মালিক প্রতিনিধি মালিক দ্বারা মনোনীত প্রতিনিধি হইবেন। | | ৮২(১) | |
| ২৩৪ | সেইফটি কমিটির কোন সদস্য পদে কোনরূপ পরিবর্তন ঘটিলে কত দিনের মধ্যে অবহিত করিতে হইবে? | পরিবর্তন হইবার ১৫(পনের) দিনে | | ৮২(২) | |
| ২৩৫ | সেইফটি কমিটির মেয়াদ কত বৎসর? | প্রথম সভার তারিখ হইতে ২ (দুই) বৎসর | | ৮৩(১) | |
| ২৩৬ | সেইফটি কমিটির মেয়াদ শেষ হবার কত দিনের মধ্যে পরবর্তী কমিটি গঠিত হইবে ? | পূর্ববর্তী ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে পরবর্তী কমিটি গঠিত হইবে এবং নবগঠিত কমিটি পূর্ববর্তী কমিটির মেয়াদ অতিক্রান্ত হইবার পর তাহাদের দায়িত্বভার গ্রহণ করিবে। | | ৮৩(২) | |
| ২৩৭ | সেইফটি কমিটির কার্যপরিধি, দায়-দায়িত্ব ও এখতিয়ার কি কি হইবে ? | সেইফটি কমিটি তফসিল-৪ এ বর্ণিত দায়িত্ব ও কর্তব্য পালন করিবে। | | ৮৫ | |
| ২৩৮ | কত দিন পর পর সেফটি কমিটির সভা অনুষ্ঠিত হইবে? | প্রতি ০৩ (তিন) মাসে নূন্যতম একবার | | তফসীল - ০৪ (৩)(ক) | |
| ২৩৯ | সেফটি কমিটির কার্যক্রম পরিচালনার জন্য কে খরচ বহন করিবে? | সেফটি কমিটির কার্যক্রম পরিচালনার খরচ মালিক বহন করিবে। | | তফসীল - ০৪ (১২) (ঘ) | |
| ২৪০ | সেফটি কমিটির সদস্যদের জন্য প্রশিক্ষনের ব্যাবস্থা গ্রহন করিতে হইবে কিনা? | নূতন সেইফটি কমিটি নির্বাচনের পর ৬০ (ষাট) দিনের মধ্যে মালিক কমিটির সকল সদস্যদের যথাযথভাবে দায়িত্ব ও কর্তব্য পালন বা বাস্তবায়ন করিবার নিমিত্ত প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করিবেন। | | তফসীল - ০৪ (১২)(ঙ) | |
| ২৪১ | কত জন শ্রমিকের জন্য ক্যান্টিন থাকতে হবে? | ১০০ জনের অধিক শ্রমিক | ৯২(১) | | |
| ২৪২ | একটি কারখানায় কত জন শ্রমিক কাজ করলে একটি ক্যান্টিন প্রয়োজন? | ১০০ জন এবং ১০% শ্রমিক বসার ব্যবস্থা থাকতে হবে। তবে শর্ত থাকে যে, উক্তরূপ ক্যান্টিন প্রতিষ্ঠানে কর্মরত মোট শ্রমিকের শতকরা ২০ (বিশ) জনের খাবার গ্রহণের স্থান সুবিধা সম্বলিত হইলে ধারা ৯৩ মোতাবেক পৃথকভাবে খাবার কক্ষের প্রয়োজন হইবে না। | | ৮৭(১) | |
| ২৪৩ | ক্যান্টিন স্থাপনার দূরত্বের শর্ত কি? | শৌচাগার ও প্রক্ষালন কক্ষ হইতে কমপক্ষে ৬ (ছয়) মিটার এবং বয়লার হাউস, কয়লার গাদা, ছাই এর গাদা বা ধূলা, ধোঁয়া বা ক্ষতিকর ধোঁয়ার কোন উৎস হইতে ১৫ (পনের) মিটার দূরত্বের মধে¨ কোন ক¨ান্টিন ভবন স্থাপন করা যাইবে না। | | ৮৭(৩) | |
| ২৪৪ | ক্যান্টিন এর বিল্ডিং কাঠামো কেমন হওয়া উচিত? | (৫) উচ্চতা মেঝে হইতে কোন জায়গায় ছাদের নিম্নতম অংশের ৩ (তিন) মিটারের কম হইতে পারিবে না এবং মেঝে ও ভেতরের দেয়ালে ১.২০ মিটার উচ্চতা পর্যন্ত মসৃণ ও অভেদ¨ হিসাবে তৈরি করিতে হইবে।<br>(৬) জানালা মশা মাছি নিরোধক জালিযুক্ত হইতে হইবে | | ৮৮ (৫) (৬) | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

Prepared by
Md. Hasan Mahmud Tuhin
Masters : Mathematics ,PGDHRM, PGD on Compliance
Cell: 01828080026 , Email: hmahmud.information@gmail.com

Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ২৪৫ | ক্যান্টিন এর বার্নিস বা রং শর্ত কি? | (ক) কক্ষের ভেতরে দেয়াল এবং সিলিং ও যাতায়াত পথ এবং সিঁড়ি বৎসরে কমপক্ষে একবার চুনকাম করিতে হইবে অথবা প্রতি তিন বৎসরে কমপক্ষে একবার বার্নিস বা রং করিতে হইবে ;<br>(খ) সব কাঠের জিনিসপত্র প্রতি তিন বৎসরে কমপক্ষে একবার বার্নিস বা রং করিতে হইবে ;<br>(গ) ভিতরের লোহার কাঠামো বা ইস্পাতের তৈরি জিনিসপত্র প্রতি বৎসর কমপক্ষে একবার রং বা বার্নিস করিতে হইবে ;<br>(ঘ) রন্ধনশালার ভিতরের দেয়াল প্লাষ্টিক পেইন্ট করিতে হইবে অথবা প্রতি ছয়মাসে একবার চুনকাম করিতে হইবে;<br>(ঙ) চুনকাম করানো, রং লাগানো, বার্নিস করা বা পেইন্টিং-এর কাজ করিবার তারিখের রেকর্ড ফরম-২০ অনুযায়ী রক্ষিত রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে। | | ৮৮ (৮) (ক-ঙ) | ২০ |
| ২৪৬ | ক্যান্টিন ব্যাবস্থাপনা কমিটি কিভাবে গঠিত হইবে? | (১) সমসংখ্যক ব্যাক্তির সমন্বয়ে ক্যান্টিন ব্যাবস্থাপনা কমিটি গঠিত হইবে।<br>(২) কমিটিতে শ্রমিক সদস্য ২ (দুই) জনের কম বা ৫ (পাঁচ) জনের অধিক হইতে পারিবে না।<br>(৪) কল্যান কর্মকর্তা ক্যান্টিন ব্যাবস্থাপনা কমিটির কার্যাদি তত্ত্বাবধান করিবেন। | | ৯০(১) (২)(৪ ) | |
| ২৪৭ | কত জন শ্রমিক নিযুক্ত থাকলে খাবার কক্ষ থাকতে হবে? | ২৫ জনের অধিক শ্রমিক | ৯৩(১) | | |
| ২৪৮ | খাবার কক্ষে অন্তত শতকরা কত জন শ্রমিকের স্থান সংকুলান হইতে হইবে; | শতকরা ১৫ (পনের) জন | | ৯২ (ক) | |
| ২৪৯ | কত জন শ্রমিকের জন্য বিশ্রাম কক্ষ থাকতে হবে? | ২৫ জনের বেশী মহিলা থাকলে পুরুষ ও মহিলার জন্য পৃথক বিশ্রাম কক্ষ লাগবে এবং ২৫ জনের কম মহিলা থাকলে পৃথক পর্দা ঘেরা জায়গার ব্যাবস্থা থাকতে হবে। | ৯৩ (৩) | | |
| ২৫০ | কত জন শ্রমিকের জন্য শিশু কক্ষ থাকতে হবে? | ৪০(চল্লিশ) বা ততোধিক মহিলা শ্রমিক নিয়োজিত থাকলে। | ৯৪ (১) | | |
| ২৫১ | শিশু কক্ষে কত বয়সের শিশু থাকতে পারবে? | ০৬(ছয়) বৎসরের কম বয়সী শিশু | ৯৪ (১) | | |
| ২৫২ | শিশু কক্ষের উচ্চতা ও কতটুকু জায়গার প্রয়োজন? | কক্ষের উচ্চতা মেঝে হইতে ছাদের সর্বনিম্ন অংশ পর্যন্ত ৩৬০ সেন্টিমিটারের নীচে হইবে না, এবং উহাতে অবস্থানরত প্রত্যেক শিশুর জন্য মেঝের পরিমাণ হইবে কমপক্ষে ৬০০ বর্গ সেন্টিমিটার। | ৯৪ (৫) | | |
| ২৫৩ | শিশু কক্ষ এর বিল্ডিং কাঠামো কেমন হওয়া উচিত? | উচ্চতা মেঝে হইতে ১.২২ মিটার পর্যাপ্ত | | ৯০(৩) | |
| ২৫৪ | প্রতিদিন কত লিটার দুধ সরবরাহ করিতে হইবে? | প্রতিদিন ০.২৫ লিটার দুধ এবং পর্যাপ্ত পুষ্টিকর খাবার সরবরাহ করিতে হইবে। | | ৯০(৪) | |
| ২৫৫ | শিশু কক্ষ এর ধেতৌকরন কক্ষের মেঝে কেমন হবে? | (ক) ১ মিটার উচ্চতা পর্যন্ত অভ্যন্তরীণ দেয়াল<br>(গ) একই সময়ে ব্যাবহারোপযোগী প্রতি ৫ (পাঁচ) জন শিশুর জন্য পর্যাপ্ত পানি সরবরাহসহ বেসিন বা অনুরূপ পাত্র রাখিতে হইবে এবং বাস্তবসম্মত হইলে ট্যাপের মাধ্যমে প্রতি শিশুর জন্য মাথাপিছু দৈনিক অনূন্য ৫ (পাঁচ) লিটার পানি সরবরাহ করিতে হইবে; | | ৯৫(২) (খ)(গ) | |
| ২৫৬ | কত জন শ্রমিকের জন্য বাধ্যতামুলক গ্রুপ বীমা থাকতে হবে? | ১০০ জন শ্রমিক কর্মরত থাকলে । | ৯৯(১) | | |
| ২৫৭ | শ্রমিকের মৃত্যুর ক্ষেত্রে বীমা আদায়ের দাবী উথাপিত হইলে উহা কত দিনের মধ্যে নিস্পত্তি করিতে হবে? | অনুর্ধ ১২০(একশত বিশ) দিনের মধ্যে | ৯৯(২) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# <u>শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর</u>

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ২৫৮ | বাধ্যতামুলক গ্রূপ বীমা কি কি ক্ষেত্রে প্রযোজ্য হইবে? | (২)গ্রুপ বীমা শ্রমিকের মৃত্যু এবং স্থায়ী অক্ষমতার ক্ষেত্রে প্রযোজ্য হইবে<br>(৪) বীমার বাৎসরিক প্রিমিয়াম মালিক পরিশোধ করিবেন এবং এইজন্য শ্রমিকের মজুরি হইতে কোন কর্তন করা যাইবে না ।<br>(৬) বীমার বাৎসরিক প্রিমিয়াম ও বীমার অর্থ আয়কর মুক্ত হইবে । | | ৯৮(২)(৪)(৬) | |
| ২৫৯ | ধৌতকরণ সুবিধার শর্তাবলী কি ? | **(৩)** (ক) শ্রমিকের স্বাস্থ্যহানি এবং অন্যদের স্বাস্থ্যহানি হইবার আশংকা রহিয়াছে-সেই ধরনের কর্মক্ষেত্রে মহিলা ও পুরুষদের জন্য পৃথকভাবে প্রথম ২৫ (পঁচিশ) জনের জন্য কমপক্ষে ২টি গোসল খানা থাকিবে ও পরবর্তী প্রতি ৫০ (পঞ্চাশ) জনের জন্য ১টি করিয়া গোসলখানা থাকিবে।<br>(খ) (অ) অনূ্যন ০.৬০ মিটার পর পর ট্যাপ বা জেট যুক্ত একটি ট্রাফ<br>**(৮)** মহিলাদের ধৌতকরণ সুবিধার প্রবেশ পথে অধিকাংশ শ্রমিকের বোধগম্য ভাষায় **'কেবলমাত্র মহিলাদের জন্য** স্পষ্ট নোটিস থাকিতে হইবে এবং উহা ছবি দ্বারাও নির্দেশ করিতে হইবে। | | ৮৬ (৩) (ক) (খ-অ) (৮) | |
| ২৬০ | যেসব শ্রমিককে কাজের দরুন ক্ষতিকর বা বিষাক্ত পদার্থের সংস্পর্শে আসিতে হয় তাহাদের জন্য ট্যাপ স্থাপন করিবার শর্ত কি? | প্রতি ১৫ (পনের) জন শ্রমিকের জন্য একটি করিয়া ট্যাপ স্থাপন করিতে হইবে। | | ৮৬(৬) | |
| ২৬১ | সাধারনত দৈনিক কর্মঘন্টা কত ? | ০৮ ঘন্টা | ১০০ | | |
| ২৬২ | দৈনিক বিশ্রাম ও আহারের জন্য বিরতির শর্তবলী কি কি? | ১০১। কোন প্রতিষ্ঠানে কোন শ্রমিক-<br>**(ক)** দৈনিক - ০৬ঘণ্টার অধিক কাজ করিলে = ০১ ঘন্টা বিরতি ,<br>**(খ)** ০৫ ঘণ্টার অধিক কাজ করিলে = ৩০ মিনিট বা আধা ঘন্টা বিরতি,<br>**(গ)**দৈনিক আট ঘন্টার অধিক কাজ করিতে বাধ্য থাকিবেন না, যদি না উক্ত দিনে উক্ত উদ্দেশ্যে তাহাকে দফা (ক) এর অধীন একটি বিরতি অথবা দফা (খ) এর অধীন দুইটি বিরতি দেওয়া হয়। | ১০১ | | |
| ২৬৩ | দৈনিক কর্মঘন্টার শর্ত কি ? | প্রাপ্তবয়স্ক কোন শ্রমিকের দৈনিক কর্মঘন্টা হইবে আহার এবং বিশ্রামের বিরতি ব্যাতিত ৮ (আট) ঘন্টা : তবে শর্ত থাকে যে, ধারা ১০৮ এর বিধান মোতাবেক অধিকাল ভাতা প্রদান সাপেক্ষে শ্রমিককে দিনে ১০ (দশ) ঘন্টা পর্যন্ত কাজ করানো যাইবে : আরও শর্ত থাকে যে, অধিকাল কাজ আরম্ভ হইবার কমপক্ষে দুই ঘন্টা পূর্বে তাহাকে অবহিত করিতে হইবে। | | ৯৯(১) | |
| ২৬৪ | শ্রমিকদের দৈনিক কত ঘন্টার অতিরিক্ত কাজ করানো যাইবে না? | দৈনিক ওভারটাইমসহ ১০ (দশ)ঘন্টার অতিরিক্ত কাজ করানো যাইবে না। | | ৯৯ (৩) | |
| ২৬৫ | অধিকাল(Overtime) ভাতার সাধারণ হার হিসাব করিবার পদ্ধতি কি? | (ক) দৈনিক মজুরির ভিত্তিতে নিযুক্ত শ্রমিকের ক্ষেত্রে তাহার দৈনিক মজুরির ১/৮ অংশ ;<br>(খ) সাপ্তাহিক মজুরির ভিত্তিতে নিযুক্ত শ্রমিকের ক্ষেত্রে তাহার সাপ্তাহিক মজুরির ১/৪৮ অংশ ; এবং<br>(গ) মাসিক মজুরির ভিত্তিতে নিযুক্ত শ্রমিকের ক্ষেত্রে তাহার মাসিক মজুরির ১/২০৮ অংশ।<br>**টীকা** ।- ৫২ /১২* ৪৮ ঘন্টা = ২০৮ ঘন্টায় একটি মাস হইবে। ঘন্টাপ্রতি অধিকালভাতার হার = মাসিক মূল মজুরি ও মহার্ঘ ভাতা এবং এডহক বা অন্তর্বর্তী মজুরি (যদি থাকে) * ২ * ওভারটাইম ঘন্টা / ২০৮ ঘন্টা। | | ১০২ (১) | |
| ২৬৬ | অধিকাল কাজ করাইবার হিসাব কত নং ফরম অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে? | ফরম-৩৪ অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে। | | ১০২ (৪) | ৩৪ |
| ২৬৭ | সাপ্তাহিক কর্মঘণ্টা কত ? | কোন প্রাপ্তবয়স্ক শ্রমিক কোন প্রতিষ্ঠানে সপ্তাহে আটচল্লিশ ঘণ্টার অধিক সময়ও কাজ করতে পারিবেন। তবে শর্ত থাকে যে, কোন সপ্তাহে উক্তরূপ কোন শ্রমিকের মোট কর্ম-সময় ষাট ঘন্টার অধিক হইবে না, এবং কোন বৎসরে উহা গড়ে প্রতি সপ্তাহে ছাপ্পান্ন ঘণ্টার অধিক হইবে না। | ১০২ (২) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ২৬৮ | ছুটির বহি কত নং ফরম অনুযায়ী প্রতে¨ক শ্রমিককে ছুটির একটি বহি সরবরাহ করিতে হবে? | (১) মালিক বা ব্যাবস্থাপক ফরম-৯ অনুযায়ী প্রতে¨ক শ্রমিককে ছুটির একটি বহি সরবরাহ করিবেন। (২) কারখানার ব্যাবস্থাপক বা তাহার প্রতিনিধি একাদিক্রমে ৭ (সাত) দিনের অধিক রাখিতে পারিবে না। (৪) কোন শ্রমিক ছুটির বহি হারাইয়া ফেলিলে ব্যাবস্থাপক ১০ (দশ) টাকা পরিশোধ সাপেক্ষে তাহাকে আরও এক কপি বহি সরবরাহ করিবেন এবং তাহার রেকর্ড হইতে উহাতে তথ¨অন্তর্ভুক্ত বা লিপিবদ্ধ করিতে হইবে। (৫) যদি কোন প্রতিষ্ঠান কম্পিউটারের মাধ¨মে ছুটির রেকর্ড সংরক্ষণ করে, তবে উহার ছাপানো কপি ছুটির বহি হিসাবে গণ¨হইবে। | | ১০৮ (১) (২) (৪) (৫) | 9 |
| ২৬৯ | সাপ্তাহিক ছুটি কখন? | ১০৩। কোনো প্রতিষ্ঠানে কর্মরত কোনো শ্রমিক- (ক) প্রতি সপ্তাহে কারখানা ও শিল্পের ক্ষেত্রে একদিন এবং দোকান ও প্রতিষ্ঠানের ক্ষেত্রে দেড় দিন ছুটি পাইবেন; (খ) সড়ক পরিবহণ প্রতিষ্ঠানের ক্ষেত্রে, প্রতি সপ্তাহে অবিচ্ছিন্ন চব্বিশ ঘণ্টার একদিন ছুটি পাইবেন। | ১০৩ | | |
| ২৭০ | সাপ্তাহিক ছুটি প্রদান সম্ভব না করা হইলে কিভাবে ছুটি প্রদান করিতে হইবে। | শ্রমিককে তাহার উক্তরূপ ছুটি প্রাপ্য হইবার পরবর্তী ৩ (তিন) কর্মদিবসের মধ্যে প্রদান করিতে হইবে। | | ১০১ (১) | |
| ২৭১ | সাপ্তাহিক ছুটি প্রদান না করিয়া কোন শ্রমিককে কত দিনের অধিক কাজ করানো যাইবে না? | একাধারে ১০(দশ) দিনের অধিক কাজ করানো যাইবে না। তবে শর্ত থাকে যে, শ্রমিকগণ সাপ্তাহিক ছুটির দিনে কাজ করিয়া উৎসব ছুটির সঙ্গে যোগ করিয়া ভোগ করিতে চাহিলে উপরিউক্ত বিধান প্রযোজ্য হইবে না এবং ধারা ১০২ এর বিধানমতে অব্যাহতি হিসাবে বিবেচিত হইবে: <br><br> আরও শর্ত থাকে যে, কোনো শ্রমিক সাপ্তাহিক ছুটির দিনে কাজ করিলে উৎসব ছুটি ভোগ করিবার পূর্বেই চাকরির অবসান হইলে উক্ত ছুটির সমপরিমাণ মজুরি প্রাপ্য হইবেন এবং এইক্ষেত্রে মোট মজুরি (অধিকাল ভাতা ও বোনাস ব্যতীত) কে ৩০ দ্বারা ভাগ করিয়া একদিনের মজুরি হিসাব করিতে হইবে। | | ১০১ (২) | |
| ২৭২ | সাপ্তাহিক ছুটি উৎসব-ছুটির সঙ্গে যোগ করিয়া ভোগ করিতে পারিবে ? | শ্রমিকগণ ইচ্ছা প্রকাশ করিলে যৌথ দরকষাকষি প্রতিনিধি বা অংশগ্রহণকারী কমিটির সহিত আলোচনা সাপেক্ষে সাপ্তাহিক ছুটির দিনে কাজ করিয়া পরে উক্ত সাপ্তাহিক ছুটি উৎসব-ছুটির সঙ্গে যোগ করিয়া ভোগ করিতে পারিবে এবং এইরূপ ক্ষেত্রে সাপ্তাহিক ছুটির দিনের কাজের জন্য কোনো অধিকাল ভাতা প্রদেয় হইবে না। | ১০৪ | | |
| ২৭৩ | শ্রমিকের সাপ্তাহিক ছুটির বিকল্প ছুটি কত দিনের মধ্য দিতে হবে? | যদি কোন শ্রমিক সাপ্তাহিক ছুটি হতে বঞ্চিত হন, সে ক্ষেত্রে উক্ত শ্রমিককে তার ছুটি প্রাপ্য হবার ৩ কম দিবসের মধ্য প্রদান করতে হবে। | 104 | | |
| ২৭৪ | কত নং ফরম অনুযায়ী ক্ষতিপূরণমূলক ছুটির রেজিস্টার কত বৎসর পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে? | ফরম-৩৩ অন অনুযায়ী ক্ষতিপূরণমূলক ছুটির রেজিস্টার ৩ (তিন) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে | | ১০১ (৬) | ৩৩ |
| ২৭৫ | ক্ষতিপূরণমূলক ছুটির বিজ্ঞপ্তিতে কোন পরিবর্তন আনয়নের প্রয়োজন হইলে সংশ্লিষ্ট ছুটির তারিখের অন্তত কত দিন পূর্বে উহা করিতে হইবে? | ব্যবস্থাপক উক্তরূপ ছুটির একটি বিজ্ঞপ্তি ধারা ১০৪ মোতাবেক নোটিস বোর্ডে লটকাইয়া রাখিবেন ; তবে শর্ত থাকে যে, উক্ত ছুটির বিজ্ঞপ্তিতে কোন পরিবর্তন আনয়নের প্রয়োজন হইলে সংশ্লিষ্ট ছুটির তারিখের অন্তত ৩ (তিন) দিন পূর্বে উহা করিতে হইবে | | ১০১ (১)(২) (৩) | |
| ২৭৬ | অধিকাল কর্মের জন্য অতিরিক্ত ভাতা কিভাবে দিতে হয়? | ১০৮। **(১)** কোন শ্রমিক কোন প্রতিষ্ঠানে কোন দিন বা সপ্তাহে অতিরিক্ত সময় কাজ করলে, তিনি অধিকাল কাজের জন্য তাহার মূল মজুরী ও মহার্ঘভাতা এবং এডহক বা অন্তবর্তী মজুরী, যদি থাকে, এর সাধারণ হারের **দ্বিগুণ হারে** ভাতা পাইবেন **(২)** ঠিকা-হার (পিস রেট) ক্ষেত্রে উপ-ধারা (১) এর বিধান প্রযোজ্য হইবে না। | ১০৮ | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin Website: https://hasanhmt.com

Prepared by
Md. Hasan Mahmud Tuhin
Masters : Mathematics ,PGDHRM, PGD on Compliance
Cell: 01828080026 , Email: hmahmud.information@gmail.com
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ২৭৭ | মহিলা শ্রমিকের জন্য নির্ধারিত কর্মঘন্টার সময় কখন? | কোন মহিলা শ্রমিককে তাহার বিনা অনুমতিতে কোন প্রতিষ্ঠানে **রাত দশ ঘটিকা হইতে ভোর ছয় ঘটিকা পর্যন্ত** সময়ের মধ্যে কোন কাজ করিতে দেওয়া হইবে না। তবে শর্ত থাকে যে , প্রয়োজনীয় যাতায়তের ব্যবস্থা সহ নিরাপত্তা নিশ্চিত করিতে হইবে। (সংশোদনী -২০২২) | | ১০৩ (১) | |
| ২৭৮ | মহিলা শ্রমিকের জন্য রাত দশ ঘটিকা হইতে ভোর ছয় ঘটিকা পর্যন্ত কাজ করিলে কত নং ফরম অনুযায়ী সংরক্ষন করিতে হইবে ? | (১) ফরম-৩৫ অনুযায়ী উক্ত শ্রমিকের লিখিত সম্মতি গ্রহণ করিতে হইবে।<br>(২) মহিলা শ্রমিক কর্তৃক লিখিত আবেদনের মাধ্যমে প্রত্যাহার না করা হইলে ০১ (এক) মাস পর্যন্ত কার্যকর থাকিবে। | | ১০৩ (১)(২)(৩) | ৩৫ |
| ২৭৯ | মহিলা শ্রমিক কোন পালায় কাজ করাইবার সম্মতির তথ্য কত নং ফরম-৩৬ অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে। | ফরম-৩৬ অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ করিতে হইবে। | | ১০৩ (৪) | ৩৬ |
| ২৮০ | প্রাপ্তবয়স্ক শ্রমিকের কাজের সময়ের শর্ত কি ? | কাজের সময়ের নোটিস ফরম-৩৭, ৩৭(ক) বা, ক্ষেত্রমত, ৩৭ (খ) অনুযায়ী পরিদর্শকের নিকট হইতে অনুমোদিত হইতে হইবে। | | ১০৫ | ৩৭, ৩৭(ক) ৩৭ (খ) |
| ২৮১ | পালা পদ্ধদিতে কাজের শর্ত কি ? | ১১১।**(৮)** এই ধারার অধীন কাজের সময় সম্পর্কিত কোন নোটিশের দুইটি কপি কোন প্রতিষ্ঠানের কাজ শুরুন্ন হইবার পূর্বে অনুমোদনের জন্য পরিদর্শকের নিকট প্রেরণ করিতে হইবে।<br>**(৯)** উক্ত নোটিশের একটি কপি পরিদর্শক, উহা প্রাপ্তির এক সপ্তাহের মধ্যে, কোন সংশোধন প্রয়োজন হইলে উহা নির্দেশ করিয়া মালিকের নিকট ফেরত পাঠাইবেন, এবং মালিক উক্তরূপ সংশোধন, যদি থাকে, অবিলম্বে কার্যকর করিবেন, এবং প্রতিষ্ঠানের রেকর্ডে উক্তরূপ অনুমোদন সংরক্ষণ করিবেন।<br>**(১০)** কোন প্রতিষ্ঠানের কাজের পদ্ধতিতে কোন পরিবর্তনের প্রসৎদাবে যদি নোটিশের পরিবর্তন প্রয়োজনীয় হইয়া পড়ে তাহা হইলে প্রসৎদাবিত পরিবর্তনের পূর্বে উহার দুইটি কপি পরিদর্শকের নিকট প্রেরণ করিতে হইবে এবং পরিদর্শকের পূর্ব অনুমোদন ব্যতীত উক্তরূপ কোন পরিবর্তন কার্যকর করা যাইবে না। | ১১১ | | |
| ২৮২ | শ্রমিকের উপস্থিতির সময় বিলম্বের শর্ত কি? | কোন প্রতিষ্ঠানে কোন দিনের কাজের নির্ধারিত সময়ের **আধা ঘন্টা** পরে যদি কোন শ্রমিক কাজে হাজির হন তাহা হইলে মালিক উক্ত শ্রমিককে উক্ত দিনের কাজে নিয়োগ করিতে অস্বীকার করিতে পারিবেন। | ১১১ (১১) | | |
| ২৮৩ | নৈমিত্তিক ছুটি (Casual Leave) কি? | প্রত্যেক শ্রমিক প্রতি পঞ্জিকা বৎসরে পূর্ণ মজুরীতে **১০(দশ) দিনের** নৈমিত্তিক ছুটি পাইবার অধিকারী হইবেন, এবং উক্তরূপ ছুটি কোন কারণে ভোগ না করিলেও উহা জমা থাকিবে না এবং কোন বৎসরের ছুটি পরবর্তী বৎসরে ভোগ করা যাইবে না। | ১১৫ | | |
| ২৮৪ | পীড়া-ছুটি (Sick Leave) কি? | প্রত্যেক শ্রমিক প্রত্যেক পঞ্জিকা বৎসরে পূর্ণ মজুরীতে **১৪(চৌদ্দ) দিনের** পীড়া ছুটি পাইবার অধিকারী হইবেন। রেজিষ্টার্ড চিকিৎসক কতৃক প্রত্যায়ন করতে হবে। উক্ত ছুটি ভোগ ভোগ করা না হইলে পরবর্তী বৎসর উহা আর ভোগ করা যাইবে না। | ১১৬ | | |
| ২৮৫ | নৈমিত্তিক ও পীড়া ছুটির মাঝে সাপ্তাহিক ছুটির শর্ত কি? | ধারা১১৫ ও ১১৬ মোতাবেক নৈমিত্তিক ও পীড়া ছুটি গ্রহণ করিবার ক্ষেত্রে সংশ্লিষ্ট শ্রমিক ইচ্ছা পোষণ করিলে উক্ত ছুটির পূর্বে বা পরে সাপ্তাহিক বা উৎসব ছুটি সংযোগ করিতে পারিবেন যাহা নৈমিত্তিক ছুটি হিসাবে অন্তর্ভুক্ত হইবে না : তবে শর্ত থাকে যে, নৈমিত্তিক ছুটি অথবা পীড়া ছুটির মধে¨ কোন সাপ্তাহিক বা উৎসব ছুটি পড়িলে উক্ত ছুটি মূল ছুটির অন্তর্ভুক্ত হইবে<br>আরও শর্ত থাকে যে, বৎসররের কোন অংশে কাজে যোগদানের ক্ষেত্রে শ্রমিক উক্ত ছুটি হারাহারিভাবে ভোগ করিতে পারিবেন। | | ১০৬ | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ২৮৬ | বাৎসরিক ছুটি (Annual Leave) কি? | কোন প্রতিষ্ঠানে একটানা ১ বছর কাজ করলে বাৎসরিক ছুটি পাওয়া যায় .<br>* প্রাপ্ত বয়স্ক শ্রমিক পূর্ববর্তী ১ বছরের প্রতি ১৮ দিন কাজের জন্য ১ দিন ছুটি পাবে।<br>* কিশোর শ্রমিক পূর্ববর্তী ১ বছরের প্রতি ১৫ দিন কাজের জন্য ১ দিন ছুটি পাবে। | ১১৭ (১) (ক) | | |
| ২৮৭ | বাৎসরিক ছুটির মজরীর প্রদানে শ্রমিকের কাজে উপস্থিতির দিনকে কিভাবে গন্য করিতে হইবে? | (১) ধারা ১১৭ অনুযায়ী বাৎসরিক বা অর্জিত ছুটি গণনার ক্ষেত্রে পূর্ববর্তী ১২ (বার) মাসে শ্রমিকের কাজে উপস্থিতির দিনগুলিকে গণ্য করিতে হইবে।<br>"আরও শর্ত থাকে যে, বাৎসরিক ছুটি হিসাবের ক্ষেত্রে সর্বশেষ মাসিক মোট মজুরিকে (অধিকাল ভাতা ও বোনাস ব্যতীত) ৩০ (ত্রিশ) দিয়া ভাগ করিয়া বার্ষিক ছুটির দিনের সংখ্যা দ্বারা গুণ করিয়া বার্ষিক ছুটির মজুরি গণনা করিতে হইবে।<br>(২) কোন শ্রমিক চাহিলে তাহার অব্যয়িত অর্জিত ছুটির বিপরীতে নগদ অর্থ গ্রহণ করিতে পারিবেন : তবে শর্ত থাকে যে, বৎসরান্তে অর্জিত ছুটির অর্ধেকের অধিক নগদায়ন করা যাইবে না এবং এইরূপ নগদায়ন বৎসরে মাত্র একবার করা যাইবে।<br>(৩) কোন শ্রমিক তাহার মজুরিসহ ছুটি পাওনা থাকা অবস্থায় মৃত্যুবরণ করিলে, তাহার ছুটি বাবদ মজুরি তাহার মনোনীত বা আইনগত উত্তরাধিকারীকে পরিশোধ করিতে হইবে। | | ১০৭ | |
| ২৮৮ | উৎসব ছুটি (Festival Leave) কি ? | প্রত্যেক শ্রমিককে প্রতি পঞ্জিকা বৎসরে এগার দিনের মজুরীসহ উৎসব ছুটি । | ১১৮ (১) | | |
| ২৮৯ | একই পরিবারভুক্ত শ্রমিকদের ছুটি একত্রে প্রদান এর শর্ত কি? | (১) ধারা ১১৫ মোতাবেক ছুটি একই দিনে মঞ্জুর করিতে হইবে।<br>(২) কারখানার ব্যাবস্থাপকের অনুমোদন সাপেক্ষে একজন শ্রমিক তাহার ছুটি অন্য শ্রমিকের সহিত বদল করিতে পারিবেন। | | ১০৯ (১) (২) | |
| ২৯০ | উৎসব ছুটি কত দিন হইবে এবং কবে পরবর্তী বৎসরের উৎসব ছুটি নির্ধারণ করিবেন ? | (১) যৌথ দরকষাকষি প্রতিনিধির সহিত আলোচনাক্রমে প্রতি বৎসর ৩১ ডিসেম্বরের মধ্যে পরবর্তী বৎসরের উৎসব ছুটি নির্ধারণ করিবেন, যাহা ১১ (এগার) দিনের কম হইবে না।<br>(২) নোটিশ বোর্ডে লটকাইয়া রাখিবেন এবং উহার একটি কপি সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন। | | ১১০(১) (২) | |
| ২৯১ | ক্ষতিপূরণমূলক মজুরি গণনা করতে হলে কত দিন দ্বারা ভাগ করিতে হইবে? | ধারা ১১৮ এর উপ-ধারা (৩) অনুযায়ী ক্ষতিপূরণমূলক মজুরি হিসাবের জন্য মাসিক মূল মজুরি ও মহার্ঘ ভাতা এবং এডহক বা অন্তর্বর্তী মজুরিকে (যদি থাকে) ৩০(ত্রিশ) দ্বারা ভাগ করিয়া এক দিনের ক্ষতিপূরণমূলক মজুরি গণনা করিতে হইবে। | | ১১০ (৫) | |
| ২৯২ | উৎসব ছুটির (Annual Leave) ক্ষতিপূরনমূলক ছুটি কি ? | কোনো উৎসব-ছুটির দিনে কাজ করিতে বলা যাইতে পারিবে, তবে ইহার জন্য তাহাকে এক দিনের বিকল্প ছুটি এবং দুই দিনের ক্ষতিপূরণমূলক মজুরি দিতে হইবে। | ১১৮ (৩) | | |
| ২৯৩ | উৎসব ছুটি অথবা বন্ধের সময়ের মজুরী হিসাব ও প্রদানের শর্তাবলী কি? | ১১৯। (১) এই আইনের অধীন কোন শ্রমিককে মঞ্জুরকৃত ছুটি বা বন্ধের জন্য যে হারে মজুরী প্রদেয় তাহা হইবে-ছুটির অব্যহতি পূর্ববর্তী মাসে যে দিন গুলোতে কাজ করিয়াছন সেই দিনগুলির জন্য প্রদত্ত, অধিকাল ভাতা ও বোনাস ব্যতীত, তাহার পূর্ণ সময়ের মজুরী এবং মহার্ঘ ভাতা এবং এডহক বা অন্তবর্তী মজুরী, যদি থাকে, এর দৈনিক গড়ের সমান।<br>(২) যদি কোন প্রাপ্ত বয়সক শ্রমিককে একসঙ্গে অনুযন চার দিনের এবং কোন অপ্রাপ্ত বয়স্ক শ্রমিককে একসঙ্গে অনুযন পাঁচ দিনের বাৎসরিক ছুটি মঞ্জুর করা হয় তাহা হইলে, যতদুর সম্ভব, তাহার ছুটি শুরুন্ন হইবার পূর্বে তাহাকে ছুটির মজুরী প্রদান করিতে হইবে। | ১১৯(১) (২) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ২৯৪ | প্রতি মজুরি মেয়াদে প্রত্যেক শ্রমিককে মজুরি পরিশোধের পূর্বে মজুরি স্লিপ প্রদান করিতে হবে কিনা? | ফরম-৩৮ অনুযায়ী একটি মজুরি স্লিপ প্রদান করিবেন যাহাতে শ্রমিকের প্রাপ্য মজুরি, অধিকাল ভাতা,কর্তন (যদি থাকে) ও পরিশোধযোগ্য মোট মজুরি উল্লেখ থাকিবে। | | ১১১(৩) | ৩৮ |
| ২৯৫ | উৎসব ভাতা প্রদান এর শর্ত কি? | নিরবিচ্ছিন্নভাবে ১ (এক) বৎসর চাকরি পূর্ণ করিয়াছেন তাহাদেরকে বৎসরে দুইটি উৎসব ভাতা প্রদান করিতে হইবে তবে শর্ত থাকে যে, প্রতিটি উৎসব ভাতা মাসিক মূল মজুরির অধিক হইবে না, | | ১১১(৫) | |
| ২৯৬ | নিম্নতম মজুরি প্রযোজ্য নয় সেইসকল ক্ষেত্রে শ্রমিকের মূল মজুরি ও বার্ষিক মজুরি বৃদ্ধির হার কিভাবে হবে? | যেই সকল ক্ষেত্রে সরকার ঘোষিত কোনো নিম্নতম মজুরি প্রযোজ্য নয় সেইসকল ক্ষেত্রে শ্রমিকের মূল মজুরি সাকুল্য (মোট) মজুরির ৫০% এর কম হইবে না এবং বার্ষিক মজুরি বৃদ্ধির হার মূল মজুরির ৫% এর কম হইবে না। (সংশোধনী - ২০২২) | | ১১১(৫) | |
| ২৯৭ | ঠিকাদার কর্তৃক নিযুক্ত কোন শ্রমিকের ক্ষেত্র মজুরী পরিশোধের দায়িত্ব কি? | ঠিকাদার কর্তৃক নিযুক্ত কোন শ্রমিকের মজুরী উক্ত ঠিকাদার কর্তৃক পরিশোধ না করা হইলে সেই ক্ষেত্রে প্রতিষ্ঠানের মালিক কর্তৃক উক্ত শ্রমিকের মজুরী পরিশোধ করা হইবে, যাহা ঠিকাদারের নিকট হইতে সমন্বয় করা হইবে। | ১২১ | | |
| ২৯৮ | মজুরীর স্থিরিকরণ ও পরিশোধের সময় ? | ১২২ (২) কোন মজুরীকাল এক মাসের উর্ধে হইবে না।<br>১২৩ (১)সাত কর্মদিবসের মধ্যে তাহার মজুরী পরিশোধ করিতে হইবে | ১২২(২)<br>১২৩(১) | | |
| ২৯৯ | কিভাবে মজুরি ও উহার রেকর্ড সংরক্ষণ করেত হবে? | শ্রমিক রেজিস্টারের ক্রমানুসারে মজুরিকাল অনুযায়ী মজুরি পরিশোধের একটি রেকর্ড ফরম-৩৮ অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে এবং মজুরি পরিশোধের জন¨ দায়িত্বপ্রাপ্ত ব¨ক্তি তাহার সুবিধা অনুযায়ী উহা কম্পিউটারে সংরক্ষণ করিতে পারিবে। তবে শর্ত থাকে যে, মজুরি পরিশোধকালে মুদ্রিত কপিতে রেভিনিউ স্ট্যাম ব্যবহার করিয়া শ্রমিকের স্বাক্ষর গ্রহণ করিতে হইবে।<br>(৩) ফরম-৩৮ অনুযায়ী একটি মজুরি স্লিপ প্রদান করিবেন | | ১১১<br>(১)<br>(৩) | 38 |
| ৩০০ | কোন কারনে শ্রমিকের চাকুরীর অবসান করা হয় সে ক্ষেত্রে উক্ত শ্রমিককে প্রদেয় সকল মজুরী কত কর্মদিবসের মধ্যে পরিশোধ করিতে হইবে? | তাহার চাকুরী অবসানের তারিখ হইতে পরবর্তী ৩০(ত্রিশ)কর্মদিবসের মধ্যে পরিশোধ করিতে হইবে।<br>সকল মজুরী কর্মদিবসে পরিশোধ করিতে হইবে। | ১২৩<br>(২)<br>(৩) | | |
| ৩০১ | অসম্পূর্ণ মাসের কাজের ক্ষেত্রে মজুরি হিসাব পদ্ধতি কি? | (১) মজুরির মেয়াদ পূর্ণ হইবার পূর্বে অবসান হইলে অথবা কোন শ্রমিক মাস শুরু হইবার পরে কাজে যোগদান করিলে উভয় ক্ষেত্রে অসম্পূর্ণ মাসের জন¨ শ্রমিকের মজুরি হিসাবের ক্ষেত্রে তাহার সাপ্তাহিক ও অন¨ান¨ ছুটিসহ কর্মকালীন দিনগুলিকে গণনা করিতে হইবে।<br>(২) বাড়ী ভাড়া ভাতা, যাতায়াত ভাতা এবং চিকিৎসা ভাতাসহ মাসের মোট মজুরিকে উক্ত মাসের মোট দিন¸লি দ্বারা ভাগ করিয়া উক্ত মেয়াদের দিনগুলোকে গুন করিয়া মজুরি হিসাব করিতে হইবে | | ১১৪(১)<br>(২) | |
| ৩০২ | মজুরী হইতে কর্তনযোগ্য বিষয়াদির শর্তাবলী কি ? | ধারা ২৫ এর অধীন আরোপিত জরিমানা,কর্তব্য কাজে অননুমোদিত অনুপস্থিতির জন্য কর্তন,মালিকের কোন মালামালের ৰতি বা লোকসান,সরবরাহকৃত বাসস্থান,সরকার কর্তৃক অনুমোদিত এবং মালিক কর্তৃক সরবরাহকৃত সুযোগ-সুবিধা ও সেবার জন্য কর্তন,অগ্রিম বা কর্জ আদায়ের জন্য কর্তন, শ্রমিক কর্তৃক প্রদেয় আয়কর,কোন আদালতের আদেশে কর্তন,ভবিষ্য তহবিলে জন্য চাঁদা কর্তন,সরকার কর্তৃক অনুমোদিত কোন সমবায় সমিতি ,বাংলাদেশ ডাকবিভাগ অথবা সরকারী কোন বীমা কোমপানী কর্তৃক সংরক্ষিত কোন বীমা স্কীম,সরকারের অনুমোদনক্রমে মালিক কর্তৃক গঠিত কোন তহবিল, চেক-অফ পদ্ধতিতে সিবিএ ইউনিয়নের জন্য চাঁদা কর্তন। | ১২৫।<br>(২)<br>(ক-ঠ) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৩০৩ | কর্জ বা অগ্রিম আদায়ের জন্য মজুরী বা ভ্রমণ খরচের জন্য প্রদত্ত ঋণ বা অগ্রিমের ক্ষেত্রে কর্তন করা যাইবে কি না? | **১২৯।** ধারা ১২৫ (২) (চ) এর অধীন সকল কর্তন নিম্নলিখিত শর্তাধীনে হইবে, যথাঃ**(ক)** চাকুরী শুরুর হইবার পূর্বে প্রদত্ত ঋণ বা অগ্রিম আদায় বাবদ কর্তন একটি পূর্ণ মজুরীকালের জন্য পরিশোধকৃত প্রথম মজুরী হইতে করা হইবে, কিন্তু অনুরূপ কোন কর্তন ভ্রমণ খরচের জন্য প্রদত্ত ঋণ বা অগ্রিমের ক্ষেত্রে করা যাইবে না; **(খ)** অর্জিত হয় নাই এমন কোন মজুরী বাবদ প্রদত্ত ঋণ বা অগ্রিম উহা কি পরিমাণে দেওয়া যাইবে এবং কত কিস্তিতে আদায় করা যাইবে তৎসম্বন্ধে সরকার কর্তৃক প্রণীত কোন কোন বিধি সাপেক্ষে নির্ধারিত হইবে। | ১২৯ (ক) (খ) | | |
| ৩০৪ | কর্তব্যে অনুপস্থিতির জন্য মজুরি কর্তন পদ্ধতি কি? | শ্রমিকের মূল মজুরি ও মহার্ঘ ভাতা এবং এডহক বা অন্তর্বর্তী মজুরি (যদি থাকে) কে বুঝাইবে এবং শ্রমিকের মাসিক মূল মজুরি ও মহার্ঘ ভাতা এবং এডহক বা অন্তর্বর্তী মজুরি (যদি থাকে) কে ৩০ (ত্রিশ) দ্বারা ভাগ করিয়া দৈনিক মজুরির পরিমাণ নির্ধারণ করিতে হইবে এবং উহা সংশ্লিষ্ট শ্রমিককে অবহিত করিতে হইবে। | | ১১৫ | |
| ৩০৫ | ক্ষতি বা বিনষ্টির জন¨ মজুরি কর্তনের রেকর্ড পদ্ধতি কি? | (১) ধারা ১২৭ এর উদ্দেশ¨পূরণকল্পে সকল কর্তন ও উহা আদায়ের রেকর্ড ফরম- ৩৯ অনুযায়ী সংরক্ষণ করিতে হইবে। (২) মজুরি কর্তনের বার্ষিক বিবরণী নির্ধারিত ফরমে পঞ্জিকা বর্ষ শেষ হইবার পরবর্তী ১৫ (পনের) ফেব্রুয়ারির মধে মহাপরিদর্শক বা ক্ষমতাপ্রাপ্ত পরিদর্শকের নিকট দাখিল করিতে হইবে। | | ১১৬ | ৩৯ |
| ৩০৬ | চাদাঁ বা অন্যকারনে কি শ্রমিকের মজুরী বা অন্যকোন সুবিধা কর্তন করা যাবে ? | যাবেনা। | ২৭২ | | |
| ৩০৭ | অগ্রিম মজুরি প্রদানের পদ্ধতি কি? | (১) পরবর্তী দুইটি মাসে যে পরিমাণ মজুরি অর্জন করিবার সম্ভাবনা রহিয়াছে উহা অপেক্ষা অধিক অগ্রিম প্রদান করা যাইবে না। (২) প্রদত্ত অগ্রিম অনধিক ১২ (বার) মাসের মধে কিস্তিতে আদায় করা যাইবে এবং কোন কিস্তির পরিমাণ মজুরির এক-তৃতীয়াংশের অধিক হইতে পারিবে না। (৩) ফরম-৪০ অনুযায়ী নির্ধারিত রেজিস্টারে অন্তর্ভুক্ত করিতে হইবে। | | ১১৭ | ৪০ |
| ৩০৮ | মজুরি পরিশোধের মেয়াদ ও পরিশোধের নোটিস কত দিনের মধ্যে দিতে হইবে? | (২) প্রতিষ্ঠানের প্রবেশ পথে বা উহার নিকটবর্তী প্রকাশ্য স্থানে অন¨ন ১০ (দশ) দিন পূর্বে বাংলায় সহজবোধ¨ভাষায় লিখিত নোটিস দ্বারা বিজ্ঞাপিত করিবেন। (৩) বিজ্ঞাপিত তারিখ পরিবর্তনের প্রয়োজন হইলে সঙ্গে সঙ্গে উহার কারণ ও পরিবর্তিত তারিখ উল্লেখ করিয়া পূর্বের নির্ধারিত তারিখের অন্তত ৩ (তিন) দিন পূর্বে পুন:বিজ্ঞপ্তি জারি করিতে হইবে | | ১১২ (২)(৩) | |
| ৩০৯ | চাকরির ছেদ ঘটিবার কত তারিখ এর মধ্যে পাওনা পরিশোধ করিতে হইবে? | শুধুমাত্র প্রাপ্য বকেয়া মজুরি তাহার চাকরির ছেদ ঘটিবার তারিখ হইতে পরবর্তী ৭ (সাত) কর্মদিবসের মধে এবং ক্ষতিপূরণ ও অন্যান্য পাওনা চাকরির ছেদ ঘটিবার তারিখ হইতে পরবর্তী অনধিক ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধে¨পরিশোধ করিতে হইবে। | | ১১২(৪) | |
| ৩১০ | মজুরি ও অন্যান্য পাওনাদি সম্পর্কে আপোষ-মীমাংসা এর জন্য শর্ত কি ? | (১) শ্রমিক নিজে অথবা তাহার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত হইয়া তাহার পক্ষে প্রতিষ্ঠানের যৌথ দরকষাকষি প্রতিনিধি লিখিতভাবে সংশ্লিষ্ট মালিককে অবহিত করিতে পারিবেন। (২) মালিক দাবি প্রাপ্তির পরবর্তী ১০ (দশ) দিনের মধে¨উহা নিষ্পত্তির কার্যকর ব্যবস্থা গ্রহণ করিবেন। | | ১১৩ (১) (২) | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৩১১ | মালিক ব্যর্থ হইলে দাবি পেশকারী পক্ষ বিষয়টির নিস্পত্তিকল্পে কি পদক্ষেপ নিতে পারিবেন? | (৩) ধারা ১২৪ (ক) অনুযায়ী মহাপরিদর্শক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত পরিদর্শকের নিকট লিখিত আবেদন করিতে পারিবেন।<br>(৪) মহাপরিদর্শক দাবি প্রাপ্তির চচ ২০ (বিশ) দিনের মধে¨ কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবেন এবং বর্ণিত উদে¨াগ গ্রহণ করিবার তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধে¨আবেদনের বিষয়টি নিস্পত্তি করিয়া লিখিতভাবে সিদ্ধান্ত প্রদান করিবেন। | | ১১৩<br>(৪)<br>(৫) | |
| ৩১২ | মহাপরিদর্শক কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তে সংক্ষুব্ধ পক্ষ ইচ্ছা করিলে প্রতিকার চাহিয়া কত দিনের মধ্যে শ্রম আদালতে আবেদন করিতে পারিবে? | প্রদত্ত সিদ্ধান্তে সংক্ষুব্ধ পক্ষ ইচ্ছা করিলে প্রতিকার চাহিয়া সিদ্ধান্ত প্রদানের তারিখ হইতে ৬ (ছয়) মাসের মধে¨শ্রম আদালতে আবেদন করিতে পারিবে। | | ১১৩<br>(৬) | |
| ৩১৩ | যদি দশ বা ততোধিক শ্রমিক একযোগে কারণ ব্যতীত কাজে অনুপস্থিত থাকেন তবে কি ধরনের ব্যাবস্থা নেওয়া যেতে পারে ? | যদি দশ বা ততোধিক শ্রমিক একযোগে বিনা নোটিশে এবং যুক্তিসংগত কারণ ব্যতীত কাজে অনুপস্থিত থাকেন, তাহা হইলে উক্ত প্রত্যেক শ্রমিকের নিকট হইতে মজুরী কর্তনের সহিত অনধিক আট দিনের মজুরীও যুক্ত করা যাইবে যাহা তাহার নিয়োগের শর্তানুযায়ী নোটিশের পরিবর্তে মালিককে প্রদেয় হয়। | ১২৬<br>(২) | | |
| ৩১৪ | মৃত বা নিখোঁজ শ্রমিকের অপরিশোধিত মজুরি পরিশোধ কিভাবে করতে হবে? | মৃত বা নিখোঁজ শ্রমিকের আইনগত উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণকে মজুরি পরিশোধ করতে হইবে। | ১৩১<br>(১)(ক) | | |
| ৩১৫ | মৃত বা নিখোঁজ শ্রমিকের কোনো মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারী না থাকিলে কি করিতে হইবে? | পরবর্তী ১২ (বারো) মাসের মধ্যে কোনো কারণে উক্তরূপ কোনো মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারীকে উহা প্রদান করা সম্ভব না হইলে প্রদেয় অর্থ বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের `শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিল, এ জমা প্রদান করিতে হইবে। | ১৩১<br>(১)(খ) | | |
| ৩১৬ | শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিল, এ মৃত বা নিখোঁজ শ্রমিকের অপরিশোধিত মজুরির অর্থ কত বছর জমা থাকিবে? | জমা প্রদানের তারিখ হইতে পরবর্তী ১০ (দশ) বৎসরের মধ্যে সংশ্লিষ্ট মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারীর খোঁজ না পাওয়া গেলে জমাকৃত অর্থ বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনের নিজস্ব অর্থ বলিয়া বিবেচিত হইবে। | ১৩১<br>(২) | | |
| ৩১৭ | মজুরী হইতে কর্তন বা মজুরী বিলম্বে পরিশোধের কারণে উত্থিত দাবী কত দিনের মধ্যে উত্থিত করতে হবে? | মজুরী প্রদেয় হওয়ার তারিখ হইতে ১২(বারো) মাসের মধ্যে পেশ করিতে হইবে | ১৩২<br>(২) | | |
| ৩১৮ | শ্রম আদালত ১৩২ ধারা এর অধীন মজুরী পরিশোধের জন্য দায়ী ব্যক্তিকে কি পরিমান ক্ষতিপূরন নির্দেশ দিতে পারিবে? | মজুরীর শতকরা পঁচিশ ভাগ ক্ষতিপূরন হিসাবে দরখাস্তকারীকে পরিশোধের জন্য দায়ী ব্যক্তিকে নির্দেশ দিতে পারিবে। | ১৩২<br>(৫) | | |
| ৩১৯ | দায়ী ব্যক্তির উত্থিত দাবী ভুল প্রমানিত হলে কি ব্যাবস্থা গ্রহন করা হবে? | অনধিক দুইশত টাকা পর্যন্ত জরিমানা করিতে পারিবে | ১৩২<br>(৭) | | |
| ৩২০ | মৃত শ্রমিকের অপরিশোধিত মজুরি ও অন্যান্য পাওনা পরিশোধ পদ্ধতি কি? | (১) ফরম-৪১ অনুযায়ী মনোনয়ন প্রদান করিতে হইবে।<br>(২) উক্ত মনোনয়ন ফরমে শ্রমিকের নিজের ছবি এবং মনোনীত ব¨ক্তির ছবি সংযুক্ত করিতে হইবে : | | ১১৮ | ৪১ |
| ৩২১ | মৃত শ্রমিকের কোন নমিনী না পাওয়া যায় সেই ক্ষেত্রে কি করনীয়? | (১) মালিক কর্তৃক ফরম-৪২ অনুযায়ী শ্রম আদালতে অর্থ প্রদান করিতে হইবে।<br>(২) আদালত উহার নিকট জমাকৃত অর্থের একটি প্রাপ্তি ¯ীকার রসিদ ফরম-৪৩ অনুযায়ী প্রদান করিবে। | | ১১৯ | ৪২<br>৪৩ |
| ৩২২ | আইনসংগত প্রতিনিধি অথবা মৃত শ্রমিকের উত্তরাধিকারীগণের মজুরি পরিশোধের জন্য কিভাবে শ্রম আদালতে দরখাস্ত করিতে হইবে? | শ্রমিকের পাওনা পরিশোধের জন¨ প্রযোজ¨ ক্ষেত্রে ফরম-৪৪, ৪৪(ক) বা ৪৪(খ) অনুযায়ী সংশ্লিষ্ট শ্রম আদালতে দরখাস্ত পেশ করিতে হইবে। | | ১২০ | ৪৪<br>৪৪(ক)<br>৪৪(খ) |
| ৩২৩ | শ্রম আদালতের কোন আদেশের বিরুদ্ধে কত দিনের মধ্যে ট্রাইবুনালে আপীল করা যাইবে? | আদেশ প্রদানের তারিখ হইতে ৩০(ত্রিশ) দিনের মধ্যে | ১৩৫<br>(১) | | |
| ৩২৪ | আদেশের বিরম্নদ্ধে মালিক বা মজুরী পরিশোধের জন্য দায়ী কোন ব্যক্তি কখন আপীল করিতে পারিবেন না? | দাবীকৃত মজুরী বা ক্ষতিপূরন পরিমাণ যদি ১০০০(এক হাজার) টাকার অধিক না হয় | ১৩৫<br>(২) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৩২৫ | আদেশের বিরূদ্ধে মালিক বা মজুরী পরিশোধের জন্য দায়ী কোন ব্যক্তি কখন আপীল করিতে পারিবেন না? | দাবীকৃত মজুরী বা ক্ষতিপূরন পরিমাণ যদি ১০০০(এক হাজার) টাকার অধিক না হয় | ১৩৫ (২) | | |
| ৩২৬ | আদেশের বিরূদ্ধে শ্রমিক পরিশোধের জন্য দায়ী কোন ব্যক্তি কখন আপীল করিতে পারিবেন না? | দাবীকৃত মজুরী বা ক্ষতিপূরন যদি ৫০০(পাঁচশত টাকার) টাকার অধিক না হয় | ১৩৫ (২) | | |
| ৩২৭ | শ্রমিকদের বেতন কয়টি অংশে বিভক্ত? | বেতনের ৫ টি অংশ। (মূল মজুরী , বাড়ী ভাড়া, মেডিকেল ভাতা, খাদ্য ভাতা, যাতায়াত ভাতা) । | ১৩৯ ১৪০(১) | | |
| ৩২৮ | নিষ্পত্তি, ইত্যাদি ভংগের দণ্ড কি? | কোন নিষ্পত্তি, সিদ্ধান্ত বা রোয়েদাদ ভংগ করিলে, তিনি এক বৎসর পর্যন্ত কারাদণ্ডে, অথবা দশ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৯২ | | |
| ৩২৯ | নিষ্পত্তি, ইত্যাদি বাস্তবায়নে ব্যর্থতার দন্ড কি? | কোন নিষ্পত্তি, সিদ্ধান্ত বা রোয়েদাদ বাস্তবায়নের জন্য দায়ী কোন ব্যক্তি ইচ্ছাকৃতভাবে উহা বাস্তবায়নে ব্যর্থ হইলে, তিনি দুই বৎসর পর্যন্ত কারাদণ্ডে অথবা দশ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৯৩ | | |
| ৩৩০ | নিম্নতম মজুরী বোর্ড কিভাবে গঠিত হয়? | (১) সরকার নিম্নতম মজুরী বোর্ড নামে একটি বোর্ড প্রতিষ্ঠা করিবে।<br>(২) নিম্নতম মজুরী বোর্ড, অতঃপর এই অধ্যায়ে মজুরী বোর্ড বলিয়া উলিস্নখিত, নিম্নরূপ সদস্য-সমন্বয়ে গঠিত হইবে, যথাঃ-(ক) চেয়ারম্যান; (খ) একজন নিরপেৰ সদস্য; (গ) মালিকগণের প্রতিনিধিত্বকারী একজন সদস্য; এবং (ঘ) শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী একজন সদস্য।<br>(৩) ধারা ১৩৯ এ উলিস্নখিত দায়িত্ব পালনের প্রয়োজনে, মজুরী বোর্ডে নিম্নলিখিত সদস্যদ্বয়ও অনত্দর্ভুক্ত হইবেন, যথাঃ- (ক) সংশিস্নষ্ট শিল্পের মালিকগণের প্রতিনিধিত্বকারী একজন সদস্য; (খ) সংশিস্নষ্ট শিল্পে নিযুক্ত শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী একজন সদস্য।<br>(৪) মজুরী বোর্ডের চেয়ারম্যান ও অন্যান্য সদস্যগণ সরকার কর্তৃক নিযুক্ত হইবেন।<br>(৫) মজুরী বোর্ডের চেয়ারম্যান ও নিরপেৰ সদস্য এমন ব্যক্তিগণের মধ্যে হইতে নিযুক্ত হইবেন যাহাদের শিল্প শ্রমিক ও দেশের আর্থিক অবস্থা সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান আছে, এবং যাহারা কোন শিল্পের সহিত সংশিস্নষ্ট নহেন অথবা কোন শ্রমিক বা মালিকগণের ট্রেড ইউনিয়নের সহিত সংযুক্ত নহেন।<br>(৬) সরকারের মতে, যে সকল প্রতিষ্ঠান মালিকগণের প্রতিনিধিত্বকারী এবং যে সকল প্রতিষ্ঠান শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সে সকল প্রতিষ্ঠানের কোন মনোনয়ন থাকিলে উহা বিবেচনা করিয়া উপ-ধারা (২) বা (৩) এর অধীন মালিক এবং শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী সদস্যগণকে নিযুক্ত করা হইবেঃ<br>তবে শর্ত থাকে যে, যদি একাধিক প্রচেষ্টায় মালিক কিংবা শ্রমিক প্রতিনিধির মনোনয়ন না পাওয়া যায় তাহা হইলে সরকার, নিজ বিবেচনায়, যাহাকে উপযুক্ত মনে করিবে তাহাকেই মালিক কিংবা শ্রমিক প্রতিনিধিত্বকারী সদস্য হিসাবে নিযুক্ত করিতে পারিবে। | ১৩৮ | | |
| ৩৩১ | সরকার কোন শিল্পে নিযুক্ত শ্রমিকের ন্যূনতম মজুরীর হার নির্ধারণের বিষয়টি কিভাবে বিবেচনা করিতে পারেন? | শিল্পের মালিক কিংবা শ্রমিক পক্ষ অথবা উভয় পক্ষের দাখিলকৃত আবেদনক্রমে | ১৩৯ (১) | | |
| ৩৩২ | সরকার কর্তৃক মজুরী বোর্ডকে নিম্নতম মজুরী হার সুপারিশ করার জন্য নির্দেশ প্রাপ্তি প্রাপ্তির কত মাসের মধ্যে সরকারের নিকট উহার সুপারিশ পেশ করিবে? | নির্দেশ প্রাপ্তির ছয় মাসের মধ্যে সরকারের নিকট উহার সুপারিশ পেশ করিবে। তবে শর্ত থাকে যে, মজুরী বোর্ডের অনুরোধে সরকার উক্ত মেয়াদ বৃদ্ধি করিতে পারিবে। | ১৩৯ (২) | | |
| ৩৩৩ | শিল্পে নিযুক্ত শ্রমিকের জন্য স্থিরকৃত ন্যূনতম মজুরীর হার সরকারের নির্দেশক্রমে কত বছর পর পর পুনঃনির্ধারণ করিবে? | প্রতি পাঁচ বছর অন্তর | ১৩৯ (৬) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৩৩৪ | মজুরী বোর্ড কর্তৃক নিম্নতম মজুরী হারের সুপারিশটি যদি সরকার মনে করে যে মালিকগণের বা শ্রমিকগণের জন্য ন্যায়সঙ্গত নহে, তাহা হইলে সরকার সুপারিশ প্রাপ্তির কত দিনের মধ্যে, উহা পুনরায় বিবেচনা করিয়া দেখিবার জন্য মজুরী বোর্ডের নিকট ফেরৎ পাঠাইতে পারিবে? | সুপারিশ প্রাপ্তির ৪৫[পঁয়তাল্লিশ] দিনের মধ্যে , সুপারিশের উপর উহার কোন মন্তব্য এবং তৎসম্পর্কে কোন তথ্যও প্রদান করিতে পারিবে। | ১৪০ (২) | | |
| ৩৩৫ | নিম্নতম মজুরী হারের পর্যালোচনা কোন সময়সীমার মধ্যে পর্যালোচনা করা যাইবে না? | কোন বিশেষ পারিপশ্বিক অবস্থা ব্যাতীত সুপারিশ উহা পেশের এক বৎসরের মধ্যে অথবা তিন বৎসর পরে উক্তরূপ পর্যালোচনা করা যাইবে না। | ১৪২(১) | | |
| ৩৩৬ | নিম্নতম মজুরী হারের কম হারে মজুরী প্রদানের দণ্ড কি? | এক বছর পর্যন্ত কারাদণ্ডে, অথবা পাঁচ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৮৯ (১) | | |
| ৩৩৭ | মালিক কখন দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিপূরন দিতে বাধ্য থাকিবেন? | ১৫০ এর অধীন চাকুরী চলাকালে উহা হইতে উদ্ভূত দুর্ঘটনার ফলে যদি কোন শ্রমিক শরীরে জখমপ্রাপ্ত হন | ১৫০ (১) | | |
| ৩৩৮ | মালিক কখন দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিপূরন দিতে বাধ্য থাকিবেন না? | তিন দিনের অধিক সময় কোন শ্রমিক সম্পূর্ণ বা আংশিক কর্মৰমতা না হারান,দুর্ঘটনায় জখম প্রাপ্ত হওয়ার প্রত্যক্ষ কারণ ছিল,নিরাপত্তা নিশ্চিত করার জন্য প্রণীত বিধি বা সুস্পষ্ট আদেশ শ্রমিক কর্তৃক ইচ্ছাকৃতভাবে অমান্য করা, তৃতীয় তফসিলের "ক" অংশে বর্ণিত কোন চাকুরীতে নিযুক্ত পেশাজনিত ব্যাধি ,অনুন্য ছয় মাস তৃতীয় তফসিলের "খ" খন্ডে বর্ণিত কোন চাকুরীতে পেশাজনিত ব্যাধি ,সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, তৃতীয় তফসিলে উলিস্নখিত চাকুরীর সহিত পেশাজনিত ব্যাধি,ৰতিপূরণের জন্য দেওয়ানী আদালতে কোন মোকদ্দমা দায়ের করিয়া থাকিলে। | ১৫০ (৩) | | |
| ৩৩৯ | দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিপূরণ পরিমাণ কি ? | ধারা-১৫১ এ বিস্তারিত | ১৫১ | | |
| ৩৪০ | দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিপূরণ মজুরী হিসাবের পদ্ধতি কি? | ১৫২(২)**(ক)**দুর্ঘটনার অব্যবহিত পূর্বে অবিচ্ছিন্নভাবে অনুযন বারো মাস কর্মরত ছিলেন সে ৰেত্রে, তাহার মাসিক মজুরী হইবে তাহার পূর্ববতর্ী বারো মাসে উক্ত মালিক কর্তৃক প্রদেয় মোট মজুরীর এক-দ্বাদশাংশ।<br>**(খ)** দুর্ঘটনার অব্যবহিত পূর্বে অবিচ্ছিন্নভাবে এক মাসের কম সময় কর্মরত ছিলেন সে ৰেত্রে, তাহার মাসিক মজুরী হইবে দুর্ঘটনার অব্যবহিত পূর্ববতর্ী বারো মাস সময়ে একই মালিকের অধীন তাহার মত অনুরূপ কাজে নিয়োজিত অন্য কোন শ্রমিক, অথবা উক্তরূপ অন্য কোন শ্রমিক না থাকিলে, একই এলাকায় অনুরূপ কাজে নিয়োজিত অন্য কোন শ্রমিকের অর্জিত আয়ের মাসিক গড়ের সমান অর্থ<br>**(গ) অন্যান্য ক্ষেত্রে,** দুর্ঘটনার অব্যবহিত পূর্বে অবিচ্ছিন্নভাবে কর্মরত থাকাকালীন সময়ে সংশিস্নষ্ট শ্রমিক কর্তৃক অর্জিত মোট মজুরীকে ত্রিশ গুণ করিয়া উক্ত কর্মরত সময়ের মোট দিনগুলির দ্বারা উহাকে ভাগ করিলে যে ভাগফল পাওয়া যায় উহার সমপরিমাণ অর্থ।<br>**ব্যাখ্যাঃ** এই ধারার প্রয়োজনে কোন কর্মরত সময় অবিচ্ছিন্ন বলিয়া গণ্য হইবে যদি চৌদ্দ দিনের অধিক কাল কাজে অনুপস্থিতির কারণে ইহার ধারাবাহিকতা ভঙ্গ না হয়। | ১৫২ | | |
| ৩৪১ | দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিপূরনের পুনর্বিবেচনাগুলো কি কি ? | **১ (ক)** শ্রমিকের অবস্থার পরিবর্তন হইয়াছে এই মর্মে রেজিস্টার্ড চিকিৎসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রসহ মালিক অথবা শ্রমিক কর্তৃক দরখাস্ত করা হয়।<br>**(খ)** প্রতারণার মাধ্যমে অথবা অবৈধ প্রভাব অথবা অন্যান্য অসংগত উপায়ের মাধ্যমে ক্ষতিপূরণ নির্ধারণ করা হইয়াছে। | ১৫৩ (১) | | |
| ৩৪২ | জখমের ফলে মৃত কোন শ্রমিক সম্পর্কে প্রদেয় কোন ক্ষতিপূরণ কোন পন্থায় পরিশোধ করিতে হইবে? | আইনগত অক্ষমতার অধীন কোন ব্যক্তিকে ৰতিপূরণ বাবদ প্রদেয় থোক অর্থ শ্রম আদালতে জমা দেওয়া ব্যতীত ভিন্ন কোন পন্থায় পরিশোধ করা যাইবে না। | ১৫৫ (১-৬) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com


Prepared by
Md. Hasan Mahmud Tuhin
Masters : Mathematics ,PGDHRM, PGD on Compliance
Cell: 01828080026 , Email: hmahmud.information@gmail.com
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

**Website (Professional) : https://hasanhmt.com**

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৩৪৩ | জখমের ফলে মৃত শ্রমিক এর কোর পোষ্য বিদ্যমান না থাকিলে শ্রম আদালত কি ব্যাবস্থা গ্রহন করিবে? | জমার তারিখ হইতে অনুযন দুই বৎসর পর উহার নিকট জমা অবন্টিত অর্থ শ্রমিকগণের কল্যাণের জন্য, সরকার কতৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নির্দিষ্ট অথবা স্থাপিত কোন তহবিলে হস্তান্তর করিবে। [''শ্রমিক কল্যাণ তহবিল'] | ১৫৫ (৭) | ১৪০ (১) | |
| ৩৪৪ | জখমের ফলে মৃত শ্রমিক এর ক্ষতিপূরন সম্পর্কিত কোন নোটিশ ও দাবী শ্রম আদালতে কত দিনের মধ্যে উপস্থাপন করিতে হইবে? | যদি না দুর্ঘটনা ঘটিবার দুই বৎসরের মধ্যে অথবা মৃতুযর ক্ষেত্রে উহার দুই বৎসরের মধ্যে দাবী উত্থাপন করা হয়। | ১৫৭ (১) | | |
| ৩৪৫ | মারাত্মক দুর্ঘটনা সম্পর্কে মালিকের নিকট হইতে বিবৃতি তলবের ক্ষমতা কি ? | কোন শ্রম আদালত কোন সূত্র হইতে এই খবর পায় যে, কোন শ্রমিক তাহার চাকুরী চলাকালে উহা হইতে উদ্ভূত কোন দুর্ঘটনার কারণে মারা গিয়াছেন, সে ৰেত্রে আদালত রেজিস্ট্রি ডাকযোগে প্রেরিত নোটিশ দ্বারা সংশিস্নষ্ট শ্রমিকের মালিককে নোটিশ জারীর **ত্রিশ দিনের** মধ্যে বিধি দ্বারা নির্ধারিত ফরমে উহার নিকট একটি বিবৃতি পেশ করিবার জন্য নির্দেশ দিবে, যাহাতে শ্রমিকের মৃতুযর কারণ ও তৎসম্পর্কিত পরিস্থিতি এবং মালিকের মতে উক্ত মৃত্যুর কারণে তিনি কোন ক্ষতিপূরণ জমা দিতে বাধ্য কি না তৎসম্পর্কে বর্ণনা থাকিবে। | ১৫৮ (১) | | |
| ৩৪৬ | শ্রম আদালত কতৃক মালিকের নিকট হইতে মারাত্মক দুর্ঘটনার বিবৃতি তলব এর প্রেক্ষিতে কত নং ফরম অনুযায়ী করতে হবে? | ধারা ১৫৮(১) মোতাবেক শ্রম আদালতে মারাত্মক দুর্ঘটনা সম্পর্কিত কোন বিবৃতি ও ধারা ১৫৯ অনুযায়ী মালিক কতৃক প্রদত্ত কোন রিপোর্ট ফরম-৪৯ অনুযায়ী প্রদান করিতে হইবে। | | ১৪১ | ৪৯ |
| ৩৪৭ | মারাত্মক দুর্ঘটনার রিপোর্ট কত দিনের মধ্যে শ্রম আদালতে পাঠাতে হয়? | ০৭ দিনের মধ্যে | ১৫৯ | | |
| ৩৪৮ | দুর্ঘটনার নোটিশ প্রদানের কত দিনের মধ্যে মালিক করেন সে ক্ষেত্রে মালিক শ্রমিককে পরীক্ষা করাইবেন? | নোটিশ জারীর ০৩(তিন) দিনের মধ্যে মালিকের নিজ খরচে কোন রেজিস্টার্ড চিকিৎসক দ্বারা শ্রমিককে পরীক্ষা করাইবেন । | ১৬০ (১) | | |
| ৩৪৯ | ধারা ১৬০ এর উপ-ধারা (৫) বা (৬) মোতাবেক শ্রমিকের ক্ষতিপূরণের অধিকার সাময়িকভাবে স্থগিত করা হলে পুনরায় শ্রমিক কতৃক স্বাস্থ্য পরীক্ষার জন্য আবেদন করা হলে কি পদক্ষেপ নিতে হইবে? | মালিক আবেদন প্রাপ্তির তিন দিনের মধে¨ উক্ত শ্রমিকের স্বাস্থ্য পরীক্ষার জন্য ব্যাবস্থা করিবেন। | | ১৪৪ | |
| ৩৫০ | ক্ষতিপূরণ সম্পর্কিত আবেদন নিষ্পত্তির পদ্ধতি কি? | ক্ষতিপূরণ মামলা নিস্পত্তির জন¨ শ্রম আদালত ধারা ২১৬ এবং তফসিল-৬ অনুযায়ী উহার কার্যক্রম পরিচালনা করিবে। | | ১৪৬ | |
| ৩৫১ | মৃত শ্রমিকের কোন পোষ্য না পাওয়া গেলে ক্ষতিপূরণের অর্থ আদালত কত বৎসর পর শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে স্থানান্তর করিবে? | ক্ষতিপূরণের অর্থ আদালতে জমা হইবার দুই বৎসর পর প্রাপ্ত অর্থ প্রাপ্তি স্বীকার সাপেক্ষে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০০৬ এর অধীন স্থাপিত শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে স্থানান্তর করিবে। | | ১৬১ (১) | |
| ৩৫২ | কত জন শ্রমিক থাকলে দুর্ঘটনা জনিত বীমা স্কীম চালু ও বাস্তবায়ন করিতে হইবে? | ১০ জন শ্রমিক কর্মরত থাকিলে ।উক্তরূপ দুর্ঘটনা বীমা স্কীম হইতে প্রাপ্ত সুবিধাদি বা অর্থ শ্রমিকের চিকিৎসা কাজে ব্যয় করিতে হইবে। | ১৬০ (১১) | | |
| ৩৫৩ | দুর্ঘটনার নোটিশ প্রদানে ব্যর্থতার দন্ড কি? | যদি দুর্ঘটনার কারণে সাংঘাতিক শারীরিক জখম হয়, তাহা হইলে এক হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন, অথবা যদি দুর্ঘটনার কারণে জীবন হানি ঘটে, তাহা হইলে ছয় মাস পর্যন্ত কারাদণ্ডে, অথবা তিন হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৯০ | | |
| ৩৫৪ | মহিলা শ্রমিকের ক্ষেত্রে ট্রেড ইউনিয়নের শর্তবলী কি? | শতকরা ২০ ভাগ মহিলা থাকিলে সে ক্ষেত্রে ইউনিয়ন নির্বাহী কমিটিতে ন্যূনতম ১০% মহিলা সদস্য থাকিতে হইবে। | ১৭৬ (৬) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৩৫৫ | ট্রেড ইউনিয়নের এবং প্রতিষ্ঠানপুঞ্জের ক্ষেত্রে কর্মকর্তাগণের কার্যকালের মেয়াদ কত দিন হবে? | **(ঞ)** ট্রেড ইউনিয়নের সাধারণ সদস্যগণ কর্তৃক উহার কর্মকর্তা নির্বাচনের পন্থা, এবং কর্মকর্তাগণের কার্যকালের মেয়াদ যাহা কোন ক্ষেত্রেই **দুই বৎসরের** বেশী হইবে না এবং প্রতিষ্ঠানপুঞ্জের ক্ষেত্রে কর্মকর্তাগণের কার্যকালের মেয়াদ **তিন বৎসরের** বেশী হইবে না: [তবে শর্ত থাকে যে, রাষ্ট্রীয় জরুরী অবস্থা, প্রাকৃতিক দুর্যোগ (Force majure) বা অনুরূপ কোন কারণে ট্রেড ইউনিয়নের ক্ষেত্রে ২ বৎসর অথবা প্রতিষ্ঠানপুঞ্জের ক্ষেত্রে ৩ বৎসরের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত না হইলেও উক্ত কমিটিকে অবৈধ ঘোষণা করা যাইবে না।] | ১৭৯ (ঞ) | | |
| ৩৫৬ | ট্রেড ইউনিয়নের সদস্য হইবার জন্য কিভাবে আবেদন আবেদন করিতে হইবে? | ইচ্ছুক শ্রমিক বা কর্মচারী বা মালিক বা ইউনিয়ন বা ফেডারেশনকে ফরম-৫৫(ক), ফরম-৫৫(খ) বা, ক্ষেত্রমত, ফরম-৫৫(গ) অনুযায়ীসদস্য পদের জন্য আবেদন করিতে হইবে। | | ১৬৭ (১) | ৫৫ (ক) (খ) (গ) |
| ৩৫৭ | ট্রেড ইউনিয়নের কর্মকর্তাগণের সংখ্যা কত হবে? | বিধি দ্বারা নির্ধারিত পাঁচজনের কম এবং পঁয়ত্রিশ জনের বেশী হইবে না | ১৭৯ (ট) | | |
| ৩৫৮ | ট্রেড ইউনিয়নের নির্বাহী কমিটি এবং সাধারণ সদস্যগণের সভা আহব্বানের মেয়াদকাল কত হবে? | নির্বাহী কমিটির ক্ষেত্রে প্রতি তিন মাসে অন্তত একবার এবং সাধারণ সদস্যগণের ক্ষেত্রে প্রতি বৎসরে অন্তত একবার হইতে হইবে। | ১৭৯ (ড) | | |
| ৩৫৯ | ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রিকরণের শর্তাবলী কি? | প্রতিষ্ঠানে নিযুক্ত শ্রমিকগণের মোট সংখ্যার অন্যূন শতকরা বিশভাগ(২০%) সদস্য হতে হবে। | ১৭৯ (২) | | |
| ৩৬০ | ট্রেড ইউনিয়নের সদস্য বা কর্মকর্তা হওয়ার অযোগ্যতা কি? | **(ক)**নৈতিক স্খলনজনিত কোন ফৌজদারী অপরাধে দোষী সাব্যসৎদ হইয়া থাকিলে, অথবা ধারা ১৯৬(২)(ঘ) অথবা ধারা ২৯৮ এর অধীন কোন অপরাধের জন্য দোষী সাব্যসৎদ হইয়া থাকেন এবং তাঁহার মুক্তিলাভের পর দুই বৎসর কাল অতিবাহিত না হইয়া থাকে। **(খ)** যে প্রতিষ্ঠানে ট্রেড ইউনিয়ন গঠন করা হইয়াছে সে প্রতিষ্ঠানে তিনি শ্রমিক হিসাবে নিয়োজিত বা কর্মরত না থাকেন। | ১৮০ (ক) (খ) | | |
| ৩৬১ | মালিকের বিনা অনুমতিতে কি ট্রেড নিউনিয়ন করা যাবে ? | মালিকের বিনা অনুমতিতে কোন শ্রমিক তাহার কর্ম সময়ে কোন ট্রেড ইউনিয়নের কর্মকান্ডে নিয়োজিত থাকতে পারবেনা। | ১৯৬ (১) | | |
| ৩৬২ | অসৎ শ্রম আচরণ বা এন্টি-ট্রেড ইউনিয়ন ডিসক্রিমিনেশনের দণ্ড কি? | **(১)**কোনো ব্যক্তি ধারা ১৯৫ (মালিকের পক্ষে অসৎ শ্রম আচরণ ) এর কোনো বিধান লঙ্ঘন করিলে তিনি দুই বৎসর পর্যন্ত কারাদণ্ডে, অথবা দশ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। **(২)**কোনো ব্যক্তি ধারা ১৯৬ (শ্রমিকের পক্ষে অসৎ শ্রম আচরণ ) এর কোনো বিধান লঙ্ঘন করিলে তিনি ছয় মাস পর্যন্ত কারাদণ্ডে, অথবা পাচ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। **(৩)** ধারা ১৯৬(কোন ট্রেড ইউনিয়ন অথবা শ্রমিক ব্যক্তি) এর কোনো বিধান লঙ্ঘন করিলে তিনি এক বৎসর পর্যন্ত কারাদণ্ডে, অথবা দশ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৯১ | | |
| ৩৬৩ | ট্রেড ইউনিয়নে রেজিস্ট্রি করার জন্য কিভাবে আবেদন আবেদন করিতে হইবে? | রেজিস্ট্রিকরণের জন্য ফরম-৫৬ (ক), ফরম-৫৬ (খ) বা, ক্ষেত্রমত, ফরম-৫৬ (গ) অনুযায়ীআবেদন করিতে হইবে। | | ১৬৮ (১) | ৫৬ (ক) (খ) |
| ৩৬৪ | ট্রেড ইউনিয়নে নির্বাহী কমিটির সদস্য সংখ্যা কত হবে? | ৫০-১০০ = ৭ , ১০১-৪০০=৯, ৪০১-৮০০=১১, ৮০১ - ১৫০০=১৩,১৫০১-৩০০০ = ১৭ , ৩০০১- ৫০০০ = ২৫, ৫০০১ - ৭৫০০ = ৩০ , ৭৫০১ - **ততোধিক** =৩৫ | | ১৬৯ | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin Website: https://hasanhmt.com

Prepared by
Md. Hasan Mahmud Tuhin
Masters : Mathematics ,PGDHRM, PGD on Compliance
Cell: 01828080026 , Email: hmahmud.information@gmail.com
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৩৬৫ | যৌথ দরকষাকষি প্রতিনিধি কি? | ২০২। (১) যে ৰেত্রে কোন প্রতিষ্ঠানে একটিমাত্র ট্রেড ইউনিয়ন থাকে সে ৰেত্রে উক্ত প্রতিষ্ঠানের জন্য উহা যৌথ দরকষাকষি প্রতিনিধি বলিয়া গণ্য হইবে।<br>(২) যে ক্ষেত্রে কোন প্রতিষ্ঠানে একাধিক ট্রেড ইউনিয়ন থাকে সে ক্ষেত্রে [ ইউনিয়ন সমূহ নিজেদের মধ্যে নির্বাচন কমিশনার মনোনয়নপূর্বক যৌথ দরকষাকষি প্রতিনিধি (CBA) নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করিবে অথবা] কোন ট্রেড ইউনিয়ন অথবা মালিক এতউদ্দেশ্যে দরখাস্ত করিলে শ্রম পরিচালক দরখাস্ত প্রাপ্তির **একশত বিশ দিনের** মধ্যে প্রতিষ্ঠানে কোন্ ট্রেড ইউনিয়ন যৌথ দরকষাকষি প্রতিনিধি হইবে, ইহা নির্ধারণের জন্য গোপন ভোটের ব্যবস্থা করিবেন। | ২০২ | | |
| ৩৬৬ | অংশগ্রহণকারী কমিটি গঠনের শর্ত কি? | অন্যুন পঞ্চাশ জন শ্রমিক কর্মরত আছেন এরূপ প্রত্যেক প্রতিষ্ঠানের মালিক বিধি দ্বারা নির্ধারিত পন্থায় তাহার প্রতিষ্ঠানে একটি অংশগ্রহণকারী কমিটি গঠন করিবেন। | ২০৫ (১) | | |
| ৩৬৭ | অংশগ্রহণকারী কমিটিতে শ্রমিকগণের প্রতিনিধির সংখ্যা কেমন হবে? | শ্রমিকগণের প্রতিনিধির সংখ্যা মালিকের প্রতিনিধির সংখ্যার কম হইবে না | ২০৫ (৩) | | |
| ৩৬৮ | অংশগ্রহণকারী কমিটির সভা কত দিন পর পর করতে হবে? | ০২ মাস অন্তর অন্তর | ২০৭ (১) | | |
| ৩৬৯ | অংশগ্রহণকারী কমিটির প্রত্যেক সভার কার্যবিবরণী, সভা অনুষ্ঠানের কত দিনের মধ্যে, শ্রম পরিচালক ও সালিসের নিকট প্রেরণ করিতে হইবে। | ০৭(সাত) দিনের মধ্যে | ২০৭ (২) | | |
| ৩৭০ | অংশগ্রহণকারী কমিটি তে সদস্য সংখ্যা কত হবে? | সদস্য সংখ্যা ৬ জনের কম এবং ৩০ জনের অধিক হইবে না।<br>০১-১০০ = ৬ , ১০১-৪০০ = ১০, ৪০১- ৮০০ = ১২ , ৮০১-১৫০০=১৪ , ১৫০১-৩০০০=১৮ , ৩০০১-৫০০০=২২,৫০০১-৭৫০০=২৪,<br>৭৫০১- ততোধিক = ৩০ | | ১৮৩ (২), (৩) | |
| ৩৭১ | নির্বাচিত শ্রমিক প্রতিনিধির তালিকা নির্বাচনের কত দিনের মধ্যে নির্বাচন পরিচালনা কমিটি শ্রম পরিচালককে লিখিতভাবে প্রেরণ করিবে। | নির্বাচিত শ্রমিক প্রতিনিধির তালিকা নির্বাচনের ১০ (দশ) দিনের মধ্যে | | ১৮৭ (৩) | |
| ৩৭২ | মালিক নির্বাচনের কত দিন পূর্বে নির্বাচন অনুষ্ঠানের জন্য মালিক ও শ্রমিকের সমন্বয়ে কত জন সদস্য বিশিষ্ট একটি নির্বাচন পরিচালনা কমিটি গঠন করে উহার অনুলিপি শ্রম পরিচালকের নিকট প্রেরণ করিবেন? | নির্বাচনের ৩০ (ত্রিশ) দিন পূর্বে মালিক ও শ্রমিকের সমন্বয়ে ৩ (তিন) হইতে ৫ (পাঁচ) সদস¨ বিশিষ্ট একটি নির্বাচন পরিচালনা কমিটি গঠন করে উহার অনুলিপি শ্রম পরিচালকের নিকট প্রেরণ করিতে হইবে। | | ১৮৮ (১) | |
| ৩৭৩ | নির্বাচন পরিচালনা কমিটিতে মালিক ও শ্রমিক পক্ষের প্রতিনিধির অনুপাতিক হার কত হইবে? | নির্বাচন পরিচালনা কমিটিতে অনধিক একজন মালিক পক্ষের প্রতিনিধি থাকিবে। (সংশোধনী ২০২২) | | ১৮৮ (২) | |
| ৩৭৪ | তফসিল ঘোষণা করিবার কত দিনের মধ্যে মনোনয়নপত্র জমা দানের সুযোগ প্রদান করিতে হইবে ? | বিজ্ঞপ্তি প্রকাশের অনধিক ৭ দিনের মধ্যে । | | ১৮৮ (৩) | |
| ৩৭৫ | প্রার্থিতা চূড়ান্ত হইবার কত কর্মদিবসের মধ্যে নির্বাচন সম্পন্ন করিতে হইবে? | পরবর্তী ১৫ কর্মদিবসের মধ্যে। | | ১৮৮ (৩) | |
| ৩৭৬ | অংশগ্রহণকারী কমিটিতে প্রতিনিধি নির্বাচিত হইবার জন্য প্রার্থীর যোগ্যতা কি? | প্রতিষ্ঠানে যাহার চাকরি ছয় মাস। তবে শর্ত থাকে যে, কোন প্রতিষ্ঠানের বয়স এক বৎসরের কম হইলে নির্বাচনে প্রার্থীর চাকরির মেয়াদ প্রযোজ¨ হইবে না। | | ১৮৯ (১) | |
| ৩৭৭ | মোট শ্রমিকের কত অংশ মহিলা শ্রমিক থাকিলে মহিলা শ্রমিকদের মধ্য হইতে আনুপাতিক হারে প্রতিনিধি নির্বাচনের ব্যাবস্থা রাখিতে হইবে? | মোট শ্রমিকের ১০% মহিলা শ্রমিক থাকিলে । | | ১৮৯ (৩) | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৩৭৮ | অংশগ্রহণকারী কমিটিতে ভোটার হইবার জন্য যোগ্যতা কি? | সাময়িক, বদলি, শিক্ষাধীন, মৌসুমি শ্রমিক ও ঠিকাদার কর্তৃক নিয়োজিত শ্রমিক ব্যাতীত অন্য সকল শ্রমিক যাহারা প্রতিষ্ঠানে অন্যূন ৩ (তিন) মাস চাকরি করিয়াছেন এবং ভোটার তালিকার একটি প্রতিলিপি শ্রম পরিচালক বা রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন্স এর নিকট প্রেরণ করিতে হইবে। | | ১৯০ (১) (২) | |
| ৩৭৯ | নির্বাচন পরিচালনা কমিটি কর্তৃক সরবরাহকৃত মনোনয়নপত্র কত নং ফরম অনুযায়ী হইবে? | ফরম-৬৪ অনুযায়ী হইবে এবং বং উহা প্রস্তাবক ও সমর্থক এবং প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে এবং কমিটি লিখিত স্বীকারপত্রের মাধ্যমে মনোনয়নপত্র গ্রহণ করিবে। | | ১৯১ (২) (৩) | ৬৪ |
| ৩৮০ | অংশগ্রহণকারী কমিটির প্রত্যয়নপত্র এবং অন্যান্য দলিল-দস্তাবেজের অবিকল নকল সংগ্রহ করিবার শর্ত কি? | মালিক বা শ্রমিক প্রয়োজনে সরকারি ট্রেজারিতে চালানের মাধ্যমে ১০০০ (এক হাজার) টাকা জমা প্রদান করিয়া অংশগ্রহণকারী কমিটির প্রত্যয়নপত্র এবং অন্যান্য দলিল-দস্তাবেজের অবিকল নকল সংগ্রহ করিতে পারিবেন। | | ১৯৩ (৭) | |
| ৩৮১ | অংশগ্রহণকারী কমিটির কর্মকর্তাগণ কিভাবে নির্ধারন করা হইবে? | (১) প্রতিষ্ঠানের মালিক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি অংশগ্রহণকারী কমিটিরচেয়ারম্যান হইবেন এবং তিনি অংশগ্রহণকারী কমিটির সভায় সভাপতিত্ব করিবেন।<br>(২) শ্রমিকদের প্রতিনিধিগণ তাহাদের মধ্য হইতে সহ-সভাপতি নির্বাচন করিবেন এবং তিনি সভাপতির অনুপস্থিতিতে কমিটির সভায় সভাপতিত্ব করিতে পারিবেন।<br>(৩) পার্সোনেল অফিসার অথবা কল্যাণ কর্মকর্তা বা উক্তরূপ দায়িত্বপালনকারী কোন কর্মকর্তা কমিটিতে মালিক পক্ষের অন্যতম প্রতিনিধি হইবেন এবং সদস্য-সচিব হিসাবে দায়িত্ব পালন করিবেন এবং তিনি কমিটির সভার বিবরণী লিপিবদ্ধ করিবার জন্য এবং সভা আহবান করিবার জন্য দায়ী থাকিবেন। | | ১৯৪ (১), (২), (৩) | |
| ৩৮২ | কত দিন পূর্বে অংশগ্রহণকারী কমিটির সভার নোটিস প্রদান করিতে হইবে? | (০৭) সাত দিনের সময় প্রদান করিয়া অংশগ্রহণকারী কমিটির সভার নোটিস জারি করিতে হইবে, তবে জরুরি সভা অনুষ্ঠানের ক্ষেত্রে ২৪ ঘন্টার নোটিস প্রদান করা যাইবে এবং কমিটির সকল প্রতিবেদন ও সভার কার্যবিবরণীর কপি শ্রম পরিচালকের নিকট প্রেরণ করিতে হইবে। | | 195 (১), (২) | |
| ৩৮৩ | কত সদস্য উপস্থিত থাকিলে সভায় কোরাম হইবে? | অনুন্য দুই তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকিলে সভায় কোরাম হইবে। | | ১৯৬ | |
| ৩৮৪ | অংশগ্রহণকারী কমিটির কার্যকালের মেয়াদ কত দিন হইবে? | কমিটি গঠনের তারিখ হইতে অংশগ্রহণকারী কমিটির কার্যকালের মেয়াদ হইবে ২(দুই) বৎসর। | | ১৯৭ (১) | |
| ৩৮৫ | অংশগ্রহণকারী কমিটির কার্যকালের মেয়াদ শেষ হইবার কত দিনের মধ্যে পরবর্তী কমিটি গঠন করিতে হইবে? | মেয়াদ শেষ হইবার ৩ (তিন) মাসের মধ্যে পরবর্তী কমিটি গঠন করিতে হইবে এবং নূতন কমিটি দায়িত্ব গ্রহণ না করা পর্যন্ত বিদ্যমান কমিটি দায়িত্ব পালন করিতে পারিবে। | | ১৯৭ (২) | |
| ৩৮৬ | কোন সদস্য এর সদস্য পদ কখন বাতিল হইয়া যাইবে? | কমিটির চেয়ারম্যানের পূর্বানুমতি ব্যাতিরেকে পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকিলে। | | ১৯৮ (১) | |
| ৩৮৭ | শিল্প বিরোধ উথাপন হইবার সম্ভাবনা আছে তখন কি করা উচিত? | মালিক অথবা যৌথ দরকষাকষি প্রতিনিধি তাহার বা উহার অভিমত ব্যক্ত করিয়া অন্য পক্ষকে লিখিতভাবে জানাইবেন। পত্র প্রাপ্তির পনের দিনের মধ্যে পত্র প্রাপক, অন্যপক্ষের সহিত আলোচনাক্রমে একটি সভার ব্যবস্থা করিবেন। | ২১০ (১) (২) | | |
| ৩৮৮ | পারস্পরিক আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির না হলে কত দিনের সময়সীমা পার হলে বিষয়টি সালিসে প্রেরন করিবেন? | বিরোধ নিষ্পত্তির জন্য অনুষ্ঠিত প্রথম সভার তারিখ হইতে ০১(এক) মাসের মধ্যে কোন নিষ্পত্তিতে উপনীত হওয়া না যায় হলে লিখিতভাবে সালিসে প্রেরন করিবেন। | ২১০ (৪) (খ) | | |
| ৩৮৯ | লিখিতভাবে পত্র পাওয়ার পর সালিসি কত দিনের মধ্যে কার্যক্রম শুরু করিবেন? | অনুরোধ প্রাপ্ত হইবার দশ দিনের মধ্যে সালিস (Conciliator) তাহার সালিসী কার্যক্রম (Conciliation) শুরু করিবেন, এবং বিরোধ নিষ্পত্তির জন্য উভয় পক্ষের সভা আহ্বান করিবেন। | ২১০ (৬) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: http://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৩৯০ | ধারা ২১০(৭)[বিরোধের পক্ষগণ স্বয়ং অথবা তাহাদের মনোনীত এবং উভয় পক্ষের মধ্যে অবশ্য পালনীয় চুক্তি সম্পাদন করিতে ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সালিস (Conciliator) এর নিকট তৎকর্তৃক নির্ধারিত তারিখে ও সময়ে হাজির হইবেন।] না মানার দণ্ড কি? | তিন মাস পর্যন্ত কারাদণ্ডে, অথবা দুই হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ৩০১ | | |
| ৩৯১ | সালিসি কার্যক্রম ব্যার্থ হলে কি করা হবে? | **(১০)** যদি সালিসী কার্যক্রম (Conciliation) ব্যর্থ হয়, তাহা হইলে সালিস (Conciliator) উভয় পক্ষকে বিরোধটি নিষ্পত্তির লক্ষ্যে উহা কোন মধ্যস্থতাকারী (Arbitrator) এর নিকট প্রেরণ করিবার জন্য রাজী করাইতে চেষ্টা করিবেন।<br>**(১১)** যদি পক্ষগণ বিরোধটি নিষ্পত্তির জন্য কোন মধ্যস্থতাকারীর (Arbitrator) নিকট প্রেরণে রাজী না হন, তাহা হইলে সালিস (Conciliator), সালিসী কার্যক্রম (Conciliation) ব্যর্থ হওয়ার তিন দিনের মধ্যে, উহা ব্যর্থ হইয়াছে এই মর্মে একটি প্রত্যয়নপত্র পক্ষগণকে প্রদান করিবেন। | ২১০ (১০) (১১) | | |
| ৩৯২ | মধ্যস্থতাকারী (Arbitrator) মধ্যস্থতার অনুরোধ প্রাপ্তির কত দিনের মধ্যে তাহার রোয়েদাদ প্রদান করিবেন? | ত্রিশ দিনের মধ্যে, অথবা পক্ষগণ কর্তৃক লিখিতভাবে স্বীকৃত কোন বর্ধিত সময়ের মধ্যে তাহার রোয়েদাদ প্রদান করিবেন। | ২১০ (১৪) | | |
| ৩৯৩ | মধ্যস্থতাকারী (Arbitrator) কর্তৃক নির্ধারিত কত বছর পর্যন্ত কোন রোয়েদাদ বৈধ থাকিবে? | অনধিক দুই বছর পর্যন্ত রোয়েদাদ বৈধ থাকিবে। | ২১০ (১৭) | | |
| ৩৯৪ | ধর্মঘট ও লক-আউট শর্তাবলী কি? | শিল্প বিরোধ উত্থাপন ব্যর্থতার প্রত্যয়নপত্র প্রাপ্তির তারিখ হইতে পনর দিনের মধ্যে অন্য পক্ষকে ধর্মঘট অথবা, ক্ষেত্রমত, লক আউটের নোটিশ প্রদান করিতে পারিবে, যাহাতে নোটিশ প্রদানের পর অন্যুন সাত দিন এবং অনধিক চৌদ্দ দিনের মধ্যে কোন তারিখ হইতে উহা শুরু হইবে উহার উল্লেখ থাকিবে, অথবা উক্ত বিরোধ উত্থাপনকারী পক্ষ বিরোধটি নিষ্পত্তির জন্য শ্রম আদালতে দরখাস্ত করিতে পারিবে। | ২১১(১) | | |
| ৩৯৫ | যৌথ দরকষাকষি প্রতিনিধি কিভাবে ধর্মঘটের পক্ষে তাহাদের রায় প্রদান করতে পারবে? | বিশেষভাবে অনুষ্ঠিত কোন গোপন ভোটের মাধ্যমে উহার মোট সদস্য সংখ্যার অন্যুন ৫১ শতাংশ সদস্য ভোট দিলে। | ২১১(১) | | |
| ৩৯৬ | ধর্মঘট ও লক-আউট কত দিনের বেশী হতে পারবেন? | যদি কোন ধর্মঘট বা লক-আউট ত্রিশ দিনের বেশী স্থায়ী হয়, তাহা হইলে সরকার, লিখিত আদেশ দ্বারা, উহা নিষিদ্ধ করিতে পারিবে। তবে শর্ত থাকে যে, সরকার উক্ত ত্রিশ দিনের পূর্বে ও যে কোন সময়ে, লিখিত আদেশ দ্বারা কোন ধর্মঘট বা লক-আউট নিষিদ্ধ ঘোষণা করিতে পারিবে, যদি সরকার এই মর্মে সন্তুষ্ট হয় যে, উক্তরূপ অব্যাহত ধর্মঘট বা লক-আউট জনজীবনে সাংঘাতিক কষ্টের কারণ হইয়াছে অথবা ইহা জাতীয় স্বার্থের হানিকর। | ২১১ (৩) | | |
| ৩৯৭ | ধর্মঘট ও লক-আউট সংক্রান্ত রোয়েদাদ এর সময়সীমা কত দিন হবে? | ০২(দুই) বৎসরের অধিক হইবে না | ২১১ (৭) | | |
| ৩৯৮ | নতুন স্থাপিত অথবা বিদেশী মালিকানাধীন হয়, অথবা বিদেশী সহযোগিতায় স্থাপিত হয় তবে কত বছর অবধি ধর্মঘট ও লক-আউট নিষিদ্ধ থাকিবে? | উৎপাদন শুরু হওয়ার পরবর্তী ০৩(তিন) বৎসর পর্যন্ত ধর্মঘট কিংবা লক-আউট নিষিদ্ধ থাকিবে। তবে, উক্তরূপ প্রতিষ্ঠানে উত্থিত কোন শিল্প বিরোধ নিষ্পত্তির ক্ষেত্রে এই অধ্যায়ে বর্ণিত অন্যান্য বিধান প্রযোজ্য হইবে। | ২১১ (৮) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৩৯৯ | বেআইনী ধর্মঘট বা লক-আউটের দণ্ড কি? | (১) কোন শ্রমিক কোন বেআইনী ধর্মঘট শুরু করিলে, অথবা চালাইয়া গেলে, অথবা উহাকে আগাইয়া নেওয়ার জন্য কোন কাজ করিলে, তিনি [ ছয় মাস] পর্যন্ত কারাদণ্ডে অথবা পাঁচ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।<br>(২) কোন মালিক কোন বেআইনী লক-আউট শুরু করিলে অথবা চালাইয়া গেলে, অথবা উহাকে আগাইয়া নেওয়ার জন্য কোন কাজ করিলে, তিনি [ ছয় মাস] পর্যন্ত কারাদণ্ডে অথবা পাঁচ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৯৪ | | |
| ৪০০ | বেআইনী ধর্মঘট বা লক-আউটে প্ররোচিত করার দন্ড কি? | কোন ব্যক্তি কোন বেআইনী ধর্মঘট বা লক-আউটে অংশ গ্রহণের জন্য অথবা উহার জন্য অর্থ খরচ বা সরবরাহের জন্য অথবা অন্য কোন ভাবে উহাকে আগাইয়া নেওয়ার জন্য কোন ব্যক্তিকে প্ররোচিত বা উৎসাহিত করিলে, তিনি [ ছয় মাস] পর্যন্ত কারাদণ্ডে অথবা পাঁচ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৯৫ | | |
| ৪০১ | ধারা ২২৮(২)[শ্রম আদালতের পূর্ব অনুমোদন ব্যতিরেকে কোন কার্যক্রম চলাকালে ট্রেড ইউনিয়নের কোন কর্মকর্তাকে ডিসচার্জ, বরখাস্ত অথবা অন্য কোন ভাবে অসদাচরণের জন্য শাস্তি দেওয়া যাইবে না] লংঘনের দণ্ড কি? | এক বৎসর পর্যন্ত কারাদণ্ডে অথবা পাঁচ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৯৭ | | |
| ৪০২ | ট্রেড ইউনিয়ন তহবিলের অর্থ আত্মসাৎ করার দন্ড কি? | তিন বৎসর পর্যন্ত কারাদণ্ডে দণ্ডনীয় হইবেন এবং অধিকন্তু তিনি অর্থদণ্ডেও দণ্ডনীয় হইবেন। | ২৯৮ (১) | | |
| ৪০৩ | কখন ট্রেড ইউনিয়ন তহবিলের অর্থ আত্মসাৎ করা হয়েছে বলে ধরে নেওয়া হবে? | শ্রম পরিচালকের সন্তোষমত কোন যুক্তিসংগত কারণ ব্যতীত,প্রদেয় চাঁদা অথবা তৎকর্তৃক শ্রমিকগণের মজুরী হইতে কর্তীত উক্ত তহবিলের চাঁদা তিন মাসের অধিক সময় পর্যন্ত যথা সময়ে উক্ত তহবিলে জমা করিতে ব্যর্থ হইলে, তিনি উক্ত তহবিলের টাকা আত্মসাৎ করিয়াছেন বলিয়া গণ্য হইবেন। | ২৯৮ (১) | | |
| ৪০৪ | অ-রেজিস্ট্রিকৃত ট্রেড ইউনিয়নের কর্মকান্ডের দন্ড কি? | তিন মাস পর্যন্ত কারাদণ্ডে অথবা দুই হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৯৯ | | |
| ৪০৫ | ট্রেড ইউনিয়নের দ্বৈত সদস্য পদের দণ্ড কি? | [এক মাস] পর্যন্ত কারাদণ্ডে অথবা দুই হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ৩০০ | | |
| ৪০৬ | ঢিমে তালের কাজে অংশ গ্রহণ বা প্ররোচনার দন্ড কি? | ছয় মাস পর্যন্ত কারাদণ্ডে অথবা পাঁচ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ২৯৬ | | |
| ৪০৭ | শ্রম আদালত কিভাবে গঠিত হয়? | (৩) শ্রম আদালতের একজন চেয়ারম্যান এবং তাহাকে পরামর্শ দেওয়ার জন্য, দুইজন সদস্যসমন্বয়ে গঠিত হইবে, তবে কোন অপরাধের বিচার অথবা দশম এবং দ্বাদশ অধ্যায়ের অধীন কোন বিষয় নিষ্পত্তির ক্ষেত্রে উহা কেবল মাত্র চেয়ারম্যান সমন্বয়ে গঠিত হইবে।<br>(৬) শ্রম আদালতের দুইজন সদস্যের মধ্যে একজন মালিকগণের প্রতিনিধিত্বকারী এবং অপরজন শ্রমিকগণের প্রতিনিধিত্বকারী হইবেন, এবং তাহারা উপ-ধারা (৯) এ বর্ণিত পন্থায় নিযুক্ত হইবেন।<br>(৭) সরকার বিধি দ্বারা নির্ধারিত পন্থায়, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, দুইটি সদস্য তালিকা প্রস্তুত করিবে, যাহার একটিতে ছয়জন মালিক প্রতিনিধির নাম এবং অপরটিতে ছয়জন শ্রমিক প্রতিনিধির নাম থাকিবে।<br>(৮) উপ-ধারা (৭) এর অধীন প্রস্তুতকৃত সদস্য তালিকা প্রতি দুই বৎসর অন্তর পুনর্গঠিত হইবে, তবে উক্ত দুই বৎসর শেষ হওয়া সত্ত্বেও পূর্ববর্তী তালিকার অন্তর্ভুক্ত সদস্যগণ নূতন তালিকা সরকারী গেজেটে প্রজ্ঞাপিত না হওয়া পর্যন্ত তালিকাভুক্ত থাকিবেন। | ২১৪ (৩) (৬) (৭) (৮) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৪০৮ | শ্রম আপীল ট্রাইব্যুনাল কিভাবে গঠিত হয়? | **(১)**একজন চেয়ারম্যান সমন্বয়ে গঠিত হইবে, অথবা সরকার উপযুক্ত বিবেচনা করিলে একজন চেয়ারম্যান এবং সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক সদস্য সমন্বয়ে গঠিত হইবে।<br>**(২)** ট্রাইব্যুনালের চেয়ারম্যান এবং সদস্যগণ, যদি থাকেন, সরকার কর্তৃক, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নিযুক্ত হইবেন এবং তাহাদের চাকুরীর শর্তাবলী সরকার কর্তৃক নির্ধারিত হইবে।<br>**(৩)** ট্রাইব্যুনালের চেয়ারম্যান সুপ্রিমকোর্টের কর্মরত অথবা অবসরপ্রাপ্ত বিচারক অথবা অতিরিক্ত বিচারক হইবেন, এবং উহার কোন সদস্য সুপ্রিমকোর্টের কর্মরত অথবা অবসরপ্রাপ্ত বিচারক অথবা অতিরিক্ত বিচারক হইবেন; অথবা অন্যূন তিন বৎসর কর্মরত আছেন বা ছিলেন এমন কোন জেলা জজ হইবেন।<br>**(৪)** যদি চেয়ারম্যান কোন কারণে অনুপস্থিত থাকেন বা তাহার কার্যসম্পাদনে অপারগ হন, তাহা হইলে সদস্যগণ যদি থাকেন, এর মধ্যে যিনি জ্যেষ্ঠ তিনি চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন। | ২১৮ (১-৪) | | |
| ৪০৯ | বে-আইনী ধর্মঘট ও লক-আউট কি? | **১- (ক)** ২২৫ এর বিধান **( শিল্প বিরোধ সংক্রান্ত কোন বিষয়ে সালিসী কার্যক্রম চলিতে থাকে)** খেলাপ করিয়া ইহা ঘোষণা বা শুরু করা হয় অথবা অব্যাহত রাখা হয়।<br>**(খ)** ধারা ২০৯ এ উল্লিখিত বিধান মোতাবেক ব্যতীত অন্য কোন পন্থায় উত্থাপিত কোন শিল্প বিরোধ অনুসারে ইহা ঘোষণা বা শুরু করা হয় অথবা অব্যাহত রাখা হয়<br>(খ) ধারা ২০৯ এ উল্লিখিত বিধান মোতাবেক ব্যতীত অন্য কোন পন্থায় উত্থাপিত কোন শিল্প বিরোধ অনুসারে ইহা ঘোষণা বা শুরু করা হয় অথবা অব্যাহত রাখা হয়;<br>**(গ)** ধারা ২১১ অথবা ২২৬ এর অধীন প্রদত্ত কোন আদেশ লঙ্ঘন করিয়া ইহা অব্যাহত রাখা হয়; অথবা<br>**(ঘ)** কোন নিষ্পত্তি বা রোয়েদাদ বলবৎ থাকাকালে উহার অন্তর্ভুক্ত কোন বিষয়ে ইহা ঘোষণা বা শুরু করা হয়, অথবা অব্যাহত রাখা হয়।<br>**(২)** কোন বে-আইনী ধর্মঘটের ফলে ঘোষিত কোন লক-আউট, এবং কোন বে-আইনী লক-আউটের ফলে ঘোষিত কোন ধর্মঘট বে-আইনী বলিয়া গণ্য হইবে না। | ২২৭ | | |
| ৪১০ | "কোম্পানীর মুনাফায় শ্রমিকের অংশগ্রহণ " অধ্যায়ের অধীন সুবিধাভোগী (beneficiary) বলিতে কাকে বুঝাবে? | কোন কোম্পানীর ``সুবিধাভোগী (beneficiary),, বলিতে শিক্ষানবিশসহ যে কোন ব্যক্তিকে বুঝাইবে যিনি মালিক কিংবা অংশীদার কিংবা পরিচালনা পর্ষদের সদস্য ব্যতীত পদ-মর্যাদা নির্বিশেষে উক্ত কোম্পানীতে **অন্যূন ৯(নয়) মাস** যাবত চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন। | ২৩৩ (ঝ) | | |
| ৪১১ | অংশগ্রহণ তহবিল ও কল্যাণ তহবিল কত দিনের মধ্যে স্থাপন করতে হবে? | এই অধ্যায় প্রযোজ্য হইবার তারিখ হইতে এক মাসের মধ্যে | ২৩৪ (১)(ক) | | |
| ৪১২ | মালিক প্রত্যেক বৎসর শেষ হইবার কত মাসের মধ্যে এবং নীট মুনাফার কত অংশ স্থাপিত শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে প্রদান করিবে? | মালিক প্রত্যেক বৎসর শেষ হইবার অন্যূন নয় মাসের মধ্যে, পূর্ববর্তী বৎসরের নীট মুনাফার পাঁচ শতাংশ (৫%) অর্থ ৮০□১০□১০ অনুপাতে যথাক্রমে অংশগ্রহণ তহবিল, কল্যাণ তহবিল এবং বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন আইন, ২০০৬ এর ধারা ১৪ এর অধীন স্থাপিত শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে প্রদান করিবে | ২৩৪ (১) | | |
| ৪১৩ | প্রদত্ত অর্থ কখন বরাদ্দ হইয়াছে বলিয়া গণ্য হইবে? | যে বৎসরের জন্য প্রদান করা হইবে সে বৎসর শেষ হইবার অব্যবহিত পরের বৎসরের পহেলা তারিখে উহা [তহবিলসমূহে] বরাদ্দ হইয়াছে বলিয়া গণ্য হইবে। | ২৩৪ (২) | | |

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৪১৪ | স্থাপিত শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলদ্ব স্থাপিত হইবার পর ব্যবস্থাপনার জন্য ট্রাস্টি বোর্ড কিভাবে গঠিত হইবে? | **১।(ক)** কোম্পানীর যৌথ দরকষাকষি প্রতিনিধি কর্তৃক মনোনীত দুইজন সদস্য বা শ্রমিকগণ কর্তৃক তাহাদের নিজেদের মধ্য হইতে নির্বাচিত দুইজন সদস্য। **(খ)** কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত দুইজন সদস্য, যাহাদের মধ্যে অন্ততঃ একজন হইবেন কোম্পানীর হিসাব শাখা হইতে মনোনীত ব্যক্তি। **২।** ট্রাস্টি বোর্ডের সদস্যগণ পালাক্রমে উপ-ধারা (১) (ক) ও (১) (খ) এর অধীন সদস্যগণের মধ্য হইতে প্রত্যেক বৎসরের জন্য উহার একজন চেয়ারম্যান নির্বাচিত করিবেন, তবে প্রথম চেয়ারম্যান উপ-ধারা (১)(খ) এর অধীন সদস্যগণের মধ্য হইতে হইবে। | ২৩৫ (১) (২) | | |
| ৪১৫ | ট্রাস্টি বোর্ড এ ধারা ২৩৪ এর বিধানসমূহ প্রতিপালন করিতে ব্যর্থ হলে কি কি জরিমানা, অর্থ আদায় করা হবে ? | সংশ্লিষ্ট ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান, সদস্য বা উহার ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে অনধিক ০১ (এক) লক্ষ টাকা এবং অব্যহত ব্যর্থতার ক্ষেত্রে, ব্যর্থতার প্রথম তারিখের পর হইতে প্রত্যেক দিনের জন্য আরও ০৫ (পাঁচ) হাজার টাকা করিয়া জরিমানা আরোপ করিয়া পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জরিমানার মোট অর্থ পরিশোধের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে। তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তি উল্লিখিত বিধান পুণরায় লংঘন করিলে বা প্রতিপালনে ব্যর্থ হইলে তাহার বিরুদ্ধে দ্বিগুণ জরিমানা আরোপিত হইবে। | ২৩৬ (২) | | |
| ৪১৬ | জরিমানা আদেশের দ্বারা সংক্ষুব্ধ কোন ব্যক্তি উহা পুনর্বিবেচনার জন্য সরকারের নিকট কত দিনের মধ্যে আবেদন করিতে পারবে? | উক্ত আদেশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে দরখাস্ত পেশ করিতে পারিবেন এবং উক্তরূপ দরখাস্ত প্রাপ্তির পর সরকার অনধিক ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে বিষয়টি পুনর্বিবেচনা করতঃ যথাযথ আদেশ প্রদান করিবে এবং বিষয়টি সংশ্লিষ্ট ব্যক্তি, কোম্পানী বা ট্রাস্টি বোর্ডকে অবহিত করিবে। | ২৩৬ (৪) | | |
| ৪১৭ | কোম্পানীর ব্যবসা পরিচালনার কাজে নিয়োজিত অংশগ্রহণ তহবিলের বিনিয়োগ এর শর্ত কি? | কোম্পানী ব্যাংক হারের আড়াই শতাংশ অধিক হারে অথবা উহার সাধারণ শেয়ারের জন্য ঘোষিত মুনাফার হারের পঁচাত্তর শতাংশ হারে, যাহা অধিক হইবে, সুদ প্রদান করিবে। | ২৪০ (৩) | | |
| ৪১৮ | অংশগ্রহণ তহবিল স্থাপিত হওয়ার পর কোন সময় কোম্পানী, বোনাস অথবা বোনাস শেয়ারের মাধ্যম ব্যতীত, অন্য কোনভাবে অতিরিক্ত মূলধন সংগ্রহ করে তবে উহার শর্তবলী কি? | অংশগ্রহণ তহবিলের কোন সম্পদ সাধারণ সম-মূলধনে পরিবর্তন করার প্রথম পছন্দ উক্ত তহবিলের থাকিবে; তবে ইহা, উক্তরূপ পরিবর্তনের পূর্বে, কোম্পানীর পরিশোধিত মূলধনের পঁচিশ শতাংশ অথবা অতিরিক্ত মূলধনের পঞ্চাশ শতাংশ, যাহা কম হইবে, এর অধিক হইবে না। | ২৪০ (৭) | | |
| ৪১৯ | অংশগ্রহণ তহবিলের ব্যবহারের শর্ত কি? | **২৪২। (১)** প্রত্যেক বৎসর অংশগ্রহণ তহবিলে জমাকৃত মোট অর্থের দুই-তৃতীয়াংশ সমান অনুপাতে সকল [সুবিধাভোগীগণের] মধ্যে নগদে বন্টন করা হইবে, এবং অবশিষ্ট এক-তৃতীয়াংশ ধারা ২৪০ (১১) এর বিধান (অংশগ্রহণ তহবিলের অর্থ সরকারী মালিকানাধীন বিনিয়োগযোগ্য কোন খাতে বিনিয়োগ করা যাইবে।) মোতাবেক বিনিয়োগ করা হইবে, যাহার মুনাফাও সকল [সুবিধাভোগীগণের] মধ্যে সমান অনুপাতে বন্টন করা হইবে। | ২৪২ (১) | | |
| ৪২০ | তহবিলের ব্যাবস্থাপনা ও কার্যালয় এর অর্থের উৎস কত হবে? | শতভাগ রপ্তানীমুখী শিল্প প্রতিষ্ঠানের প্রতিটি কার্যাদেশের বিপরীতে প্রাপ্ত মোট অর্থের ০.০৩% ; | | ২১৪ (১)(ক | |
| ৪২১ | কোন সুবিধাভোগী চাকুরী হইতে বরখাস্ত হইলে অংশগ্রহণ তহবিলের কি সুবিধা পাবেন? | তহবিলদ্বয়ে তাহার অংশ বাজেয়াপ্ত হইবে। | ২৪২ (৪) | | |
| ৪২২ | অংশগ্রহণ তহবিলের আয়কর ও তহবিল হকে শ্রমিকের আয়কর দিতে হবে কি না? | তহবিলদ্বয়ের আয়, উহার মূলধনী মুনাফাসহ, আয়কর হইতে রেহাই পাইবে। | ২৪৫ ২৪৬ | | |
| ৪২৩ | ট্রাস্টি বোর্ডের অবসহান কোথায় হবে? | **২৪৭। (১)** ট্রাস্টি বোর্ডের অফিস কোম্পানীর আংগিনায় স্থাপিত হইবে, এবং যে ক্ষেত্রে কোন কোম্পানীর একাধিক অফিস অথবা ইউনিট থাকে, সেক্ষেত্রে উহার রেজিস্ট্রিকৃত প্রধান কার্যালয়ে ইহা স্থাপিত হইবে। **(২)** ট্রাস্টি বোর্ডের হিসাব রক্ষণসহ সকল খরচ কোম্পানী বহন করিবে। | ২৪৭ | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৪২৪ | ভবিষ্য তহবিলের ট্রাস্টি বোর্ড কিভাবে গঠন করা হয়? | ট্রাস্টি বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মালিক এবং উহাতে নিযুক্ত শ্রমিকগণের সমান সংখ্যক প্রতিনিধি সমন্বয়ে গঠিত হইবে; এবং সরকার কর্তৃক মনোনীত কোন ব্যক্তি ইহার চেয়ারম্যান হইবেন।<br>মালিকের প্রতিনিধি মালিক কর্তৃক মনোনীত হইবেন এবং শ্রমিকগণের প্রতিনিধি যৌথ দর কষাকষি প্রতিনিধি বা অংশগ্রহণকারী কমিটিকর্তৃক বা মহাপরিচালকের তত্ত্বাবধানে শ্রমিকদের দ্বারা নির্বাচিত শ্রমিক প্রতিনিধি মনোনীত হইবেন | ২৬৪ (১-৭) | | |
| ৪২৫ | ভবিষ্য তহবিলের ট্রাস্টি বোর্ড এর সদস্য কয় বৎসরের মেয়াদে তাহাদের পদে অধিষ্ঠিত থাকিবেন? | ০২(দুই) বৎসরের মেয়াদে তাহাদের পদে অধিষ্ঠিত থাকিবেন। | ২৬৪ (৮) | | |
| ৪২৬ | ভবিষ্য তহবিলের জন্য শ্রমিকের চাকুরীকলি কয় বৎসর হতে হবে? | ০১(এক) বৎসর হতে হবে। | ২৬৪ (৯) | | |
| ৪২৭ | ভবিষ্য তহবিলের জন্য শ্রমিকের ও মালিকের চাদার হার কি পরিমানে হবে? | ভিন্নরূপ কোন চুক্তি না থাকিলে, শ্রমিক তাহার মাসিক মূল মজুরীর অন্যূন সাত শতাংশ এবং অনধিক আট শতাংশ হারে চাঁদা প্রদান করিবেন; এবং মালিকও ইহাতে উক্ত হারে চাঁদা প্রদান করিবেন। | ২৬৪ (৯) | | |
| ৪২৮ | কখন মালিক ভবিষ্য তহবিল গঠনের জন্য বাধ্য থাকিবে? | যদি উক্ত প্রতিষ্ঠানের অন্যূন তিন-চতুর্থাংশ শ্রমিক মালিকের নিকট লিখিত দরখাস্ত পেশ করিয়া উক্তরূপ ভবিষ্য তহবিল গঠনের দাবী করেন। | ২৬৪ (১০) | | |
| ৪২৯ | ভবিষ্য তহবিল গঠনের দাবী করার পর মালিক কত দিনের মধ্যে ভবিষ্য তহবিল গঠনের জন্য বাধ্য থাকিবে? | প্রতিষ্ঠানের মালিক দরখাস্ত প্রাপ্তির **০৬(ছয়)** মাসের মধ্যে উহা গঠনের জন্য ধারা ৩ এর অধীন প্রয়োজনীয় বিধি প্রণয়ন করিবেন। | ২৬৪ (১১) | | |
| ৪৩০ | ভবিষ্য তহবিল সংক্রান্ত ক্ষতিপূরন আদায় কিভাবে হবে? | মালিক ভবিষ্য তহবিলে চাঁদা প্রদানে অথবাপ্রদেয় কোন খরচ প্রদানে খেলাপ করেন সে ক্ষেত্রে ট্রাস্টি বোর্ড মালিকের নিকট হইতে উক্তরূপ বকেয়া অর্থের সহিত উহার অতিরিক্ত হিসাবে অনধিক পঁচিশ শতাংশ হারে ক্ষতিপূরণ আদায় করিতে পারিবে। | ২৬৯ | | |
| ৪৩১ | ভবিষৎ তহবিল এর জন্য কত জন শ্রমিক মালিকের নিকট লিখিত দরখাস্ত করিতে হইবে? | অনূন্য তিন-চতুর্থাংশ শ্রমিক I | | ২৩৭ (৫) | |
| ৪৩২ | ভবিষৎ তহবিলে সদস্য হইবার যোগ্যতা কি ? | চাকরিকাল ন্যূনতম এক বৎসর পূর্ণ হইয়াছে | | ২৩৮ (১) | |
| ৪৩৩ | সদস্যদের নির্বাচন এবং মেয়াদকাল ? | <u>**২৪০**</u><br>(১) প্রতিষ্ঠানের ভবিষৎ তহবিলের ট্রাস্টি বোর্ড অনধিক ৭ (সাত) সদস্য সমন্বয়ে গঠিত হইবে।<br>(২) মালিককের প্রতিনিধি মালিক কর্তৃক মনোনীত হইবেন : তবে শর্ত থাকে যে, এইরূপ মনোনয়নের ক্ষেত্রে হিসাব বিভাগের কর্মকর্তাকে অগ্রাধিকার প্রদান করিতে হইবে।<br>(৩) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের যৌথ দরকষাকষি প্রতিনিধি / ট্রেড ইউনিয়ন / কল্যান কর্মকর্তার তত্বাবধানে উক্ত প্রতিষ্ঠানের শ্রমিকদের মধ্য হইতে শ্রমিক প্রতিনিধি মনোনয়ন করিতে হইবে।<br>(৪) প্রতিষ্ঠানের মালিক এবং শ্রমিকদের সমান সংখ¨ক প্রতিনিধি ট্রাস্টি বোর্ডের সদস¨ হইবেন।<br>(৫) সদস¨গণ নিজেদের মধ্য হইতে ১ (এক) বৎসরের জন¨ পর্যায়ক্রমে একজনকে ভাইস চেয়ারম¨ান মনোনীত করিবেন।<br><u>**২৪১। (১)**</u><br>সকল সদসে¨র মেয়াদ হইবে তাহার মনোনয়নের তারিখ হইতে পরবর্তী ২ (দুই) বৎসর। | | ২৪০<br>২৪১ (১) | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৪৩৪ | তহবিলে জমা অর্থ পরিশোধের শর্ত গুলো কি ? | (১) দুই বৎসর পূর্ণ করিবার পর সমাপ্তি ঘটিলে তিনি তহবিলে তাহার নামে জমা সমুদয় অর্থ মালিকের অংশসহ প্রাপ্ত হইবেন। (৩) চাকরির মেয়াদ দুই বৎসরের কম হইলে অথবা তহবিলের সদস্য হিসাবে এক বৎসরের কম হইলে তিনি তহবিলে জমাকৃত অর্থ হইতে তাহার প্রদত্ত চাঁদার অংশই কেবল প্রাপ্ত হইবেন : তবে শর্ত থাকে যে, সদস্যের মৃত্যু জনিত কারণে বা প্রতিষ্ঠান বন্ধ হইয়া যাইবার কারণে তহবিলের সদস্য ভবিষৎ তহবিলে জমাকৃত উভয় অংশ প্রাপ্য হইবেন। | | ২৬৩ (১), (৩) | |
| ৪৩৫ | ভবিষৎ তহবিলে এর চাদার পরিমান কত ? | মূল মজুরির ৮% ভবিষৎ তহবিলে চাঁদা হিসাবে কর্তন করিতে হইবে এবং মালিক সম পরিমান চাঁদাসহ প্রত্যেক মাস শেষ হইবার ১৫ (পনের) দিনের মধ্যে ব্যাংক ড্রাফট বা চেকের মাধ্যমে তহবিলে জমা প্রদান করিবেন। | | ৩০৯ | |
| ৪৩৬ | কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে শিক্ষাধীনতার শর্ত কি? | কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হইবে যাহা দুই বৎসরের অধিককাল যাবৎ চালু আছে, যাহাতে সাধারণতঃ অন্যূন পঞ্চাশ জন শ্রমিক নিযুক্ত আছেন | ২৭৪ | | |
| ৪৩৭ | শিক্ষাধীন ব্যাক্তিদের মধ্যে প্রশিক্ষন দান কি হারে হবে? | শিক্ষাধীনতাযোগ্য পেশা বা বৃত্তিতে নিযুক্ত ব্যক্তিগণের মধ্য হইতে গড়ে অন্যূন এক-চতুর্থাংশ ব্যক্তিকে, অথবা যোগ্য কর্তৃপক্ষ কর্তৃক লিখিতভাবে অন্য কোন অনুপাত নির্ধারণ করিলে সেই অনুপাতে, শিক্ষাধীন হিসাবে প্রশিক্ষণ প্রদান করিবেন এবং শিক্ষাধীন হিসাবে প্রশিক্ষণ গ্রহণকারী মনোনয়নের ক্ষেত্রে প্রতিবন্ধী শ্রমিকদের অগ্রাধিকার প্রদান করিবেন | ২৭৭ (গ) | | |
| ৪৩৮ | কতক্ষন সময়ে শিক্ষাধীন ব্যাক্তিদের মধ্যে প্রশিক্ষন দান করা হবে? | মোট স্বাভাবিক কর্ম সময়ের অন্তত বিশ শতাংশ সময় শিক্ষাধীন শ্রমিক যাহাতে প্রয়োজনীয় তাত্ত্বিক শিক্ষা পান ইহা নিশ্চিত করিবেন। | ২৭৭ (ঙ) | | |
| ৪৩৯ | শিক্ষাধীন কর্মসূচীর ব্যায়ের আয়কর দিতে হবে কিনা? | না | ২৭৮ (১) | | |
| ৪৪০ | শিক্ষাধীন শ্রমিক তাহার শিক্ষাধীনতা চুক্তির শর্ত পালনে ব্যর্থ হলে অথবা স্বেচ্ছায় শিক্ষাধীনতা ছাড়িয়া যান অথবা প্রশিক্ষণের উন্নতি সম্পর্কে অব্যাহত বিরূপ রিপোর্ট পাওয়া যায় অথবা অবাধ্যতা প্রমানিত হন তবে কি ব্যাবস্থা নেওয়া হতে পরে? | তিনি বা, ক্ষেত্রমত, তাহার পিতা বা অভিভাবক বা জামিনদার এককভাবে অথবা যৌথভাবে বিধি দ্বারা নির্ধারিত ক্ষতিপূরণ প্রদান এবং শিক্ষাধীনতা কাজে তাহার জন্য ব্যয়িত অর্থ মালিককে ফেরত দিতে বাধ্য থাকিবেন। | ২৮০ (২) | | |
| ৪৪১ | শিক্ষাধীনতা ত্রিপক্ষীয় উপদেষ্টা কমিটি গঠন কিভাবে করিতে হইবে? | (১) ধারা ২৭৬ মোতাবেক একজন চেয়ারম্যান, একজন সদস্য সচিব এবং সরকার, মালিক ও শ্রমিকদের প্রত্যেকের পক্ষ হইতে প্রতিনিধিত্বশীল ৪ (চার) জন সদস্য এর সমন্বয়ে কমিটি গঠিত হইবে। (২) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব পদাধিকারবলে উক্ত কমিটির চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালন করিবেন। (৩) মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, কমিটির সদস্য সসচিব হিসাবে দায়িত্ব পালন করিবেন। (৪) উক্ত কমিটিতে সরকার পক্ষের সদস্য হিসাবে শ্রম, দক্ষতা উন্নয়ন, কারিগরি শিক্ষা এবং শিল্প বিভাগ হইতে একজন করিয়া প্রতিনিধি সরকার কর্তৃক মনোনীত হইবেন। (৫) মালিক ও শ্রমিকদের সর্বাধিক প্রতিনিধিত্বকারী সংস্থা বা সংগঠনসমূহের সহিত আলোচনাক্রমে কমিটিতে মালিক এবং শ্রমিক প্রতিনিধি সরকার কর্তৃক মনোনীত হইবেন । | | ৩২৯ | |
| ৪৪২ | কমিটির কার্যকাল? | কমিটির সদস্যদের কার্যকালের মেয়াদ হইবে সরকারি গেজেটে তাহাদের নিয়োগ সম্পর্কে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হইতে ২ (দুই) বৎসর। | | ৩৩০ | |
| ৪৪৩ | কত দিন পর পর কমিটির সভা অনুষ্ঠিত হইবে? | প্রতি ৬ (ছয়) মাস অন্তর বৎসরে অন্তত ২টি সভা অনুষ্ঠিত হইবে, তবে চেয়ারম্যান যতবার প্রয়োজন মনে করিবেন ততবার কমিটির সভা অনুষ্ঠিত হইতে পারিবে। | | ৩৩১ | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৪৪৪ | কোন বিশেষ পেশাকে শিক্ষাধীনতাযোগ্য পেশা হিসাবে ঘোষণা করার শর্ত কি? | (১) বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে যোগ্য কতৃপক্ষেরে নিকট তাহার প্রতিষ্ঠানে শিক্ষাধীনতাযোগ্য পেশাসমূহের একটি তালিকা, অনুরূপ পেশায় বিভিন্ন শ্রেণিতে নিয়োজিত ব্যক্তির সংখ্যা এবং ধারা ২৭৭ মোতাবেক তৎকর্তৃক নিয়োজিত শিক্ষাধীন ব্যক্তির সংখ্যা উল্লেখ করিয়া একটি তালিকা দাখিল করিবেন।<br>(২) কোন ব্যাক্তিকে নিয়োগ করা হইলে অনুরূপ নিয়োগের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা যোগ্য কতৃপক্ষকে অবহিত করিতে হইবে।<br>(৩) প্রত্যেক মালিক বিধি মোতাবেক সরকারের নির্দেশপত্র অনুযায়ী তাহার প্রতিষ্ঠানে একটি শিক্ষাধীনতা কার্যক্রম অনুমোদনের জন্য এবং যেখানে ইতিমধ্যেই অনুরূপ শিক্ষাধীনতা কার্যক্রম চলমান রহিয়াছে, নির্দেশপত্র মোতাবেক সেইটি পুনরীক্ষণ করিবেন এবং উপরি-উক্ত নির্দেশপত্র কার্যকর হইবার তারিখ হইতে ১ (এক) মাস সময়ের মধ্যে যোগ্য কতৃপক্ষের নিকট অনুমোদনের জন্য দাখিল করিবেন। | | ৩৩৪ | |
| ৪৪৫ | শিক্ষাধীনতা চুক্তির শর্তাবলী কি? | (১) শিক্ষাধীনতা পেশায় ভর্তির প্রারম্ভে মালিক ও শিক্ষাধীন ব্যক্তি ফরম-৭০ অনুযায়ী নিজেদের মধ্যে একটি চুক্তি সম্পাদন করিবেন।<br>৩) শিক্ষাধীন ব্যক্তির বয়স ১৮ (আঠার) বৎসরের কম হইলে তাহার মাতা বা পিতা বা আইনগত অভিভাবকও উহাতে স্বাক্ষর করিবেন।<br>(৪) চুক্তিপত্র ৩ (তিন) কপি হইবে, মালিক ও শিক্ষাধীন ব্যক্তি এক কপি করিয়া তাহাদের নিকট রাখিবে এবং অন্য একটি কপি রেকর্ডভুক্ত করিবার জন্য কতৃপক্ষের নিকট প্রেরণ করিতে হইবে। | | ৩৩৭ | ৭০ |
| ৪৪৬ | শিক্ষাধীনতার সমাপ্তির শর্তাবলী কি? | (৩) শিক্ষাধীনতাকালে প্রথম ৩ (তিন) মাসের মধ্যে যোগ্যতম মনে না হইলে মালিক ইচ্ছা করিলে ১ (এক) সপ্তাহের নোটিস প্রদান করিয়া এবং শিক্ষাধীন ব্যাক্তি ইচ্ছা করিলে মালিককে এক সপ্তাহের নোটিস প্রদান করিয়া (যোগ্য কতৃপক্ষকে অবহিত করণসহ), শিক্ষাধীনতার সমাপ্তি ঘটাইতে পারিবেন।<br>তবে শর্ত থাকে যে, কোন কারণে নির্ধারিত মেয়াদের পূর্বে শিক্ষাধীনতার সমাপ্তি ঘটিলে মালিক তাহাকে প্রত্যয়নপত্র প্রদান করিবেন। | | ৩৩৮ (৩) | |
| ৪৪৭ | শিক্ষাধীনতার পরীক্ষা ও প্রত্যায়ন এর পদ্ধতি ও শর্তাবলী কি কি ? | (১) প্রত্যেক মালিক তাহার প্রতিষ্ঠানের শিক্ষাধীনতা কার্যক্রম পরিচালনার জন্য ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি বোর্ড গঠন করিবেন, উক্ত বোর্ডে শিক্ষাধীনতা কার্যক্রম সংশ্লিষ্ট পেশায় দক্ষ ব্যক্তি অন্তর্ভুক্ত থাকিতে হইবে এবং উহা যোগ্য কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।<br>(৪) পরীক্ষার ফলাফল ফরম-৭১ অনুযায়ী লিপিবদ্ধ করিতে হইবে এবং যে সকল শিক্ষাধীন ব্যক্তি চূড়ান্ত পরীক্ষায় কৃতকার্য হইবে তাহাদিগকে ফরম-৭২ অনুযায়ী প্রত্যয়নপত্র প্রদান করিতে হইবে। | | ৩৩৯ | ৭১<br>৭২ |
| ৪৪৮ | শিক্ষাধীনতা ভাতা কিভাবে প্রদান করা হয়? | সংশ্লিষ্ট পেশার সমপর্যায়ের গ্রেডে নিযুক্ত দক্ষ শ্রমিকদের সাকূল্য মজুরির নিম্মোক্ত শতকরা হিসেবে;<br>(১)<br>(ক) শিক্ষাধীনতার প্রথম বৎসর: মজুরির শতকরা ৫০ (পঞ্চাশ) ভাগ<br>(খ) শিক্ষাধীনতার দ্বিতীয় বৎসর: মজুরির শতকরা ৬০ (ষাট) ভাগ<br>(গ) শিক্ষাধীনতার তৃতীয় বৎসর: মজুরির শতকরা ৭৫ (পঁচাত্তর) ভাগ<br>(২) শিক্ষাধীনতা প্রশিক্ষণের সময়সীমা ৩ (তিন) বৎসরের অধিক হইলে সমপর্যায়ের গ্রেডে নিযুক্ত দক্ষ শ্রমিকদের সাকূল্য মজুরির সমান | | ৩৪০ (১) (২) | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৪৪৯ | শিক্ষাধীনতা প্রশিক্ষণ বিভাগ থাকিবার শর্ত কি ? | (৩) ৫০ (পঞ্চাশ) বা ততোধিক শিক্ষাধীন ব্যক্তি রহিয়াছেন এমন প্রতিষ্ঠানে প্রয়োজনীয় কর্মচারীসহ একটি স্বয়ংসম্পূর্ণ শিক্ষাধীনতা প্রশিক্ষণ বিভাগ থাকিবে।<br>৪) ২০ (বিশ) জন বা উহার কম শিক্ষাধীন ব্যক্তি নিয়োজিত রহিয়াছেন এমন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠানের একজন কর্মকর্তাকে তাহার স্বাভাবিক দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব হিসেবে শিক্ষাধীনতা প্রশিক্ষক হিসেবে দায়িত্ব প্রদান করিতে হইবে। | | ৩৩৩ (৩), (৪) | |
| ৪৫০ | শিক্ষাধীনতা রেকর্ডপত্র সংরক্ষণ কিভাবে করতে হবে? | (১) প্রত্যেক মালিক প্রত্যেক শিক্ষাধীন ব্যক্তি সম্পর্কে ফরম-৭৩ অনুযায়ী একটি শিক্ষাধীনতা রেজিস্টার সংরক্ষণ করিবেন এবং শিক্ষাধীনতা বৎসর শুরুর সঙ্গে সঙ্গে উহার দুইটি কপি যোগ্য কতৃপক্ষের নিকট প্রেরণ করিবেন।<br>(২) যোগ্য কতৃপক্ষ প্রত্যয়নপূর্বক উক্ত ফরমের একটি কপি মালিকের নিকট ফেরত প্রদান করিবে এবং অন্য কপি রেকর্ড হিসাবে তাহার কার্যালয়ে সংরক্ষণ করিবে। | | ৩৪৮ (১) (২) | ৭৩ |
| ৪৫১ | মিথ্যা সক্ষমতা প্রত্যয়নপত্র ব্যবহারের দন্ড কি? | তিন মাস পর্যন্ত কারাদণ্ডে, অথবা এক হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ৩০২ | | |
| ৪৫২ | মিথ্যা বিবরণ, ইত্যাদির দণ্ড কি? | ছয় মাস পর্যন্ত কারাদণ্ডে, অথবা পাঁচ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ৩০৩ | | |
| ৪৫৩ | অন্যায়ভাবে তথ্য প্রকাশের দণ্ড কি? | নির্মাণ বা ব্যবসা সংক্রান্ত কোন গোপনীয় তথ্য অথবা কোন পরীক্ষার ফল প্রকাশ করিয়া দিলে, তিনি ছয় মাস পর্যন্ত কারাদণ্ডে, অথবা দুই হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ৩০৪ | | |
| ৪৫৪ | শ্রমিকগণের সাধারণ অপরাধের দণ্ড কি? | শ্রমিক তাহার উপর দায়িত্ব বা কর্তব্য আরোপকারী কোন আইন বা কোন বিধি, প্রবিধান বা স্কীম বা কোন বিধিসম্মত আদেশের কোন বিধান লঙ্ঘন করিলে, তিনি পাঁচশত টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন। | ৩০৫ | | |
| ৪৫৫ | বাধা প্রদানের দণ্ড কি? | **(১)** কোন কর্মকর্তাকে উহার অধীন তাহার দায়িত্ব বা কর্তব্য পালনে ইচ্ছাকৃতভাবে বাধা প্রদান করিলে তিনি ছয় মাস পর্যন্ত কারাদণ্ডে, অথবা পঁচিশ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয়দণ্ডে দণ্ডনীয় হইবেন।<br>**(২)** কোন রেজিস্টার, নথি বা দলিল-দস্তাবেজ হাজির করিতে ইচ্ছাকৃতভাবে অস্বীকার করিলে বা ব্যর্থ হইলে তিন মাস পর্যন্ত কারাদণ্ডে, অথবা দশ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ৩০৬ | | |
| ৪৫৬ | অন্যান্য অপরাধের বা অন্য কোন দণ্ডের বিধান না থাকিলে, দণ্ড কি? | তিনি পঁচিশ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে দণ্ডনীয় হইবেন। | ৩০৭ | | |
| ৪৫৭ | পূর্বে প্রাপ্ত দন্ড যদি পুনরায় প্রাপ্ত হন তবে কি দন্ড হইবে? | উহার জন্য নির্ধারিত দণ্ডের দ্বিগুণ দণ্ডে দণ্ডনীয় হইবেন।<br>তবে শর্ত থাকে যে, এই ধারার উদ্দেশ্যে দ্বিতীয় বারের অপরাধ প্রথম দণ্ডাজ্ঞার দুই বৎসর পর সংঘটিত হইলে, প্রথম দণ্ডাজ্ঞার বিষয় বিবেচনায় আনা হইবে না। | ৩০৮ | | |
| ৪৫৮ | বিপজ্জনক পরিণতিসম্পন্ন আইন লংঘনের দন্ড কি? | **(১) (ক)**প্রাণহানী হয় তাহা হইলে চার বৎসর পর্যন্ত কারাদণ্ডে, অথবা এক লক্ষ টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবে।<br>**(খ)** সাংঘাতিক শারীরিক জখম হয় তাহা হইলে, দুই বৎসর পর্যন্ত কারাদণ্ডে, অথবা দশ হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন।<br>**(গ)** কোন শ্রমিক বা অন্য কোন ব্যক্তি অন্যভাবে জখমপ্রাপ্ত হন বা তাহার অন্য কোন বিপদ সৃষ্টি হয় তাহা হইলে, ছয় মাস পর্যন্ত কারাদণ্ডে, অথবা দুই হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ৩০৯ | | |
| ৪৫৯ | পূর্বে প্রাপ্ত দন্ড যদি মালিক পুনরায় প্রাপ্ত হন তবে কি দন্ড হইবে? | ছয় মাস পর্যন্ত কারাদণ্ডে, অথবা দুই হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ডে, অথবা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন। | ৩১০ (৩) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৪৬০ | কত দিনের মধ্যে অভিযোগ শ্রম আদালতে জমা দিতে হবে? | কোন অপরাধ কোন শ্রম আদালত বিচারার্থ গ্রহণ করিবে না যদি না তৎসম্পর্কে অভিযোগ অপরাধ সংগঠিত হইবার ছয় মাসের মধ্যে পেশ করা হয়। | ৩১৪ | | |
| ৪৬১ | কোন প্রতিষ্ঠানে কাজ শুরু করিবার কতদিন পূর্বে প্রধান পরিদর্শককে নোটিশ প্রদান করতে হবে? | অন্যুন ১৫(পনর) দিন পূর্বে | ৩২৪ (১) | | |
| ৪৬২ | বৎসরে কত কর্মদিবসের কম মেয়াদে উহার উৎপাদন হলে পুনরায় উৎপাদন প্রক্রিয়া শুরু করিবার কত দিন পূর্বে একটি লিখিত নোটিশ প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিতে হবে? | বৎসরে **একশত আশি কর্মদিবসের** কম মেয়াদে উহার উৎপাদন প্রক্রিয়া চালু রাখে সে প্রতিষ্ঠানে পুনরায় উৎপাদন প্রক্রিয়া শুরু করিবার **অন্যুন ত্রিশ দিন পূর্বে** তৎসম্পর্কে উহার মালিক উপ-ধারা (১) এ উল্লিখিত তথ্য বা বিষয় সন্নিবেশ করিয়া একটি লিখিত নোটিশ প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন। | ৩২৪ (২) | | |
| ৪৬৩ | কাজ শুরু করিবার কত দিন পূর্বে প্রধান পরিদর্শককে নোটিশ প্রদান করিতে হইবে? | বৎসরে ১৮০ কর্মদিবসের কম মেয়াদে উহার উৎপাদন প্রক্রিয়া চালু রাখে সে প্রতিষ্ঠানে পুনরায় উৎপাদন প্রক্রিয়া শুরু করিবার অন্যুন ৩০(ত্রিশ) দিন পূর্বে তৎসম্পর্কে উহার মালিক উপ-ধারা (১) এ উল্লিখিত তথ্য বা বিষয় সন্নিবেশ করিয়া(ফরম-৭৫) একটি লিখিত নোটিশ প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন।<br>(২) মহাপরিদর্শক অথবা সংশ্লিষ্ট উপ-মহাপরিদর্শক যাচাইপূর্বক স্বাক্ষর করিয়া উহার এক কপি মালিকের নিকট প্রেরণ করিবেন। | ৩২৫ (২) | ৩৫২ (১) (২) | ৭৫ |
| ৪৬৪ | নূতন ব্যবস্থাপক নিযুক্ত হইলে মালিক উক্ত পরিবর্তন সম্বন্ধে কত দিনের মধ্যে প্রধান পরিদর্শকের নিকট একটি লিখিত নোটিশ প্রেরণ করিবেন? | তাহার কাজে যোগদানের তারিখ হইতে সাত দিনের মধ্যে | ৩২৫ (৩) | | |
| ৪৬৫ | কোন ক্ষেত্রে নূতন ব্যবস্থাপক নিযুক্ত হইলে কত দিনের মধ্যে মালিক উক্ত পরিবর্তন সম্বন্ধে প্রধান পরিদর্শকের নিকট একটি লিখিত নোটিশ প্রেরণ করিবেন? | তাহার কাজে যোগদানের তারিখ হইতে সাত দিনের মধ্যে। এরূপ কোন ব্যক্তি(ব্যবস্থাপক) পাওয়া না গেলে মালিক, এই আইনের উদ্দেশ্যে, উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপক বলিয়া গণ্য হইবেন। | ৩২৪ (৩) (৪) | | |
| ৪৬৬ | কোন কারখানা বা কোন শ্রেণীর কারখানা নির্মাণ, প্রতিষ্ঠা বা সম্প্রসারণের জন্য বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নকশাসহ কোন দরখাস্ত প্রধান পরিদর্শরে নিকট প্রেরণ করিলে তা কতদিনের মধ্যে নির্দেশনা প্রাপ্তি হইবে? | তিন মাসের মধ্যে প্রধান পরিদর্শক কোন আদেশ অথবা নির্দেশনা দরখাস্তকারীকে প্রদান না করিবেন। | ৩২৬ (২) | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৪৬৭ | কারখানার লে-আউট প্লান ও সম্প্রসারণের লে-আউট প্লান অনুমোদন এর জন্য কত নং ফরম অনুযায়ী দাখিল কারতে হইবে? | অনুমোদন গ্রহণের জন্য সকল দরখাস্ত ফরম-৭৬ অনুযায়ী দাখিল করিতে হইবে এবং উহার সহিত নিম্নবর্ণিত দলিল পত্রাদি সংযোজন করিতে হইবে, যথা:**(ক)** বিভিন্ন উৎপাদন প্রক্রিয়ার প্রবাহ (Production flow chart) সহ সংক্ষিপ্ত বিবরণীর একটি তালিকা; **(খ)** এমোনিয়া বা ব্লুপ্রিন্টে দুই প্রস্থ নকশা যাহাতে নিম্নবর্ণিত বিষয়াদি অন্তর্ভুক্ত থাকিবে, যথা: (অ) কারখানার অবস্থান এবং কারখানায় প্রবেশের রাস্তা ও ড্রেনসহচতুর্দিকের সীমানা (Site Plan); (আ) উচ্চতা (Elevetion) এবং বিভিন্ন ভবনের প্রয়োজনীয় অংকিত প্রস্থচ্ছেদ (Sectional Elevetion), স্বাভাবিক আলোর ব্যবস্থা, বায়ু চলাচলের ব্যবস্থা, মেশিনসমূহের অবস্থান, খাবার কক্ষ, টয়লেট, ইত্যাদির অবস্থান এবং অগ্নিকান্ডের সময় বহির্গমণপথ ও যাতায়াতের পথ পরিকল্পনা (Floor Plan); **(গ)** স্থানীয় কতৃপক্ষ বা যথাযথ কতৃপক্ষ কতৃক অনুমোদিত কারখানা ভবনের লে-আউট প্লান; এবং **(ঘ)** মহাপরিদর্শকের চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট অন্যান্য তথ্যাবলি। **(ঙ)** কারখানা ভবনটি পাকা বা একাধিক তলাবিশিষ্ট স্থাপনা হইলে সরকার কর্তৃক নির্দিষ্ট কর্তৃপক্ষের দ্বারা প্রণয়নকৃত ভবনের কাঠামোগত নক্সা (Stuctural Design), মাটির মানগত পরীক্ষা (Soil test) এবং স্বীকৃত প্রকৌশল সংস্থা কতৃক ভবন নির্মাণের সনদ দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে। | | ৩৫৩ (২) (৫) | |
| ৪৬৮ | তিন মাসের মধ্যে প্রধান পরিদর্শক কোন আদেশ অথবা নির্দেশনা দরখাস্তকারীকে প্রদান না করিলে কি করিতে হইবে? | তিন মাসের পরবর্তী ত্রিশ দিনের মধ্যে প্রতিকার চাহিয়া সরকারের নিকট আবেদন করিতে পারিবে। | ৩২৬ (২) | | |
| ৪৬৯ | প্রধান পরিদর্শক কোন কারখানা নির্মাণ বা সম্প্রসারের জন্য অথবা উহা রেজিস্ট্রিকরণ বা উহার জন্য লাইসেন্স প্রদারে অনুমতি প্রদান করিতে অস্বীকার করিলে কি করিতে হইবে? | উক্ত অস্বীকৃতির ষাট দিনের মধ্যে ইহার বিরুদ্ধে সরকারের নিকট আপীল করিতে পারিবেন। **ব্যাখ্যাঃ** কোন কারখানায় কেবল মাত্র কোন যন্ত্রপাতি বা কলকব্জা পরিবর্তন বা প্রতিস্থাপন অথবা, বিধি দ্বারা নির্ধারিত সীমার মধ্যে, কোন নূতন যন্ত্রপাতি বা কলকব্জা সংযোজন এই ধারার অধীন কারখানা সম্প্রসারণ বলিয়া গণ্য হইবে না। | ৩২৬ (৩) | | |
| ৪৭০ | কারখানা, শিল্প প্রতিষ্ঠান, বাণিজ্য প্রতিষ্ঠান, বাণিজিক ব্যাংক ও বীমা প্রতিষ্ঠান, দোকান এবং ঠিকাদার সংস্থা রেজিস্ট্রিকরণ ও লাইসেন্স মঞ্জুরির আবেদন কিভাবে করতে হয় ? | বিধি ৩৫৪ (ক) ও (খ) এ নির্ধারিত সময়সূচি ( ০৬ মাস অথবা ৩০ দিন পূর্বে) অনুসরণ করিয়া মহাপরিদর্শকের নিকট ফরম-৭৭ অনুযায়ী (দুই প্রস্থ) দরখাস্ত দাখিল করিতে হইবে। | | ৩৫৪ (ক) (খ) | ৭৭ |
| ৪৭১ | লাইসেন্স রেজিস্ট্রিকরণের ফি কি হারে নির্ধারন করা হইবে? | (১) মহাপরিদর্শক, তফসিল-৭ এ বর্ণিত নির্দিষ্ট হারে ফি প্রাপ্তি সাপেক্ষে ফরম-৭৮ অনুযায়ী লাইসেন্স মঞ্জুর করিবেন এবং তিনি ফরম-৭৯ অনুযায়ী রেজিস্টারে উল্লিখিত লাইসেন্স মঞ্জুরি এবং নবায়ন ও সংশোধন সংক্রান্ত তথ্যাদি সংরক্ষণ করিবেন। | | ৩৫৫ (১) | ৭৮ |
| ৪৭২ | লাইসেন্সের মেয়াদ এর মেয়াদকাল কতদিন হইবে? | প্রতিটি লাইসেন্সের মেয়াদ যে তারিখে মঞ্জুর করা হইবে সেই তারিখ হইতে ১ (এক) বৎসর পর্যন্ত বলবৎ থাকিবে। (সংশোদনী - ২০২২) | | ৩৫৫ (২) | |
| ৪৭৩ | লাইসেন্স নবায়নের এর জন্য শর্তাবলী কি? | নির্ধারিত নবায়ন ফি প্রদানপূর্বক মেয়াদ শেষ হইবার পূর্বে ফরম-৭৭ অনুযায়ী মহাপরিদর্শকের নিকট আবেদন করিতে হইবে । | | ৩৫৫ (৩) | ৭৭ |

Prepared by Md. Hasan Mahmud Tuhin Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৪৭৪ | লাইসেন্স নবায়নের ময়াদোত্তীর্ণ হইবার পরে জরিমানাস্বরুপ আবেদনের শর্ত কি? | ময়াদোত্তীর্ণ হইবার ;<br>(৬) পরবর্তী তিন মাসের মধ্যে লাইসেন্স নবায়নের জন¨ধার্য ফি'র শতকরা পঁচিশ টাকা (২৫%) হারে অতিরিক্ত ফি<br>(৭) তিন মাস অতিক্রান্ত হইলে (৫০%) হারে অতিরিক্ত<br>(৮) ছয় মাসের মধ্যে আবেদন করা না হইলে নবায়ন ফি'র সমপরিমাণ অতিরিক্ত ফি পরিশোধ করিতে হইবে<br>তবে শর্ত থাকে যে, নির্ধারিত তারিখের মধ্যে নবায়ন ফি'র অংশবিশেষ পরিশোধ করা হইয়া থাকিলে কেবল অনাদায়ী অংশের উপর অতিরিক্ত ফি প্রদেয় হইবে। | | ৩৫৫ (৬-৮) | |
| ৪৭৫ | কিভাবে লাইসেন্স সংশোধন করা যায় ? | কোন লাইসেন্স সংশোধনের প্রয়োজন হইলে তাহাকে সংশোধনের প্রকৃতি বর্ণনা করিয়া মহাপরিদর্শকের নিকট মূল লাইসেন্স জমা দানসহ ফরম-৭৭ অনুযায়ী অবেদনপত্র দাখিল করিতে হইবে। | | ৩৫৬ (২) | ৭৭ |
| ৪৭৬ | লাইসেন্স সংশোধনীর জন্য কত টাকা ফি প্রদান করিতে হইবে? | দোকান ব¨তীত সকল ক্ষেত্রে ৫০০ (পাঁচশত) টাকা এবং দোকানের ক্ষেত্রে ২০০/- (দুইশত) টাকা ফি প্রদান করিতে হইবে এবং উহার অতিরিক্ত উক্ত কারখানা বা প্রতিষ্ঠানের লাইসেন্সের শ্রেণি বৃদ্ধির জন¨শ্রমিক সংখ¨া অনুযায়ী তফসিল-৭ এ বর্ণিত ফিও (প্রথম লাইসেন্স নেওয়ার সময় প্রদত্ত ফি বাদে) পরিশোধ করিতে হইবে। | | ৩৫৬ (৩) | |
| ৪৭৭ | মালিকানা পরিবর্তনের ক্ষেত্রে লাইসেন্স সংশোধনীর শর্ত কি? | পূর্বের মালিকের অধীন কর্মরত শ্রমিকদের পাওনা ও সুবিধাদি পরিশোধের তথ্যাবলি আবেদনের সহিত যুক্ত করিতে হইবে। | | ৩৫৬ (৪) | |
| ৪৭৮ | লাইসেন্স যদি হারাইয়া যায় অথবা দুর্ঘটনাবশত নষ্ট হয় তাহা হইলে মহাপরিদর্শকের নিকট কিভাবে আবেদনপত্র দাখিল করিতে হইবে? | (১) ফরম-৭৭ অনুযায়ী আবেদনপত্র দাখিল করিতে হইবে<br>(২) দোকান ব¨তীত সকল ক্ষেত্রে ১,০০০ (এক হাজার) টাকা এবং দোকানের ক্ষেত্রে ৫০০ (পাঁচশত) টাকা ফি প্রদান সাপেক্ষে উহার একটি প্রতিলিপি প্রদান করা হইবে।<br>(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদন করিবার ক্ষেত্রে পত্রিকায় বিজ্ঞাপন প্রদান অথবা সংশ্লিষ্ট থানায় জিডি করিতে হইবে এবং উহার সত¨ায়িত কপি দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে। | | ৩৫৭ | ৭৭ |
| ৪৭৯ | বাতিল বা স্থগিতকৃত লাইসেন্স পুনর্বহাল করিতে চাহিলে শর্ত কি? | যে আর্থিক বৎসরে বাতিল বা স্থগিত করা হইয়াছিল সেই বৎসর হইতে প্রতি আর্থিক বৎসরের জন্য দ্বিগুন হারে নবায়ন ফি প্রদান করিতে হইবে। | | ৩৫৮ (৩) | |
| ৪৮০ | নকশা অনুমোদন , লাইসেন্স প্রদান ও নবায়ন ইত্যাদি কার্যক্রমের ক্ষেত্রে ইন্টারনেট ব্যাবহার করিয়া অনলাইন কার্যক্রম চালানোর জন্য শর্তাবলী কি ? | এই বিধিমালা মোতাবেক সকল দরখাস্তের সহিত "১- ৩১৪৩-০০০০-১৮৫৪„ খাতে অথবা সরকার কর্তৃক নির্ধারিত কোডে' জমা দেওয়া ফি সংক্রান্ত ট্রেজারি চালানের মূল কপি সংযুক্ত থাকিতে হইবে অথবা ইলেকট্রনিক পে এর মাধ্যমেও ফি প্রদান করা যাইবে। | | ৩৬০ | |
| ৪৮১ | আইন এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট রেকর্ডপত্র পরবর্তী কত বৎসর পর্যন্ত সংরক্ষন করিবেন? | আইন এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট রেকর্ডপত্র পরবর্তী (৩) বৎসর এবং শ্রমিক কল্যাণ ফাউন্ডেশনে জমাকৃত শ্রমিকের অপরিশোধিত অর্থের দাবি সংক্রান্ত রেকর্ডপত্র শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন কর্তৃক ১০ (দশ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করিতে হইবে | | ৩৬৩ | |
| ৪৮২ | শ্রম পরিদর্শকের কোন আদেশের বিরুদ্ধে কত দিনের মধ্যে আপীল করতে হবে? | আদেশ প্রাপ্তির **ত্রিশ দিনের** মধ্যে ইহার বিরুদ্ধে আপীল কর্তৃপক্ষের নিকট আপীল করিতে পারিবেন, এবং উক্ত আপীল কর্তৃপক্ষ, এতদউশ্যে প্রণীত বিধি সাপেক্ষে, উক্ত আদেশ বহাল রাখিতে, অথবা পরিবর্তন বা বাতিল করিতে পারিবে। | ৩২৭ (১) | | |
| ৪৮৩ | সুযোগ-সুবিধা প্রদানের জন্য কোন অর্থ আদায় করা যাইবে ? | কেন্টিনে সরবরাহকৃত খাদ্যের মূল্য ব্যতীত মালিক কর্তৃক কোন সুযোগ-সুবিধা বা সরঞ্জাম বা যন্ত্রপাতি সরবরাহের জন্য বা ব্যবস্থা করার জন্য কোন ফিস বা অর্থ আদায় করিতে পারিবেন না। | ৩৩০ | | |
| ৪৮৪ | কতিপয় বিশেষ অবস্থায় বাড়ীঘর বা আঙ্গিনার মালিকের দায়িত্ব কি কি? | ধারা ৩৩৮ এ বিস্তারিত | ৩৩৮ | | |


Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৪৮৫ | কোন প্রতিষ্ঠানে অন্যুন কত জন শ্রমিক থাকলে আইনের উপর প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে। | (৩)অন্যুন পঞ্চাশ জন শ্রমিক নিয়োগকারী কোন প্রতিষ্ঠানে।<br>(৪) উক্তরূপ প্রশিক্ষণ কোর্সের ব্যয় সরকার কর্তৃক নির্ধারিত অনুপাতে সরকার এবং মালিক বহন করিবেন।<br>(৭) অনধিক সাত দিনের মেয়াদে ট্রেড ইউনিয়নের কর্মকর্তাগণের জন্য এই আইনের উপর প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা করিতে পারিবে | ৩৪৮ (৩) (৪) (৭) | | |
| ৪৮৬ | যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ে অভিযোগ কমিটি কিভাবে গঠন করিতে হইবে ? | *প্রতিটি কর্মক্ষেত্রে অন্যূন ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট যৌন হয়রানি প্রতিরোধ বিষয়ে অভিযোগ কমিটি গঠন করিতে হইবে যাহার প্রধান হইবেন একজন নারী এবং কমিটিতে প্রতিষ্ঠানের মধ্য হইতে সংখ্যাগরিষ্ঠ নারী প্রতিনিধি থাকিবেন।<br>* প্রতিষ্ঠান কর্তৃক যৌন হয়রানি প্রতিরোধে গাইডলাইন তৈরি করিতে হইবে এবং প্রতিষ্ঠানের সকল কর্মীদের উহা প্রদান করিতে হইবে এবং প্রতিটি কর্মক্ষেত্রে ১ (এক) টি করিয়া অভিযোগ বাক্স রাখিতে হইবে ও প্রাপ্ত অভিযোগসমূহ রেজিস্টারে লিপিবদ্ধ করিয়া নিষ্পত্তি করিতে হইবে। | | ৩৬১ (ক) এর (২) (৩) | |
| ৪৮৭ | ধারা ১৩৯ অনুযায়ী বোর্ডের নিকট প্রেরিত কোন বিষয় প্রেরণের কত মাসের মধ্যে বোর্ড নিষ্পত্তি করিবে? | **(ধারা ১৩৯ - শ্রমিকের জন্য নিম্নতম মজুরী হারের সুপারিশ)**<br>প্রেরণের ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ড নিষ্পত্তি করিবে:<br>তবে শর্ত থাকে যে, বোর্ডের কোন সুপারিশ কেবলমাত্র বিলম্বে প্রদানের কারণে বাতিল হইবে না | | ১২২ (৫) | |
| ৪৮৮ | মজুরি বোর্ডের কার্যকালের মেয়াদ কত বৎসর হইবে? | বোর্ডের সদস্যদের কার্যকালের মেয়াদ তাহাদের নিযুক্তি সরকারি গেজেটে প্রকাশিত হইবার তারিখ হইতে ৩ (তিন) বৎসর হইবে তবে সরকারি গেজেটে প্রকাশিত না হওয়া পর্যন্ত সদস্যগণ তাহাদের পদে বহাল থাকিবেন। | | ১২৩ (১) | |
| ৪৮৯ | সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা কোন সদস্যের আসন শূন্য কখন ঘোষণা করিতে পারিবে? | চেয়ারম্যানের নিকট হইতে ছুটি গ্রহণ না করিয়া পরপর তিনটি সভায় অনুপস্থিত থাকিলে | | ১২৩ (৫) | |
| ৪৯০ | মজুরি বোর্ডের সদস্যের বাংলাদেশ ত্যাগ এর শর্ত কি ? | তবে তিনি তাহার দেশত্যাগের এবং প্রত্যাবর্তনের সম্ভাব্য তারিখ চেয়ারম্যানকে অবহিত করিবেন।<br>(২) কোন সদস্য যদি ৬ (ছয়) মাসের অধিক সময় হলে চেয়ারম্যান সরকারকে একজন সাময়িক বিকল্প সদস্য নিয়োগের উদ্দেশ্যে বিষয়টি অবগত করিবেন।<br>(৩) যেক্ষেত্রে চেয়ারম্যান দীর্ঘ ছুটিতে যান বা প্রেষণে বাংলাদেশের বাহিরে প্রেরিত হন সেই ক্ষেত্রে নিরপেক্ষ সদস্যকে সাময়িকভাবে চেয়ারম্যান হিসাবে দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করিতে পারিবে। | | ১২৪ | |
| ৪৯১ | বোর্ড নিম্নতম মজুরির হারের সুপারিশ সরকারি গেজেটে কিভাবে প্রকাশ করিবে এবং কোন আপত্তি কত দিনের মধ্যে অবহিত করিতে হইবে? | গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে প্রকাশ করিবে যেন সংশ্লিষ্ট যে কোন পক্ষ উক্ত প্রজ্ঞাপন প্রকাশের ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে তাহাদের আপত্তি বা সুপারিশ উপাত্তসহ লিখিতভাবে অবহিত করিবার সুযোগ পান। | | ১২৮ | |
| ৪৯২ | ক্ষতিপূরণের অর্থ শ্রম আদালতে জমা প্রদান পদ্ধতি কি? | জখমের কারণে মৃত্যুর ফলে ধারা ১৫৫ (১) মোতাবেক ক্ষতিপূরণের অর্থ জমা প্রদানের ক্ষেত্রে মালিক শ্রম আদালতের নিকট ফরম-৪৫অনুযায়ী একটি বিবরণী দাখিল করিবে এবং অনান্য ক্ষতিপূরণ জমা প্রদানের ক্ষেত্রে ফরম-৪৬ অনুযায়ী বিবরণী দাখিল করিতে হইবে এবং উভয় ক্ষেত্রে আদালত জমা প্রদানকারীকে ফরম-৪৭অনুযায়ী প্রাপ্তি রসিদ প্রদান করিবে। | | ১৩৭ (১) | ৪৫ ৪৬ ৪৭ |
| ৪৯৩ | মালিক দুর্ঘটনায় জখমপ্রাপ্ত কোন শ্রমিককে বা মৃত শ্রমিকের ক্ষতিপূরণের অর্থ আইন অনুযায়ী প্রদান না করিলে শ্রমিক নিজে অথবা মৃত শ্রমিকের যে কোন পোষ্য কিভাবে শ্রম আদালতে দরখাস্ত করিতে পারিবেন ? | অনুরূপ দরখাস্ত প্রযোজ্য ক্ষেত্রে ফরম-৪৮, ৪৮(ক) বা ৪৮(খ) অনুযায়ী করিতে হইবে | | ১৩৯ (১) | ৪৮ ৪৮(ক) ৪৮(খ) |



Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

# শ্রম আইনের রেফারেন্স সহ কিছু গুরুত্বপূর্ন প্রশ্ন ও উত্তর

Website (Professional) : https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৪৯৪ | লোকসংখ্যা অনুসারে কারখানাকে কয়টি ক্যাটাগরীতে ভাগ করা হয়েছে? | **Factory Category:**<br>A= 05-30 , B= 31-50 , C= 51-100 , D= 101-200 , E= 201-300 , F= 301-500, G= 501-750, H= 751-1000, I= 1001-2000, J= 2001-3000 , K= 3001-5000 , L= 5001-Above | প্রজ্ঞাপন (১১ | | |
| ৪৯৫ | আই এল ও ধারা | ***ILO Section:**<br>1. Legal Obligation – 110<br>2. Freedom & Association – 11, 87, 98, 135, 154<br>3. Discrimination – 100, 111, 143, 158, 159, 169,183.<br>4. Damarage- 12, 26, 101, 102,131<br>5. Working Hour- 1, 14, 116<br>6. Health & Safety- 155, 184, 164, 190<br>7. Child Labor- 10, 79, 138, 142, 182, 146<br>8. Force Labor- 29, 105. | আই. এল. ও | | |
| ৪৯৬ | কমপ্লায়েন্স-এর দৃষ্টিকোণ থেকে ৫টি Zero Tolarance-এর নাম বলুন | ক) জোরপূর্বক শ্রম (Force Labour); খ) শিশু শ্রম (Child Labour); গ) হয়রানি এবং নিগ্রহ (Harassment or Abuse); ঘ) বর্ণ বৈষম্য (Gender Discrimination); ঙ) সর্বনিম্ন মজুরী (Minimum Wages). | ফায়ার নিরাপত্তা | | |
| ৪৯৭ | দাহ্যবস্তুর উপর ভিত্তি করে আগুন প্রধানত ৪টি শ্রেণীতে বিভক্ত করা হয় ? | দাহ্যবস্তুর উপর ভিত্তি করে আগুন প্রধানত ৪টি শ্রেণীতে বিভক্ত করা হয়, যেমনঃ<br>**<u>০১) সলিড ফায়ার (Solid Fire) বা কঠিন পদার্থের আগুনঃ</u>** যার সংক্ষিপ্ত নাম "A" Class Fire বা "ক" শ্রেণীর আগুন। যেমনঃ কাঠ, বাঁশ, কাপড়, কয়লা, প্লাস্টিক, কাগজ ইত্যাদি। এ আগুন নেভাতে প্রয়োজন Water, DCP.<br>**<u>০২) লিকুইড ফায়ার (Liquid Fire) বা তরল পদার্থের আগুনঃ</u>** যার সংক্ষিপ্ত নাম "B„ Class Fire বা "খ" শ্রেণীর আগুন। যেমনঃ থিনার, অকটেন, ডিজেল, পেট্রোল, কেরোসিন, তারপিন, রং, বার্নিশ ইত্যাদি। এ আগুন নেভাতে প্রয়োজন Foam, $CO_2$, DCP.<br>**<u>০৩) গ্যাস ফায়ার (Gas Fire) বা গ্যাসীয় পদার্থের আগুনঃ</u>** যার সংক্ষিপ্ত নাম "C" Class Fire বা "গ" শ্রেণীর আগুন। যেমনঃ মিথেন, ইথেন, প্রোপেন, হাইড্রোজেন, এ্যাসিটিলিন ইত্যাদি গ্যাসের আগুন। বর্তমানে বিদ্যুতের আগুনকেও "C" Class Fire বা "গ" শ্রেণীর আগুনের অন্তর্ভুক্ত করা হয়। এ আগুন নেভাতে প্রয়োজন $CO_2$, DCP.<br>**<u>০৪) মেটাল ফায়ার (Metal Fire) বা ধাতব পদার্থের আগুনঃ</u>** যার সংক্ষিপ্ত নাম "D„ Class Fire বা "ঘ" শ্রেণীর আগুন। যেমনঃ এ্যালুমিনিয়াম, তামা, ম্যাগনেসিয়াম, জিরকোনিয়াম, ইউরোনিয়াম, | ফায়ার নিরাপত্তা | | |
| ৪৯৮ | অগ্নিনির্বাপক যন্ত্রপাতির ওজন ও দুরত্ব সাধারনত কতটুকু হয়? | **<u>$CO_2$ ঃ</u>** ওজন ৩,৫,৬, ১০ কেজি, (২৫-৩০ট্রলি) দুরত্বঃ ১০-১২ফুট।<br>**<u>ABC বা DCP ঃ</u>** ওজন ১,২,৩,৫,৬, ১০ কেজি, (২৫-৩০ট্রলি) দুরত্বঃ ১০-১২ফুট। যেকোন আগুন নেভানোর জন্য। সলিড, লিকুইয়ড, গ্যাস ও মেটাল।<br>**<u>Auto Dry Powder ঃ</u>** ওজন ৬ কেজি, দুরত্বঃ ১০-১২ফুট। (৬৮০ সেলসিয়াস তাপমাত্রায় স্বয়ংক্রিয়ভাবে সঞ্চালন হবে)।<br>**<u>Foam ঃ</u>** ওজন ৫ কেজি, দুরত্বঃ ২৫-৩০ফুট। | ফায়ার নিরাপত্তা | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

| ক্রমিক নং | প্রশ্ন | উত্তর | ধারা | বিধি | ফরম |
|---|---|---|---|---|---|
| ৪৯৯ | স্মক ডিটেক্টর-এর প্রকারভেদ | ০১) Optical Smoke Detector (অপটিক্যাল স্মক ডিটেক্টর);<br>০২) Ionization Smoke Detector (আয়োনাইজেশন স্মক ডিটেক্টর); এবং<br>০৩) Chemically Sensitive Smoke Detector (কেমিক্যালি সেনসেটিভ স্মক ডিটেক্টর)। | ফায়ার নিরাপত্তা | | |
| ৫০০ | বন্ডেড ওয়্যার হাউজ বা গুদাম ঘরে কিভাবে ও কতটুক উচ্চতায় কার্টুন ও মালামাল রাখতে হবে? | ৬ ফুট উচ্চতায় মালামাল রাখার নিয়ম। তবে ওয়্যার হাউজ বা গুদামে কাপড়সমূহ নির্দিষ্ট নিয়মে সংরক্ষণ করতে হবে, যেমন ছাদ থেকে কমপক্ষে ১ ফুট নিচে, দেয়াল থেকে ১ ফুট দুরে, ফ্লোরে কমপক্ষে ৬˝ উঁচু পাটাতন তৈরি করে এবং প্রতিটি সারির মাঝখানে কমপক্ষে ৩ ফুট ফাঁকা রেখে কাপড় সংরক্ষণ করতে হবে। বন্ডেড ওয়্যার হাউজের মধ্যে কোন ক্রমেই বৈদ্যুতিক লাইনের সংযোগ রাখা যাবে না। প্রয়োজনে চার্জার, আই.পি.এস ইত্যাদি ব্যবহার করা যেতে পারে। | ফায়ার নিরাপত্তা | | |
| ৫০১ | ট্রান্সফরমার বা ওভারহেড কারখানা থেকে কতটুকু দুরত্ব বজায় রেখে স্থাপন করতে হবে? | ট্রান্সফরমার বা ওভারহেড ক্যাবল কারখানা ভবন থেকে ২০ গজ (প্রায় ১৬.৭২ মিটার বা ১৭ মিটার) দুরে স্থাপন করতে হবে। | ফায়ার নিরাপত্তা | | |
| ৫০২ | FCCA কি? | Factory Capability, Capacity & Assessment. | | | |
| ৫০৩ | একটি কারখানায় কি কি ধরনের লাইসেন্স থাকা প্রয়োজন? | ? Factory licenses.<br>? BGMEA/BKMEA Membership Certificate.<br>? Group Insurance.<br>? Import Registration Certificate (IRC).<br>? Export Registration Certificate (ERC).<br>? VAT Certificate.<br>? Tax identification No (TIN) recent year.<br>? Bond licenses.<br>? Export Promotion Bureau (EPB) Certificates. ?<br>Incorporation Certificates.<br>? Fire licenses.<br>? Trade licenses.<br>? Boiler licenses.<br>? Boiler operator operating licenses.<br>? Drinking water test report.<br>? Build Construction approval.<br>? Generator license.<br>? Generator operator operating license.<br>? Environmental Certificates.<br>? Appointment letter: a) Doctor's b) Nurse.<br>? Electrician's licenses. | কম্প্লায়েন্স | | |
| ৫০৪ | পোশাক শিল্প কারখানায় সাধারণতঃ কি কি ধরনের অডিট হয়ে থাকে? | পোশাক শিল্প কারখানায় সাধারণতঃ ৩ ধরনের অডিট হয়ে থাকে। যথাঃ<br>ক) সোস্যাল অডিট (Socical Audit),<br>খ) টেকনিক্যাল অডিট (FCCA Aduit)/Quality Control এবং<br>গ) নিরাপত্তামূলক অডিট (C-TPAT Audit)। | অডিট | | |

Prepared by Md. Hasan Mahmud Tuhin
Website: https://hasanhmt.com

Prepared by
Md. Hasan Mahmud Tuhin
Masters : Mathematics ,PGDHRM, PGD on Compliance
Cell: 01828080026 , Email: hmahmud.information@gmail.com

Website: https://hasanhmt.com
Last Updated January 2023